অধোদন্তে সরস্বত্যামণৌ সঙ্কর্ষণেঽপি চ।

১৯ অনুগ্রহেশ্বরে চোল্কামুখ্যামৌকার ঈরিতঃ ॥ ১৭

দীর্ঘাদি-জাহ্বিকা, মেধা, শ্রীধর, দক্ষগণ্ড, স্থাণু ও গণ্ড শব্দে ৯কার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ১২

তন্ত্রশাস্ত্রের নির্দেশ অনুসারে মুণ্ডোদরা, হর্ষা, হৃষীকেশ, হর ও বামগণ্ড শব্দে ঃকার গৃহীত হয়। ঋকার, ৠকার, ৯কার ও ৡকার—এই চারিটি ক্লীববর্ণ ॥ ১৩

পদ্মনাভ, ভগ, ওষ্ঠ, বিজয়া, শ্রদ্ধা, ঊর্দ্ধ, ঊর্দ্ধমুখা, চিণ্টীশ ও আজ্ঞাশক্তি শব্দে একার গৃহীত হয় ॥ ১৪

অধর, বাগ্‌ভব, বাক্, লজ্জা, ভৌতিকেশ্বর, দামোদর, বিহিতমুখী ও অষ্টমস্বর শব্দে ঐকার বুঝায় ॥ ১৫

বাসুদেব, লক্ষ্মী, সত্য, দন্ত, ঊর্দ্ধদন্ত, সদ্যোজাত, জ্বালামুখী ও ধ্বনি শব্দে ওকার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ১৬

অধোদন্ত, সরস্বতী, অণু, সঙ্কর্ষণ, অনুগ্রহেশ্বর ও উল্কামুখী শব্দে ঔকার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ১৭

১ ং ॥ ১৬ ॥

বন্ধে শব্দে নবে কামেঽহ্নী বেপ্তীত্যাঞ্চ কেবলে ॥
প্রত্যুম্নে চোর্দ্ধ্ববদনে মণ্ডলে দণ্ডি-দণ্ডয়োঃ ॥ ১৮

৪ সুশ্রীমুখ্যাং বিয়দ্বিন্দ্বোরনুস্বারশ্চ মস্তকে ॥

ঃ ॥ ১৪ ॥

নাদবিন্দৌ চ কুত্রাপি নানা দোর্দণ্ড-চন্দ্রকঃ ॥ ১৯
মনিবন্ধে বিসর্গে চ দ্বিবিন্দৌ চ মুখে ধ্রুতে ॥

৮ গোবর্দ্ধনে মহাসেনে বিদ্যামুখ্যাং স্বরান্তগঃ ॥ ২০

ক ॥ ১১ ॥

বিজয়ায়াং রবৌ বাহৌ ব্রহ্ম-মাদন-চক্রিষু ॥
ক্রোধীশে সর্বসিদ্ধৌ চ কস্তু কাল্যাং মুখে সুরে ॥ ২১

১২ খ ॥ ৮ ॥

সর্বসিদ্ধৌ সরস্বত্যাং চণ্ডীশে কূর্পরে তথা ॥
চণ্ড্যাং চণ্ডে চ দুর্গায়াং খকারো গদিনীত্যপি ॥ ২২

গ ॥ ৬ ॥

১৬ মণিবন্ধে প্রভায়াঞ্চ গৌর্য্যাং পঞ্চান্তকে তথা ॥
শার্ঙ্গিণি চ গকারস্তু গণেশেঽপি চ কীর্ত্তিতঃ ॥ ২৩

বন্ধ, শব্দ, নব, কাম, অহন্, বেপ্তি, কেবল, প্রদ্যুম্ন, উর্দ্ধ্ববদন, মণ্ডল, দণ্ডী, দণ্ড, সুশ্রীমুখী, বিয়ৎ, বিন্দু ও মস্তক শব্দে অনুস্বার গৃহীত হয় ॥ ১৮

নাদ, বিন্দু, কোন স্থলে নানা অর্থাৎ মিলিত নাদবিন্দু, দোর্দণ্ড, চন্দ্র, মণিবন্ধ, বিসর্গ, দ্বিবিন্দু, মুখ, ধ্রুত গোবর্দ্ধন, মহাসেন, বিদ্যামুখী ও স্বরান্তগ শব্দে বিসর্গ গৃহীত হয় ॥ ১৯-২০

বিজয়া, রবি, বাহু, ব্রহ্ম, মাদন, চক্রী, ক্রোধীশ, সর্বসিদ্ধি, কালী, মুখ ও সুর শব্দে ককার বুঝাইয়া থাকে ॥ ২১

সর্বসিদ্ধি, সরস্বতী, চণ্ডীশ, কূর্পর, চণ্ডী, চণ্ড, দুর্গা ও গদিনী শব্দে খকার বুঝাইয়া থাকে ॥ ২২

মণিবন্ধ, প্রভা, গৌরী, পঞ্চান্তক, শার্ঙ্গী ও গণেশ শব্দে গকার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ২৩

১ ঘ ॥ ৭ ॥

ত্রৈলোক্য-বিদ্যাসত্যায়ামঙ্গুলৌ চ শিবোত্তমে ॥
ঘণ্টায়াং খড়্গিনি খ্যাতো ঘকারো ঘর্ঘরধ্বনৌ ॥ ২৪

৪ ঙ ॥ ৬ ॥

একরুদ্রে চ চণ্ডায়ামঙ্গুল্যগ্রে চ শঙ্খিনি ॥
মন্ত্রশক্ত্যাং ঙকারস্তু জ্ঞেয়স্তন্ত্রানুসারতঃ '। ২৫

চ ॥ ৫ ।

৮ বামবাহৌ তথা কূর্মে শক্ত্যাং বাণ্যাং তথৈব চ ॥
চকারো হনিনি খ্যাতোঽন্যস্মিন্ জ্ঞেয়ঃ প্রয়োগতঃ ।। ২৬

ছ ॥ ৭ ॥

ভূতাদি-মাতৃকায়াঞ্চ বামকূর্পরকে তথা ।
১২ একনেত্রে বিনাশিন্যাং ছকারো মুষলি-ধ্বনৌ ॥ ২৭

জ ॥ ৬ ॥

বিজয়ায়াং বামবাহৌ মণিবন্ধে চ বেধসি ।
জকারঃ কীর্ত্তিতো নূনং লম্বোদর্য্যাঞ্চ শূলিনি ॥ ২৮

১৬ ঝ ॥ ৫ ॥

...... বজ্রেশে চ দ্রাবিণ্যাঞ্চৈব পাশিনি
বিজয়ায়াং সকারস্তু কীর্ত্তিতস্তন্ত্রশাসনাৎ ॥ ২৯

ত্রৈলোক্যবিদ্যা, সত্যা, অঙ্গুলি, শিবোত্তম, ঘণ্টা, খড়্গিনী ও ঘর্ঘরধ্বনি শব্দে ঘকার গৃহীত হয় ॥ ২৪

তন্ত্রের উপদেশ অনুসারে একরুদ্র, চণ্ডা, অঙ্গুল্যগ্র, শঙ্খী ও মন্ত্রশক্তি শব্দে ঙকার বুঝায় ॥ ২৫

বামবাহু, কূর্ম, শক্তি, বাণী ও হননী শব্দে চকার বুঝায়। তান্ত্রিক প্রয়োগ অনুসারে অন্য শব্দেও চকার বুঝায় ॥ ২৬

ভূতাদি, মাতৃকা, বামকূর্পর, একনেত্র, বিনাশিনী, মুষলী ও ধ্বনি শব্দে ছকার বুঝাইয়া থাকে ॥ ২৭

বিজয়া, বামবাহু, মণিবন্ধ, বেধাঃ, লম্বোদর ও শূলী শব্দে জকার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ২৮

তন্ত্রের নির্দেশ অনুসারে......অজেশ, দ্রাবিণী, পাশী, বিজয়া শব্দে ঝকার গৃহীত হয় ॥ ২৯

১ ঞ ॥ ৬ ॥

সর্বেন্দু-শিনি বেলায়াং নাগর্য্যাং বামহস্ততঃ।

অঙ্গুল্যগ্রে চকারস্তু কীর্ত্তিতো মুনিপুঙ্গবৈঃ ॥ ৩০

৪ ট ॥ ৫ ॥

মুকুন্দে বিনদায়াঞ্চ লোমশে দক্ষপাদকে।

টকারঃ কীর্ত্তিতো নূনং খেচর্য্যামপি শাসনাৎ ॥ ৩১

ঠ ॥ ৭ ॥

৮ মঞ্জর্য্যাং লাঙ্গুলৌ চৈব নন্দজে দক্ষপাদতঃ।

সন্ধৌ চ সুনদায়াঞ্চ চন্দ্রে ঠঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৩২

ড। ৬ ॥

রূপিণ্যাং দারুকে স্মৃত্যাং তথা দক্ষিণপাদতঃ।

১২ মধ্যসন্ধৌ ডকারস্তু নন্দিন্যামপি খড়্গিনি ॥ ৩৩

ঢ ॥ ৫ ॥

ঋদ্ধাবন্দাদি-নারীশে (?) বীরিণ্যাঞ্চ তথা নরে।

ঢকারঃ কীর্ত্তিতো দক্ষপাদীয়াঙ্গুল-মূলকে ॥ ৩৪

ণ ॥ ৫ ॥

কাকোদর্য্যামুমাকান্তে সমৃদ্ধৌ দক্ষপাদতঃ।

অঙ্গুল্যগ্রে ণকারস্তু কীর্ত্তিতো নরকং জয়ে ॥ ৩৫

সর্ব, ইন্দু, শিনি, বেলা, নাগরী ও বামহস্তাঙ্গুল্যগ্র শব্দে ঞকার গৃহীত হয় বলিয়া মুনিপুঙ্গবগণ কর্তৃক উক্ত হইয়াছে ॥ ৩০

তন্ত্রের নির্দেশ অনুসারে মুকুন্দ, বিনদা, লোমশ, দক্ষপাদ ও খেচরী শব্দে টকার গৃহীত হয় ॥ ৩১

মঞ্জরী, লাঙ্গল, নন্দজ, দক্ষপাদ-সন্ধি, সুনদা ও চন্দ্র শব্দে ঠকার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৩২

রূপিণী, দারুক, স্মৃতি, দক্ষিণপাদমধ্য-সন্ধি, নন্দিনী ও খড়্গী শব্দে ডকার বুঝায় ॥ ৩৩

ঋদ্ধি,......নারীশ, বীরিণী, নর, দক্ষপাদায়াঙ্গুলমূলক শব্দে ণকার গৃহীত হয় বলিয়া কীর্ত্তিত হইয়াছে। ৩৪

কাকোদরী, উমাকান্ত, সমৃদ্ধ, দক্ষপাদাঙ্গুল্যগ্র, নরক-জয় শব্দে ণকার বুঝায় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৫

১ ত ॥ ৭ ॥

বামপাদে হরৌ শুদ্ধৌ চাপটৌ মকরধ্বজে।
পূতনায়াং তথা বীরে তকারঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৩৬

৪ থ ॥ ৭ ॥

কৃষ্ণে বামপদঃ সন্ধৌ ভদ্রকাল্যাঞ্চ দণ্ডিনি।
থকারঃ কীর্ত্তিতো বুদ্ধৌ বিকর্ণায়াঞ্চ ষণ্মুখে ॥ ৩৭

দ ॥ ৬ ॥

৮ অদ্রৌ সত্যে তথা ভূতৌ যোগিন্যাং বামপাদতঃ।
দকারো মধ্য-সন্ধৌ চ বদরে পরিকীর্ত্তিতঃ ॥ ৩৮

ধ ॥ ৭ ॥

শঙ্খিন্যাং সাত্বতে মৎস্যে বামপাদাঙ্গুলৌ মতৌ।
১২ বামদেবে চ লজ্জায়াং ধকারঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৩৯

ন ॥ ৮ ॥

বক্রতুণ্ডে ক্ষমায়াঞ্চ গর্জিন্যাং বামপাদতঃ।
অঙ্গুল্যগ্রে নকারস্তু সৌরৌ মেষে তু দীর্ঘয়োঃ ॥ ৪০

১৬ প ॥ ৭ ॥

দক্ষপার্শে তথা পার্শ্বে কালরাত্রৌ চ লোহিতে।
পকারঃ কীর্ত্তিতো শূরে রমায়াঞ্চ দ্বিরণ্ডকে ॥ ৪১

বামপাদ, হরি, শুদ্ধ, চাপটি, মকরধ্বজ, পূতনা ও বীর শব্দে তকার বুঝায় বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৬

কৃষ্ণ, বামপাদ-সন্ধি, ভদ্রকালী, দণ্ডিনী, বুদ্ধি, বিকর্ণা ও ষণ্মুখ শব্দে থকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৭

অদ্রি, সত্য, ভূত, যোগিনী, বামপাদ-মধ্যসন্ধি ও বদর শব্দে দকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৮

শঙ্খিনী, সাত্বত, মৎস্য, বামপাদাঙ্গুলি, মতি, বামদেব ও লজ্জাশব্দে ধকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৩৯

বক্রতুণ্ড, ক্ষমা, গর্জিনী, বামপাদাঙ্গুল্যগ্র, সৌরি, মেষ, দীর্ঘা ও দীর্ঘ শব্দে নকার বুঝায় ॥ ৪০

দক্ষপার্শ্ব, পার্শ্ব, কালরাত্রি, লোহিত, শূর, রমা ও দ্বিরণ্ড শব্দে পকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৪১

১ ফ ॥ ৭ ॥

বামপার্শ্বে চ যামিন্যাং কুব্জিকায়াং জনার্দ্দনে।
উমায়াং শিখিনি জ্ঞেয়ো ফকারঃ কিল মুস্তকে ॥ ৪২

৪ ব ॥ ৬ ॥

ক্লেদিন্যাং ভূধরে পৃষ্ঠে রাত্রৌ চ ছগলণ্ডকে।
কপর্দ্দিন্যাং বকারস্তু কীর্ত্তিতস্তন্ত্রশাসনাৎ ॥ ৪৩

ভ ॥ ৭ ॥

৮ বিশ্বমূর্ত্তৌ চ ক্লিন্নায়াং নাভৌ মত্তে দ্বিরেফকে।
বভ্রায়াং চন্দ্রিকায়াঞ্চ ভকারঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৪৪

ম ॥ ১০ ॥

বৈদূল্যে বসুদায়াং মো জয়ায়াং বিমলে রবৌ।
১২ কালেশে রুদ্র-যোগিন্যাং মহাকালোদরে বিষে ॥ ৪৫

য ॥ ৮ ॥

বায়ৌ চ সুমুখেশ্বর্য্যামাকাশে পুরুষোত্তমে।
বসুধায়াং যকারস্তু হৃদয়ে বাণিনি ত্বচি ॥ ৪৬

১৬ র ॥ ১২ ॥

রেবত্যাং জটিলে হংসে ভুজঙ্গেশে চরেঽসৃজি।
পরায়াং পরশৌ রক্তে বাণিন্যঙ্কুশরূপয়োঃ ॥ ৪৭

বামপার্শ্ব, যামিনী, কুব্জিকা, জনার্দন, উমা, শিখা ও মুস্ক শব্দে ফকার বুঝায় জানিবে ॥ ৪২

তন্ত্রের অনুশাসন অনুসারে কীর্ত্তিত হইয়াছে—ক্লেদিনী, ভূধর, পৃষ্ঠ, রাত্রি, ছগলণ্ড ও কপর্দিনা শব্দে বকার বুঝায় ॥ ৪৩

বিশ্বমূর্ত্তি, ক্লিন্না, নাভি, মত্ত, দ্বিরেফ, বভ্রা ও চন্দ্রিকা শব্দে ভকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৪

বৈদূল্য, বসুদা, জয়া, বিমল, রবি, কালেশ, রুদ্রযোগিনী, মহাকাল, উদর ও বিষ শব্দে মকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৫

বায়ু, সুমুখেশ্বরা, আকাশ, পুরুষোত্তম, বসুধা, হৃদয়, বাণিন্ ও ত্বক্ শব্দে যকার বুঝায় ॥ ৪৬

রেবতী, জটিল, হংস, ভুজঙ্গেশ, চর, অসৃক্, পরা, পরশু, রক্ত, বাণিনী, অঙ্কুশ ও রূপ শব্দে রকার বুঝায় ॥ ৪৭

৯ ল ॥ ৭ ॥

পিনাকীশে চ মাধব্যাং মাংসে পৃথ্ব্যাং বলানুজে।
লকারঃ ককুদি প্রোক্তঃ শক্রেঽপি চ সুশসানাৎ ॥ ৪৮

৪ ব ॥ ৮ ॥

মেদে বালে চ সূক্ষ্মায়াং খড়্গীশে বরুণে তথা।
বামাংশে চৈব বারুণ্যাং তোয়ে বঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৪৯

৮ শ ॥ ৭ ॥

বকেশে চৈব সন্ধ্যায়াং বরেণ্যে চ বৃষঘ্নকে।
বায়ব্যামস্থিনি খ্যাতঃ সুভগায়াং শকারকঃ ॥ ৫০

ষ ॥ ৮ ॥

বিদারিণ্যাঞ্চ প্রজ্ঞায়াং শ্বেতে বক্ষসি মজ্জনি।
১২ মূর্দ্ধন্যায়াং ষকারস্তু শিবায়াং বৃষকেতনে ॥ ৫১

স ॥ ১৯ ॥

শুক্রে হংসে প্রভায়াঞ্চ ভৃগৌ ভৃগ্বীশ-জীবয়োঃ।
সহজা-পরমা-দেবী-শক্তি-চন্দ্র-কুলেষু সঃ ॥ ৫২
১৬ হংসে প্রাণে বরাহে চ শূন্যে লক্ষ্ম্যাং শিবে রবৌ।

হ ॥ ৯ ॥

নকুলে নকুলীশে চ নকুল্য-কুলরাত্রিষু ॥ ৫৩

তন্ত্রের অনুশাসন অনুসারে কথিত হইয়াছে—পিনাকীশ, মাধবী, মাংস, পৃথ্বী, বলানুজ, ককুদ্ ও শক্র শব্দে লকার বুঝায় ॥ ৪৮

মেদ, বাল, সূক্ষ্মা, খড়্গীশ, বরুণ, বামাংশ, বারুণী ও তোয় শব্দে বকার কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৯

বকেশ, সন্ধ্যা, বরেণ্য, বৃষঘ্ন, বায়ু, অস্থি ও সুভগা শব্দে শকার বুঝায় বলিয়া কথিত হইয়াছে ॥ ৫০

বিদারিণী, প্রজ্ঞা, শ্বেত, বক্ষঃ, মজ্জা, মূর্দ্ধণ্য, শিবা ও বৃষকেতন শব্দে ষকার বুঝায় ॥ ৫১

শুক্র, হংস, প্রভা, ভৃগু, ভৃগ্বীশ, জীব, সহজ, পরমা, দেবী, শক্তি, চন্দ্র, কুল, হংস, প্রাণ, বরাহ, শূন্য, লক্ষ্মী, শিব ও রবি শব্দে সকার বুঝায় ॥ ৫২

১ অজীবে গগনে চৈব সম্বর্ত্ত-ফল-জীবয়োঃ।
হকারঃ কীর্ত্তিতঃ সদ্ভির্যথাশিষ্টানুশাসনম্ ॥ ৫৪

ল ॥ ৫ ॥

৪ মহেশে বিমলে জীবে ভূমাবপি চ যুজ্যতে।
লকারো বান্তাভিন্নঃ প্রয়োগোঽস্যৈব কুত্রচিৎ ॥ ৫৫

ক্ষ ॥ ৭ ॥

বিদ্যুতায়াং নৃসিংহে চ মালায়াং ক্রোধশব্দকে।
৮ লোহিতায়াং তথা মেরৌ ক্ষস্তু সম্বর্ত্তকেঽপি চ ॥ ৫৬

ইতি শ্রীমদ্গৌড়-দেশীয়-রাজীব-বিদ্যালঙ্কার-ভট্টাচার্য্যস্যাত্মজ-শ্রীযজ্ঞেশ্বর ন্যায়ালঙ্কার-ভট্টাচার্য্য-বিরচিত-বর্ণাভিধানে অকারাদ্যেক-পঞ্চাশদ্বর্ণপর্য্যায়নির্ণয়ঃ।

নকুল, নকুলীশ, নকুল্য, কুলরাত্রি, অজীব, গগন, সম্বর্ত্ত, ফল ও জীব শব্দে হকার বুঝায়, শিষ্টের অনুশাসন অনুসারে বিদ্বদ্গণ কর্ত্তৃক ইহা উক্ত হইয়াছে॥ ৫৩-৫৪

মহেশ, বিমল, জীব, ভূমি ও বান্ত শব্দে লকার বুঝায়। কোন কোন স্থলে অর্থাৎ অল্প স্থানে ইহার প্রয়োগ হইয়া থাকে॥ ৫৫

বিদ্যুতা, নৃসিংহ, মালা, ক্রোধ, লোহিতা, মেরু ও সম্বর্ত্তক শব্দে ক্ষকার বুঝায়। ৫৬

গৌড়দেশীয় শ্রীমৎ রাজীব বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যের পুত্র শ্রীযজ্ঞেশ্বর ন্যায়ালঙ্কার ভট্টাচার্য্যের রচিত বর্ণাভিধান গ্রন্থে অকারাদি একপঞ্চাশৎ বর্ণের পর্য্যায় শব্দ নিরূপিত হইল।

অথ বীজানাং পর্য্যায়ো নিরূপ্যতে

১ ওঁ ॥ ৯ ॥

তারং প্রণব-বেদাদ্যে ত্রিতত্ত্বে চ ত্রিদৈবতে।

ত্রৈগুণ্যে ব্রহ্মবীজে চ ধ্রুবে চ রশ্মি-পঞ্চকে ॥ ১

৪ হ্রীঁ ॥ ১৪ ॥

হৃল্লেখা ভুবনা দেবী তথা জীবন-মধ্যগা।

ভুবনেশ্বরীশ্বরী ধাত্রী মহামায়া তথা পরা ॥

পরেশী চ তথা লজ্জা শক্তির্মায়া গিরেঃ সুতা ॥ ২

৮ হূঁ ॥ ৫ ॥

শব্দবীজে ত্রিতত্ত্বে চ তথা দীর্ঘ-তনুচ্ছদে ॥

উগ্রদর্পে তথা ক্রোধে কূর্চবীজং প্রকীর্ত্তিতম্ ॥ ৩

স্ত্রীঁ ॥ ৩ ॥

১২ তত্ত্বরশ্মি-বধূবীজে ত্বেকাক্ষী বীজমীরিতম্ ॥

বীজমেতন্মুখে খ্যাতং কবচং হ্রস্ব বর্ত্মনি ॥ ৪

ঐঁ ॥ ১ ॥

মাদনে কামবীজস্তু ভারত্যাং বাচি বাগ্‌ভবম্ ॥

১৬ আঁ ॥ ১ ॥

আং-বীজমীরিতং পাশে ক্রোং-বীজমঙ্কুশে তথা ॥ ৫

অনন্তর বীজসমূহের পর্য্যায় শব্দ নিরূপিত হইতেছে—

তার, প্রণব, বেদাদি, ত্রিতত্ত্ব, ত্রিদৈবত, ত্রৈগুণ্য, ব্রহ্মবীজ, ধ্রুব ও রশ্মিপঞ্চক —এই শব্দগুলি প্রণবের বাচক ॥ ১

হৃল্লেখা, ভুবনা, দেবী, জীবন-মধ্যগা, ভুবনেশী, ঈশ্বরী, ধাত্রী, মহামায়া, পরা, পরেশী, লজ্জা, শক্তি, মায়া ও গিরিসুতা—এই শব্দগুলি হ্রীঁ বীজের বাচক ॥ ২

শব্দবীজ, ত্রিতত্ত্ব, দীর্ঘতনুচ্ছদ, উগ্রদর্প, ক্রোধ—এই শব্দগুলি কূর্চবীজ হূংকারের বাচক ॥ ৩

তত্ত্বরশ্মি শব্দটী বধূবীজের বাচক। উহা একাক্ষী বীজ বলিয়া উক্ত হইয়াছে। এই বীজটি মুখে অর্থাৎ প্রথমে উক্ত হইয়াছে। হ্রস্ব ও বর্ত্মন্ শব্দটি কবচ বীজের বাচক ॥ ৪

মাদন শব্দটী কামবীজের বাচক। বাক্ ও ভারতী শব্দ দুইটি সরস্বতী

১ হ্লীং ॥

হ্লীং-বীজং স্থিরমায়ায়াং ··· ফ্রেং-বীজমীরিতম্ ॥

শ্রীং ॥

৪ বিষ্ণুপত্ন্যাং রমাবীজং প্রাসাদে রৌদ্রমীরিতম্ ॥ ৬

গ্লৌং ।

গ্লৌঃ পৃথিব্যাং নতি-স্বান্ত-ত্যাগার্থেষু নমঃ পদম্ ॥

স্বাহা ॥

৮ ঠদ্বয়ে বহ্নিজায়ায়াং স্বাহা শিরসি কীর্ত্তিতা ॥ ৭

ফট্ ॥

অস্ত্রে শস্ত্রেঽস্ত্রমন্ত্রে চ ফট্‌কারাখ্যাং ততাংগতঃ (?) ॥

দেবী-প্রণবশব্দেন লজ্জা কুত্রাপি কথ্যতে ॥ ৮

১২ শক্তো পরায়াং কুত্রাপি বালা তার্ত্তীয়মুচ্যতে ॥

লজ্জা পদেন কুত্রাপি কামং কূর্চঞ্চ কীর্ত্তিতম্ । ৯

মায়াপদেন কুত্রাপি কূর্চবীজং প্রকীর্ত্তিতম্ ।

প্রণবেণাপি তারায়া মন্ত্রে কূর্চং সমীরিতম্ ॥ ১০

বীজের বাচক, পাশ শব্দটী আং বীজের বাচক বলিয়া কথিত হইয়াছে। অঙ্কুশ শব্দটী ক্রোং বীজের বাচক বলিয়া উক্ত হইয়াছে ॥ ৫

স্থিরমায়া শব্দটী হ্লীং বীজের বাচক। ..ফ্রেংবীজ বলিয়া উক্ত হইয়াছে। বিষ্ণুপত্নী রমাবীজের বাচক। রৌদ্র শব্দটী প্রাসাদবীজের বাচক ॥ ৬

পৃথিবী শব্দটী গ্লৌং বীজের বাচক। নতি, স্বান্ত, ত্যাগার্থক শব্দগুলি নমঃ মন্ত্রের বাচক। ঠদ্বয়, বহ্নিজায়া ও শিরঃ শব্দটী স্বাহা মন্ত্রের বাচক বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৭

অস্ত্র, শস্ত্র, অস্ত্রমন্ত্র ফট্‌কারের বাচক। কোনও স্থলে দেবী-প্রণব শব্দের দ্বারা লজ্জাবীজ কথিত হয় ॥ ৮

কোনও স্থলে শক্ত শব্দটী দ্বারা পরাবীজও কথিত হয়। বালা শব্দটী তার্ত্তীয় বীজকে বুঝায়। কোনও স্থলে লজ্জা পদের দ্বারা কামবীজ ও কূর্চবীজ কথিত হয় ॥ ৯

কোনও স্থলে মায়াপদের দ্বারা কূর্চবীজও উক্ত হয়। তারার মন্ত্রে প্রণবের দ্বারাও কূর্চবীজ উক্ত হইয়া থাকে ॥ ১০

১৬ কবচেনাপি কুত্রাপি কূর্চবীজং প্রকীর্ত্তিতম্ ।
মায়াপদেন কুত্রাপি ঈকারঃ পরিকীর্ত্তিতঃ ।
পাশেনাপি চ কুত্রাপি মায়াবীজং বিতন্যতে ॥ ১১

১ পর্য্যায়োঽপি চ বীজানাং নির্ণীতো জ্ঞাতুমিচ্ছতা ।
কলহে পরপক্ষস্য পক্ষতো পিতুরাশিষা ॥ ১২

য এব দোষা বিদুষাবলোকাদ্ভবন্তি শপ্তেন্দুসিতাব্জভাজা ।
৪ বিখণ্ডনীয়া কৃপয়া সুবোধৈর্বর্ণাভিধানে রচিতে ত এব ॥ ১৩

ইতি শ্রীযজ্ঞেশ্বর-ন্যায়ালঙ্কার-ভট্টাচার্য্য-বিরচিত বর্ণাভিধানে
বীজপর্য্যায়নির্ণয়ঃ সমাপ্তঃ ॥

কোনও স্থলে কবচ পদের দ্বারাও কূর্চবীজ কথিত হইয়া থাকে। কোনও স্থলে মায়াপদের দ্বারা ঈকার উক্ত হয়। আবার কোনও স্থলে পাশ শব্দের দ্বারা মায়াবীজ উক্ত হইয়া থাকে ॥ ১১

পর পক্ষের কলহে সিদ্ধান্ত পক্ষ জানিতে ইচ্ছুক হইয়া আমি পিতার আশীর্ব্বাদে বীজসমূহের পর্য্যায় শব্দ নির্ণয় করিলাম। ১৩

দৃষ্টিপাতমাত্রে যেখানে যে দোষ দেখা যায়, তাহা যেমন অভিশপ্ত ইন্দু ও শ্বেতপদ্মসেবী বিদ্বদ্‌গণ কর্ত্তৃক সুবুদ্ধি দ্বারা খণ্ডিত (উপেক্ষিত) হয়, সদ্‌গুণগুলি গৃহীত হয়, আমার রচিত বর্ণাভিধানে যে দোষগুলি দেখা যাইবে, সেগুলি সেইরূপ কৃপাপূর্বক সদ্‌বুদ্ধি দ্বারা খণ্ডিত হইবে ॥ ১৩

শ্রীমদ্ যজ্ঞেশ্বর ন্যায়ালঙ্কার ভট্টাচার্য্য বিরচিত বর্ণাভিধানে
বীজপর্য্যায় নির্ণয় সমাপ্ত।

অথ ভূতডামরতন্ত্রোক্ত-

বীজাভিধানম্

১ বীজ-সংকেত-বোধার্থমাহৃত্য তন্ত্রশাস্ত্রতঃ।
বীজনামানি কতিচিদ্ বক্ষ্যামি বিদুষাং মুদে ॥ ১

॥ হ্রীং ॥

৪ ক্ষতজস্থো ব্যোমবক্ত্রো ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ।
নাদবিন্দু-সমাযুক্তো বীজং প্রাথমিকং স্মৃতম্ ॥ ২

॥ অস্য নামানি ॥

মায়া লজ্জা পরা সম্বিৎ ত্রিগুণা ভুবনেশ্বরী।
৮ হৃল্লেখা শম্ভুবনিতা শক্তির্দেবীশ্বরী শিবা ॥ ৩
মহামায়া পার্বতী চ সংস্থানকৃতরূপিণী।
পরমেশী[১] চ ভুবনা-ধাত্রী জীবন-মধ্যগা ॥ ৪

॥ হ্লীং ॥

১২ বহ্নিহীনেন্দ্রযুঙ্ মায়া স্থিরমায়া প্রকীর্ত্তিতা।

॥ শ্রীং ॥

শাগ্নি-শান্তি-বিন্দুনাদৈর্লক্ষ্মী-প্রণব[২] উচ্যতে।

পণ্ডিতগণের হর্ষের জন্য বীজসংকেত জ্ঞানের নিমিত্ত তন্ত্রশাস্ত্র হইতে কতিপয় বীজনাম সংগ্রহ করিয়া বলিতেছি ॥ ১

ব্যোমবক্ত্র হ ক্ষতজ রকারের সহিত যুক্ত হইয়া ধূম্রভৈরবী ঈকারের দ্বারা অলঙ্কৃত ও নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই উহা প্রাথমিক (আদি) বীজ বা শক্তিবীজ হ্রীং বলিয়া কথিত হইয়া থাকে ॥ ২

এই বীজের নাম হইতেছে—মায়া, লজ্জা, পরা, সম্বিৎ, ত্রিগুণা, ভুবনেশ্বরী, হৃল্লেখা, শম্ভুবনিতা, শক্তি, দেবী, ঈশ্বরী, শিবা মহামায়া, পার্বতী, সংস্থান-কৃতরূপিণী, পরমেশ্বরী, ভুবনাধাত্রী, জীবন-মধ্যগা ॥ ৩-৪

মায়াবীজ হ্রীং বহ্নিহীন র-হীন হইয়া ইন্দ্র লকারের সহিত যুক্ত হইলে উহা স্থিরমায়া বীজ হ্লীং বলিয়া কীর্ত্তিত হইয়া থাকে।

শটি অগ্নি র, শান্তি ঈ ও নাদবিন্দুর সহিত যুক্ত হইলে উহা লক্ষ্মীপ্রণব বা লক্ষ্মীবীজ শ্রীং বলিয়া কথিত হয়।

১। পরমেশ্বরীতি ক্বচিৎ। ২। শাগ্নিঃ শাগ্নীতি ক্বচিৎ পাঠান্তরম্।

১ ॥ অস্য নামানি ॥

শ্রীর্লক্ষ্মীর্বিষ্ণুবনিতা রমা ক্ষীর-সমুদ্রজা ॥ ৫

॥ স্ত্রীং ॥

৪ ষোড়শব্যঞ্জনং বহ্নি-বামাক্ষি-বিন্দু-সংযুতম্ ।
চন্দ্রবীজ-সমারূঢ়ং বধূবীজমিদং স্মৃতম্ ।
বধূর্বামেক্ষণা যোষিদেকাক্ষী স্ত্রী চ কামিনী ॥ ৬

॥ ঐং ॥

৮ নাদ-বিন্দু-সমাযুক্তো দ্বাদশস্তু স্বরো ভগঃ ।
যোনিঃ সরস্বতীবীজমধরং বাগ্ভবঞ্চ বাক্ ॥ ৭

॥ হূং ॥

হকারো বামকর্ণাঢ্যো নাদ-বিন্দু-বিভূষিতঃ ।
১২ কূর্চং ক্রোধ উগ্রদর্পো দীর্ঘ-হুঙ্কার উচ্যতে ।
শব্দশ্চ দীর্ঘকবচং তারা-প্রণব ইত্যপি ॥ ৮

॥ ক্রীং ॥

কামাক্ষরং বহ্নিসংস্থং রতি-বিন্দু-বিভূষিতম্ ।
১৬ কালীবীজমিদং প্রোক্তং রতিবীজং তদেব হি ॥ ৯

এই লক্ষ্মীবীজের নাম হইতেছে—শ্রী, লক্ষ্মী, বিষ্ণুবনিতা, রমা, ক্ষীর-সমুদ্রজা ॥ ৫

ষোড়শব্যঞ্জন তটি বহ্নি রকারের সহিত যুক্ত হইয়া রতি ঈ ও নাদবিন্দু দ্বারা সংযুক্ত হইয়া চন্দ্রবীজ সকারের সহিত যুক্ত হইলে উহা বধূবীজ স্ত্রীং বলিয়া কথিত হয় । উহার নাম—বধূ, বামেক্ষণা, যোষিৎ, একাক্ষী, স্ত্রী ও কামিনী ॥ ৬

দ্বাদশ স্বর ঐকার নাদবিন্দু যুক্ত হইলেই সরস্বতীর বীজ ঐং হয় । উহার বাচক শব্দ হইতেছে—ভগ, যোনি, সরস্বতীবীজ, অধর, বাগ্‌ভব, বাক্ ॥ ৭

হকারটি বামকর্ণ ঊকারের দ্বারা যুক্ত এবং নাদবিন্দু দ্বারা ভূষিত হইলে কূর্চবীজ হূঁ হয় । উহার বাচক শব্দ হইতেছে—কূর্চ, ক্রোধ, উগ্রদর্প, দীর্ঘ-হুঙ্কার, শব্দ, দীর্ঘকবচ, তারাপ্রণব ॥ ৮

কামাক্ষর ককারটি বহ্নি রকারের সহিত যুক্ত হইয়া রতি ঈ ও বিন্দু-দ্বারা ভূষিত হইলেই উহা কালীবীজ ক্রীং বলিয়া কথিত হয় । উহা রতিবীজও বটে ॥ ৯

১ ॥ ক্লীং ॥

কামাক্ষরং ধরা-সংস্থং রতিবিন্দু-বিভূষিতম্ ।
গুহ্যকালীবীজমিদং গোপালবীজমিত্যপি ।
৪ তৎ কামবীজং কামেশী-বীজং শক্তিস্ত্বসৌ পরা[১] ॥ ১০

॥ হৌং ॥

সত্যান্তযুগ্ ব্যোম সেন্দু শৈবং প্রাসাদমুচ্যতে ।

॥ কৃল্হ্রীং ॥ ক্রোং ॥

৮ কলাদ্যং ক্লেদিনীবীজং ক্রোঙ্কারস্ত্বঙ্কুশাভিধঃ ॥ ১১

॥ আং ॥

আকারো বিন্দুমান্ পাশঃ শেষশ্চ সমুদীরিতঃ ।

॥ কল্হ্রীং ॥

১২ সকলা ভুবনেশানী কামেশীবীজমুচ্যতে ॥ ১২

॥ নমঃ ॥ স্বাহা ॥

নমস্ত হৃদয়ং স্বাহা দ্বিঠঠযুগলং ঠঠঃ ।
১৫ চন্দ্রযুগ্মং শিরো দেবমাতা[২] জ্বলনসুন্দরী ॥ ১৩

কামাক্ষর ককারটি ধরা লকারের সহিত যুক্ত হইয়া রতি ঈ ও বিন্দু দ্বারা ভূষিত হইলে উহা গুহ্যকালীর বীজ ক্লীং বলিয়া কথিত হয়। উহা গোপালের বীজও। তাহা কামবীজ এবং কামেশীবীজও। ইনিই পরা শক্তি ॥ ১০

ব্যোম হকারটীর অন্তে সত্য ঔ যুক্ত হইলে ও নাদবিন্দু দ্বারা ভূষিত হইলে উহা প্রাসাদ নামক শিবের বীজ অর্থাৎ প্রাসাদবীজ হৌং হয়। কৃল্ ও আদ্য বীজ হ্রীং মিলিত হইলে উহা ক্লেদিনীবীজ কৃল্হ্রীং হয়। ক্রোঙ্কারটি অঙ্কুশবীজ। উহার বাচক—অঙ্কুশ ॥ ১১

আকার বিন্দুমান্ হইলেই পাশবীজ আং হয়। উহা শেষ বলিয়া কথিত হইয়াছে। ভুবনেশানী হ্রীং কৃল্‌র সহিত মিলিত হইলে উহা কামেশী বীজ কৃল্হ্রীং বলিয়া কথিত হইয়াছে।

নমঃ এইটি হৃদয়বীজ। উহার বাচক—হৃদয়। স্বাহার বাচক—দ্বিঠ, ঠযুগল,

---

১। শক্তিস্ত্ব সৌঃ পরেতি কচিৎ পাঠঃ। ২। শিরো বেদমাতেতি কচিৎ পাঠভেদঃ

১ স্বাহা পরা দেবভোজ্যং ঠদ্বয়ং চন্দ্রযুগ্মকম্ ।
শ্রুবো হবির্বেদমাতা দেবাস্যং বহ্নিসুন্দরী ॥ ১৪

॥ বষট্ ॥

৪ শিখা বষট্ শিরোমধ্যং শক্রমাতা হরপ্রিয়া ।
শিখা বষট্ চ কবচং ক্রোধো বর্ম হুমিত্যপি ॥ ১৫

॥ হুং ॥

ক্রোধাখ্যো হুং তনুত্রঞ্চ শস্ত্রাস্ত্রে রিপুসংজ্ঞকঃ ।

৮ ॥ বৌষট্ ॥ ফট্ ॥

অস্ত্রং নেত্রযুগং বৌষট্ ফড়স্ত্রং শস্ত্রমায়ুধম্ ॥ ১৬

॥ হ্স্‌সৌঃ ॥ হংসঃ ॥

তার্তীয়স্তু হ্স্‌সৌঃ প্রেতবীজং হংসোঽজপা মনুঃ ।

১২ ॥ গং ॥

গকারো বিন্দুমান্ বিঘ্নরাজো[১] গণেশবীজকম্ ॥ ১৭

গ্লৌং

১৫ স্মৃতিস্থং মাংসমৌবিন্দু-যুতং ভূবীজমীরিতম্ ।

ঠঠ, চন্দ্রযুগ্ম, শিরঃ, দেবমাতা, জ্বলন-সুন্দরী, স্বাহা, পরা, দেবভোজ্য, ঠদ্বয়, চন্দ্র-যুগ্মক, শ্রুব, হবিঃ, বেদমাতা, দেবাস্য, বহ্নিসুন্দরী ॥ ১৪

বষট্ এই শিখাবীজ। উহার বাচক—শিখা, শিরোমধ্য, শক্রমাতা, হরপ্রিয়া, শিখা, বষট্। হুং এইটি কবচবীজ। উহার বাচক—কবচ, ক্রোধ, বর্ম ॥ ১৫

হুং এইটি ক্রোধবীজ। উহার বাচক—ক্রোধ, তনুত্র, শস্ত্র, অস্ত্র, রিপু। নেত্র বীজ হইতেছে বৌষট্। উহার বাচক—নেত্রযুগ। ফট্ এইটী অস্ত্রবীজ। উহার বাচক—অস্ত্র, শস্ত্র, আয়ুধ ॥ ১৬

প্রেত বীজ হইতেছে হ্স্‌সৌঃ। উহার বাচক হইতেছে—তার্তীয়, প্রেতবীজ। হংসঃ হইতেছে আজপাবীজ। উহার বাচক—অজপা। গকার বিন্দুযুক্ত হইলেই বিঘ্নরাজ গণেশের বীজ হয়। উহার বাচক—বিঘ্নরাজ (বিঘ্নবীজ) গণেশবীজ ॥ ১৭

১। বিঘ্নবীজমিতি কচিৎ পাঠঃ।

১ ড্রীং

ঠান্তং দহন-নেত্রেন্দু-যুতন্ত বিম্ববীজকম্ ॥ ১৮

॥ ঈং ॥

৪ অথ কামকলা বাম-নয়নং বিন্দুসংযুতম্ ।

॥ ৺ ॥

অর্দ্ধমাত্রা কলা বাণী নাদোঽর্ধেন্দুঃ সদাশিবঃ।

অনুচ্চার্য্যা তুরীয়া চ বিশ্বমাতৃকলা পরা ॥ ১৯

৮ অথ ভূতডামর-তন্ত্রোক্ত-বীজনামানি

॥ ওঁ ॥

প্রণবো বিষবীজং স্যাদ্ ধ্রুবং হালাহলং স্মৃতম্ ।

কালঃ শ্রুতিমুখং জ্ঞেয়ং বহুরূপি নিরঞ্জনম্ ॥ ২০

১২ ॥ হ্রীং ॥

ক্ষতজস্থো ব্যোমবক্ত্রো ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ ।

নাদবিন্দু-সমাযুক্তো বীজং প্রাথমিকং[১] স্মৃতম্ ॥ ২১

মাংস ল স্মৃতিস্থ অর্থাৎ গকারের সহিত যুক্ত হইয়া ঔকার ও বিন্দুর সহিত যুক্ত হইলে পৃথিবীবীজ গ্লৌং হয়। ঠান্ত ডটি দহন র, নেত্র ঈ ও বিন্দুযুক্ত হইলেই বিম্ববীজ ড্রীং হয় ॥ ১৮

বামনয়ন ঈ বিন্দুযুক্ত হইলেই কামকলা বীজ ঈং হয়।

অর্দ্ধেন্দু ৺ হইতেছে নাদ। উহার বাচক হইতেছে—অর্দ্ধমাত্রা, কলা, বাণী, নাদ, অর্ধেন্দু, সদাশিব, অনুচ্চার্য্যা, তুরীয়া, বিশ্বমাতৃকলা, পরা ॥ ১৯

অনন্তর ভূতডামর তন্ত্রোক্ত বীজের নামগুলি কথিত হইতেছে। প্রণব, বিষবীজ, ধ্রুব, হালাহল, কাল, শ্রুতিমুখ, বহুরূপী, নিরঞ্জন—এইগুলি ওঁকারের বাচক ॥ ২০

ব্যোমবক্ত্র হকারটী ক্ষতজ রকারের সহিত যুক্ত হইয়া ধূম্রভৈরবী ঈকারের দ্বারা অলঙ্কৃত ও নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই উহা প্রাথমিক (আদ্যাশক্তির) বীজ হ্রীং হয়। উহা সমস্ত শক্তি দেবতার সাধারণ মন্ত্র। এজন্য উহা প্রাথমিক বীজ বলিয়া কথিত হইয়াছে ॥ ২১

১। প্রাণাগ্নিকমিতি কচিৎ পাঠঃ।

১ ॥ ক্রীং ॥

ক্রোধীশঃ ক্ষতজারূঢ়ো ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ।
নাদ-বিন্দু-সমাযুক্তঃ পিতৃভূবাসিনী স্মৃতা ॥ ২২
৪ ক্রোধং কালাত্মকং কুর্য্যাদ্ ভৌতিকং বাগ্ ভবং স্মৃতম্ ॥

॥ ঐং ॥

নাদবিন্দু-সমাযুক্তং সমাদোয়োগ্রভৈরবীম্ ।
বীজমেতৎ তু কথিতং শুদ্ধ-বুদ্ধি-প্রবর্ত্তকম্ ॥ ২৩

৮ ॥ ক্লীং ॥

ক্রোধীশো বলভিদ্-ধূম্রভৈরবী-নাদবিন্দুভিঃ।
ত্রিমূর্ত্তির্মন্মথঃ কামরাজস্ত্রৈলোক্যমোহনম্ ॥ ২৪
ইন্দ্রাসনগতো ব্রহ্মা ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ।
১২ নাদবিন্দুসমাযুক্তস্ত্রিমূর্ত্তিস্ত স মন্মথঃ ॥ ২৫

॥ দ্রীং ॥

সংযুক্তং ধূম্রভৈরব্যা রক্তস্থং বলিভোজনম্ ।
১৫ নাদবিন্দু-সমাযুক্তং কিঙ্কিণী-বীজমুত্তমম্ ॥ ২৬

ক্রোধীশ ককারটি ক্ষতজ রকারের সহিত যুক্ত ও ধূম্রভৈরবী ঈকারের দ্বারা অলঙ্কৃত এবং নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই শ্মশানবাসিনী কালীর বীজ হয় ॥ ২২

ক্রোধকে কালাত্মক করিবে। বাগ্ভববীজ ভৌতিক বলিয়া কথিত হয়।
উগ্রভৈরবী ঐকে লইয়া নাদবিন্দুদ্বারা সংযুক্ত করিবে। উহা শুদ্ধ বুদ্ধির সম্পাদক সরস্বতীর বীজ ঐং বলিয়া কথিত হইয়াছে ॥ ২৩

ক্রোধীশ ক, বলভিদ্ ল, ধূম্রভৈরবী ঈ ও নাদবিন্দু—ইঁহারা সকলে মিলিত হইলেই কামবীজ ক্লীং হয়। ত্রিমূর্ত্তি, মন্মথ, কামরাজ, ত্রৈলোক্যমোহন—এই শব্দগুলি কামবীজের বাচক ॥ ২৪

ব্রহ্মা কটি ইন্দ্র লকারের সহিত যুক্ত হইয়া ধূম্রভৈরবী ঈকারের দ্বারা ও নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই উহা মন্মথ বীজ ক্লীং হয়। উহার বাচক—ত্রিমূর্ত্তি ও মন্মথ ॥ ২৫

বলিভোজন দ রক্ত রকারের সহিত মিলিত হইয়া ধূম্রভৈরবী ঈকারের সহিত ও নাদবিন্দুর সহিত সংযুক্ত হইলেই উত্তম কিঙ্কিণীবীজ দ্রীং হয় ॥ ২৬

১ ॥ দ্রুং ॥

নাদ-বিন্দু-সমাযুক্তং রক্তস্থং বলিভোজনম্ ।
কালরাত্র্যাসনোপেতং বিশিখাখ্যং মহামনুম্ ॥ ২৭

৪ ॥ দ্রুং ॥

বিদার্য্যালিঙ্গিতো গুহ্যে[১] বলিভুক্ ক্ষতজোক্ষিতঃ ।
নাদবিন্দু-সমাযুক্তো বিজ্ঞেয়ঃ পিশিতাশনঃ ॥ ২৮

॥ স্ফেং ॥

৮ ধূম্রধ্বজঃ[২] করালাগ্নিঃ সোর্দ্ধ্বকেশীন্দুবিন্দুভিঃ ।
যুগান্তকারকং বীজং ভৈরবেণ প্রকাশিতম্ ॥ ২৯

॥ প্রীং ॥

কপর্দিনং সমাদায় ক্ষতজোক্ষিত-বিগ্রহম্ ।
১২ সংযুক্তং ধূম্রভৈরব্যা ধ্বাঙ্ক্ষোঽয়ং নাদবিন্দুমান্ ॥ ৩০

॥ ঠং ঠং ঠঃ ঠঃ ॥

কপালীদ্বয়মাদায় মহাকালেন মণ্ডিতম্ ।
১৫ পুনস্তদ্দ্বয়মিত্যুক্তং[৩] চণ্ডিকাদ্যং মনোহরম্ ॥ ৩১

বলিভোজন দকার রক্ত রকারের সহিত মিলিত হইয়া এবং কালরাত্রি উকার ও নাদবিন্দুর সহিত সংযুক্ত হইলেই বিশিখানামক মহামন্ত্র দ্রুং হয় ॥ ২৭

বলিভুক্ দকার ক্ষতজ রকারের সহিত মিলিত হইয়া নিম্নভাগে বিদারী উকারের দ্বারা ও নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই উহাকে পিশিতাসন বীজ দ্রুঁ বলিয়া জানিবে ॥ ২৮

ধূম্রধ্বজ সকারের নিম্নভাগে করালাগ্নি ফকার যুক্ত হইয়া ঊর্দ্ধ্বকেশী একার ও নাদবিন্দুর সহিত মিলিত হইলেই উহা যুগান্তকারক বীজ স্ফেং হইয়া থাকে। উহা ভৈরব কর্ত্তৃক প্রকাশিত হইয়াছে ॥ ২৯

কপর্দী পকারকে লইয়া ক্ষতজ রকারের সহিত মিলিত করিয়া ধূম্রভৈরবী ঈকার ও নাদবিন্দু-যুক্ত করিলেই উহা ধ্বাঙ্ক্ষবীজ প্রীং হইয়া থাকে ॥ ৩০

কপালী ঠ দুইটিকে লইয়া মহাকাল ম অর্থাৎ অনুস্বারের দ্বারা ভূষিত

১। বিদার্য্যালিঙ্গিতোগ্রাস্য ইতি ক্বচিৎ পাঠভেদঃ। ২। ধূম্রধ্বজাধঃ কালাগ্নিরিতি পাঠ-ভেদঃ। ৩। সমাসনমিতি প্রোক্তমিতি চ পাঠান্তরম্।

১   ॥ হ্রুং ॥ হ্রূং ॥

ক্ষতজস্থং ব্যোমবক্ত্রং বিন্দু-খণ্ডেন্দ্বলঙ্কৃতম্[১]।
খদ্যোতমিতি সংপ্রোক্তং গ্রাসিনী কালরাত্রিযুক্ ॥ ৩২

৪   ॥ হ্রূং ॥

ক্ষতজোক্ষিতমাকাশং নাদবিন্দুবিভূষিতম্।
বিদারীভূষিতং চৈব বীজং বৈবস্বতাত্মকম্ ॥ ৩৩

॥ ওঁ ॥

৮ কীর্ত্ত্যাখ্যা কালবক্ত্রা চ মহাকালেন ভূষিতা।
তপনাদিঃ পঞ্চরশ্মিঃ সৃষ্টি-স্থিত্যন্ত-কৃদ্ বিধিঃ ॥ ৩৪

॥ হূং ॥

ব্যোমস্থং তালজঙ্ঘস্থং[২] বিন্দুনাদ-বিভূষিতম্।
১২ কূর্চং কালো মহাকালঃ ক্রোধবীজং নিরঞ্জনম্ ॥ ৩৫

ইতি ভূতডামর-তন্ত্রোক্তং বীজাভিধানং সমাপ্তম্।

করিলে এবং ঐ কপালী দ্বয় চণ্ডিকা বিসর্গ দ্বারা ভূষিত হইলে উহা মনোহর (সমাসন) বীজ ঠং ঠং ঠঃ ঠঃ বলিয়া কথিত হইয়া থাকে॥ ৩১

ব্যোমবক্ত্র হকার ক্ষতজ রকারের সহিত যুক্ত হইয়া নাদবিন্দু দ্বারা যুক্ত হইলে উহা খদ্যোতবীজ হ্রুং বলিয়া কথিত হইয়া থাকে। ক্ষতজস্থ ব্যোমবক্ত্র অর্থাৎ হ্রকারটি কালরাত্রি উকারের সহিত মিলিত হইয়া নাদবিন্দুমান্ হইলেই উহা গ্রাসিনী বীজ হ্রূং হয়॥ ৩২

আকাশ হকারটি ক্ষতজ রকারের দ্বারা যুক্ত হইয়া বিদারী উকার ও নাদবিন্দু দ্বারা ভূষিত হইলেই উহা বৈবস্বত বীজ হ্রূং হইয়া থাকে॥ ৩৩

কীর্ত্তি অ, কালবক্ত্রা উ, মহাকাল মকারের সহিত যুক্ত হইলেই উহা প্রণব হইয়া থাকে। তপনাদি, পঞ্চরশ্মি, সৃষ্টি-স্থিত্যন্তকৃৎ, বিধি—এই শব্দগুলি ওঁকারের বাচক॥ ৩৪

ব্যোম হকার তালজঙ্ঘা উকারের সহিত মিলিত হইয়া নাদবিন্দু ভূষিত হইলেই উহা ক্রোধবীজ হূং হইয়া থাকে। কূর্চ, কাল, মহাকাল, ক্রোধবীজ, নিরঞ্জন,—এই শব্দগুলি হূংবীজের বাচক।

ভূতডামর তন্ত্রোক্ত বীজাভিধানের অনুবাদ সমাপ্ত হইল।

১। চন্দ্রখণ্ডবিভূষিতমিতি পাঠান্তরম্। ২। নালস্থজঙ্ঘমিতি ক্বচিৎ পাঠান্তরম্।

ভূতডামরতন্ত্রোক্ত-

বীজ-নিঘণ্টুঃ

১ অথ বক্ষ্যে মন্ত্রকোষং যদুক্তং ভূতডামরে।
ক্রমাদ্ বীজাভিধানঞ্চ শ্রুত্যর্থ-জ্ঞানসম্ভবম্ ॥ ১

শ্রীশিব উবাচ—

৪ বিদ্যুজ্জিহ্বা কালবজ্রী গর্জিনী ধূম্রভৈরবী।
কালরাত্রির্বিদারী চ মহারৌদ্রী ভয়ঙ্করী ॥ ২
সংহারিণী করালিনী চোর্ধ্বকেশ্যুগ্রভৈরবী
ভীমাক্ষী ডাকিনী রুদ্ররাকিণী চণ্ডিকা তথা ॥ ৩
৮ ক্রোধীশো বামনশ্চণ্ডো বিকার্য্যুন্মত্তভৈরবঃ।
জ্বালামুখো রক্তদংষ্ট্রোঽসিতাঙ্গো বড়বামুখঃ ॥ ৪
বিদ্যুন্মুখো মহাজ্বালঃ কপালী ভীষণো রুরুঃ।
১১. সংহারী ভৈরবো দণ্ডী বলিভুগুগ্রশূল-ধৃক্ ॥ ৫

ভূতডামরতন্ত্রে যে মন্ত্রকোষ উক্ত হইয়াছে, অনন্তর যথাক্রমে সেই মন্ত্রকোষ ও শ্রুতির (আগমের) অর্থজ্ঞান সম্ভূত বীজের অভিধান বলিব ॥ ১

শ্রীশিব বলিলেন—অকারের বাচক—বিদ্যুজ্জিহ্বা। আকারের বাচক—কালবজ্রী। ইকারের বাচক—গর্জিনী। ঈকারের বাচক—ধূম্রভৈরবী। উকারের বাচক—কালরাত্রি। ঊকারের বাচক—বিদারী। ঋকারের বাচক—মহারৌদ্রী। ৠকারের বাচক—ভয়ঙ্করী ॥ ২

ঌকারের বাচক—সংহারিণী। ৡকারের বাচক—করালিনী। একারের বাচক—উর্ধ্বকেশী। ঐকারের বাচক—উগ্রভৈরবী। ওকারের বাচক—ভীমাক্ষী। ঔকারের বাচক—ডাকিনী। অংকারের (ং অনুস্বারের) বাচক—রুদ্ররাকিণী। অঃকারের (ঃ বিসর্গের) বাচক—চণ্ডিকা ॥ ৩

ককারের বাচক—ক্রোধীশ। খকারের বাচক—বামন। গকারের বাচক—চণ্ড। ঘকারের বাচক—বিকারী। ঙকারের বাচক—উন্মত্তভৈরব। চকারের বাচক—জ্বালামুখ। ছকারের বাচক—রক্তদংষ্ট্র। জকারের বাচক—অসিতাঙ্গ। ঝকারের বাচক—বড়বামুখ ॥ ৪

ঞকারের বাচক—বিদ্যুন্মুখ। টকারের বাচক—মহাজ্বাল। ঠকারের বাচক

১ সিংহনাদী কপর্দী চ করালাগ্নির্ভয়ঙ্করঃ।
বহুরূপী মহাকালো জীবাত্মা ক্ষতজোক্ষিতঃ ॥ ৬
বলভেদী রক্তপটশ্চণ্ডীশো জ্বলন-ধ্বজঃ।
৪ ধূমধ্বজো ব্যোমবক্ত্রস্ত্রৈলোক্যগ্রসনাত্মকঃ ॥ ৭
(নয়ন-শ্রোত্রাস্য-নাসা-হৃৎসু ন্যাসে দশস্বরাঃ *)

অঃ—বিদ্যুজ্জিহ্বা ; আ—কালবজ্রী ; ইঃ—গর্জিনী ; ঈ—ধূম্রভৈরবী ; উঃ—কালরাত্রিঃ ; ঊ—বিদারী ; ঋঃ—মহারৌদ্রী ; ৠঃ—ভয়ঙ্করী ; ঌঃ—সংহারিণী ; ৡঃ—করালিনী ; এঃ—ঊর্ধ্বকেশী ; ঐঃ—উগ্রভৈরবী ; ওঃ—ভীমাক্ষী ; ঔঃ—ডাকিনী ; অং—রুদ্ররাকিণী ; অঃ—চণ্ডিকা ; কঃ—ক্রোধীশঃ ; খঃ—বামনঃ ; গঃ—চণ্ডঃ ; ঘঃ—বিকারী ; ঙঃ—উন্মত্ত-

---

কপালী। ডকারের বাচক—ভীষণ। ঢকারের বাচক—রুরু। ণকারের বাচক—সংহারী। তকারের বাচক—ভৈরব। থকারের বাচক—দণ্ডী। দকারের বাচক—বলিভুক্। ধকারের বাচক—উগ্রশূল-ধৃক্ ॥ ৫

নকারের বাচক—সিংহনাদী। পকারের বাচক—কপর্দী। ফকারের বাচক—করালাগ্নি। বকারের বাচক—ভয়ঙ্কর। ভকারের বাচক—বহুরূপী। মকারের বাচক—মহাকাল। যকারের বাচক—জীবাত্মা। রকারের বাচক—ক্ষতজোক্ষিত ॥ ৬

লকারের বাচক—বলভেদী। বকারের বাচক—রক্তপট। শকারের বাচক—চণ্ডীশ। ষকারের বাচক—জ্বলনধ্বজ। সকারের বাচক—ধূমধ্বজ। হকারের বাচক—ব্যোমবক্ত্র। ক্ষকারের বাচক—ত্রৈলোক্যগ্রসন ॥ ৭

মন্ত্রের উদ্ধারে বিদ্যুজ্জিহ্বা শব্দের অর্থ—অ ; কালবজ্রী শব্দের অর্থ—আ ; গর্জিনী শব্দের অর্থ—ই ; ধূম্রভৈরবী শব্দের অর্থ—ঈ ; কালরাত্রি শব্দের অর্থ—উ ; বিদারী শব্দের অর্থ—ঊ ; মহারৌদ্রী শব্দের অর্থ—ঋ ; ভয়ঙ্করী শব্দের অর্থ—ৠ ; সংহারিণী শব্দের অর্থ—ঌ ; করালিনী শব্দের অর্থ—ৡ ; ঊর্ধ্বকেশী শব্দের অর্থ—এ ; উগ্রভৈরবী শব্দের অর্থ—ঐ ; ভীমাক্ষী শব্দের অর্থ—ও ; ডাকিনী শব্দের অর্থ—ঔ ; রুদ্ররাকিণী শব্দের অর্থ—অং (অনুস্বার); চণ্ডিকা শব্দের অর্থ—অঃ (বিসর্গ) ; ক্রোধীশ শব্দের অর্থ—ক ; বামন শব্দের অর্থ—খ ; চণ্ড শব্দের অর্থ—গ ; বিকারী শব্দের অর্থ—ঘ ; উন্মত্ত-ভৈরবী

---

* বন্ধনীমধ্যগত পাঠঃ ক্বচিন্ন দৃশ্যতে।

১ ভৈরবঃ ; চঃ—জ্বালামুখঃ ; ছঃ—রক্তদ্রংষ্ট্রঃ ; জঃ—অসিতাঙ্গঃ ; ঝঃ—বড়বামুখঃ ; ঞঃ—বিদ্যুন্মুখঃ ; টঃ—মহাজ্বালঃ ; ঠঃ—কপালী ; ডঃ—ভীষণঃ ; ঢঃ—রুরুঃ ; ণঃ—সংহারী ; তঃ—ভৈরবঃ ; থঃ—দণ্ডী ; দঃ—বলিভুক্ ; ধঃ—উগ্রশূলধৃক ; নঃ—সিংহনাদী ; পঃ—কপর্দী ; ফঃ—করালাগ্নিঃ ; বঃ—ভয়ঙ্করঃ ; ভঃ—বহুরূপী ; মঃ—মহাকালঃ ; যঃ—জীবাত্মা ; রঃ—ক্ষতজোক্ষিতঃ ; লঃ—বলভেদী ; বঃ—রক্তপটঃ ; শঃ—চণ্ডীশঃ ; ষঃ—জ্বলনধ্বজঃ ; সঃ—ধূমধ্বজঃ ;
৮ হঃ—ব্যোমবক্ত্রঃ ; ক্ষঃ—ত্রৈলোক্য-গ্রসনাত্মকঃ ।

অথ বীজাভিধানম্

॥ ওঁ ॥

১২ বিদ্যুজ্জিহ্বা কালরাত্রি[১] র্মহাকালৈরলঙ্কৃতা ।
বিষবীজং শ্রুতিমুখং ধ্রুবং হালাহলং চ তৎ[২] ॥ ১

শব্দের অর্থ—ঙ ; জ্বালামুখ শব্দের অর্থ—চ ; রক্তদংষ্ট্র শব্দের অর্থ—ছ ; অসিতাঙ্গ শব্দের অর্থ—জ ; বড়বামুখ শব্দের অর্থ—ঝ ; বিদ্যুন্মুখ শব্দের অর্থ—ঞ ; মহাজ্বাল শব্দের অর্থ—ট ; কপালী শব্দের অর্থ—ঠ ; ভীষণ শব্দের অর্থ—ড ; রুরু শব্দের অর্থ—ঢ ; সংহারী শব্দের অর্থ—ণ ; ভৈরব শব্দের অর্থ—ত ; দণ্ডী শব্দের অর্থ—থ ; বলিভুক্ শব্দের অর্থ—দ ; উগ্র-শূল-ধৃক্ শব্দের অর্থ—ধ ; সিংহনাদী শব্দের অর্থ—ন ; কপর্দী শব্দের অর্থ—প ; করালাগ্নি শব্দের অর্থ—ফ ; ভয়ঙ্কর শব্দের অর্থ—ব ; বহুরূপী শব্দের অর্থ—ভ ; মহাকাল শব্দের অর্থ—ম ; জীবাত্মা শব্দের অর্থ—য ; ক্ষতজোক্ষিত শব্দের অর্থ—র ; বলভেদী শব্দের অর্থ—ল ; রক্তপট শব্দের অর্থ—ব ; চণ্ডীশ শব্দের অর্থ—শ ; জ্বলনধ্বজ শব্দের অর্থ—ষ ; ধূমধ্বজ শব্দের অর্থ—স ; ব্যোমবক্ত্র শব্দের অর্থ—হ ; ত্রৈলোক্যগ্রসনাত্মক শব্দের অর্থ—ক্ষ ।

বিদ্যুজ্জিহ্বা অ এবং কালরাত্রি উ মহাকাল মকারের দ্বারা অলঙ্কৃত হইলে প্রণব (ওঁ) হয়। উহার বাচক শব্দ হইতেছে—বিষবীজ শ্রুতিমুখ, ধ্রুব, হালাহল ॥ ১

১। কালবজ্রেতি ক্বচিৎ পাঠঃ। ২। হালাহলং প্রিয়ে! ইতি পাঠান্তরম্।

১ ॥ শ্রীং ॥

চণ্ডীশঃ ক্ষতজারূঢ়ো ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ।
নাদবিন্দু-সমাযুক্তো বীজং বিষ্ণুপ্রিয়াত্মকম্ ॥ ২

৪ ॥ হ্রীং ॥

ক্ষতজস্থো ব্যোমবক্ত্রো ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ।
নাদ-বিন্দু সমাযুক্তো মায়া লজ্জাহ্বয়ং[১] স্মৃতম্ ॥ ৩

॥ ক্রীং ॥

৮ ক্রোধীশঃ ক্ষতজারূঢ়ো ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ
নাদবিন্দুসমাযুক্তঃ পিতৃভূবাসি সংস্মৃতম্ ॥ ৪

॥ হূঁ ॥

বিদারী-যুক্তং ব্যোমাখ্যং রুদ্ররাকিণ্যলঙ্কৃতম্।
১২ কূর্চং কালং ক্রোধবীজং জানীহি বীরবন্দিতে ! ॥ ৫

॥ ঐং ॥

নাদবিন্দুসমাযুক্তাং সমাদায়োগ্রভৈরবীম্।
১৫ ভৌতিকং বাগ্‌ভবং বীজং বিদ্ধি বুদ্ধি-প্রবর্দ্ধনম্[২] ॥ ৬

চণ্ডীশ শ ক্ষতজ র দ্বারা যুক্ত এবং ধূম্রভৈরবী ঈ দ্বারা অলঙ্কৃত ও নাদ-বিন্দুদ্বারা যুক্ত হইলে উহা বিষ্ণুপ্রিয়া লক্ষ্মীর বীজ শ্রীং হয় ॥ ২

ব্যোমবক্ত্র হ ক্ষতজস্থ অর্থাৎ ক্ষতজ রকারের সহিত যুক্ত এবং ধূম্র-ভৈরবী ঈকারের দ্বারা অলঙ্কৃত ও নাদ বিন্দু দ্বারা সংযুক্ত হইলেই উহা মায়াবীজ বা লজ্জাবীজ হ্রীং বলিয়া কথিত হয় ॥ ৩

ক্রোধীশ ককার ক্ষতজ রকারের সহিত যুক্ত হইয়া ধূম্রভৈরবী দ্বারা অলঙ্কৃত ও নাদবিন্দু দ্বারা যুক্ত হইলে উহা শ্মশানবাসিনী কালিকার বীজ ক্রীং হয় ॥ ৪

হে বীরবন্দিতে ! ব্যোম হকার বিদারী উকারের দ্বারা যুক্ত ও রুদ্ররাকিণী অনুস্বারের দ্বারা অলঙ্কৃত হইলে উহাকে কূর্চবীজ, কালবীজ ও ক্রোধবীজ হুং বলিয়া জানিবে। ৫

(হে প্রিয়ে !) উগ্রভৈরবী ঐকে লইয়া নাদবিন্দু দ্বারা সংযুক্ত করিলে উহা ভৌতিক বুদ্ধিবর্দ্ধন বাগ্‌ভববীজ অর্থাৎ সরস্বতী বীজ ঐং হয় জানিবে ॥ ৬

১। বীজং প্রাথমিকমিতি পাঠান্তরম্। ২। বিদ্ধি সারস্বতং প্রিয়ে। ইতি কচিৎ পাঠঃ।

১ ॥ ফট্ ॥

প্রলয়াগ্নির্মহাজ্বালঃ খ্যাতশ্চাস্ত্র-মনুঃ প্রিয়ে ! ।

॥ ক্রোং ॥

৪ ক্রোধীশ-রক্ত-ভীমাক্ষ্যোঽঙ্কুশোঽয়ং নাদবিন্দুমান্ ॥ ৭

॥ স্বাহা ॥

দ্বিঠঃ শিবো বহ্নিজায়া স্বাহা জ্বলনবল্লভা ।

॥ ক্লীং ॥

৮ ক্রোধীশো বলভিদ্-ধূম্রভৈরবী-নাদবিন্দুভিঃ[১] ।

ত্রিমূর্ত্তির্মন্মথঃ কাম-বীজং ত্রৈলোক্যমোহনম্ ॥ ৮

॥ হুং ॥

ব্যোমাখ্যঃ কালরাত্র্যাঢ্যো বর্ম বিন্দীন্দু-সংযুক্তঃ ।

১২ কথিতং কবচং বীজং কুলাচারপ্রিয়েঽমলে ! ॥ ৯

॥ হ্রৌং ॥

ব্যোমাখ্যঃ ক্ষতজারূঢো ডাকিনী-নাদবিন্দুভিঃ ।

জ্যোতির্মন্ত্রঃ সমাখ্যাতো মহাপাতকনাশনঃ ॥ ১০

১৬ ॥ ব্রীং ॥

সংযুক্তো ধূম্রভৈরব্যা রক্তস্থো বলিভোজনঃ ।

নাদবিন্দুসমাযুক্তঃ কিঙ্কিণী-বীজমুত্তমম্ ॥ ১১

হে প্রিয়ে ! প্রলয়াগ্নি ফ এবং মহাজ্বাল ট্—এই দুইটি অস্ত্রমন্ত্র ফট্ বলিয়া প্রসিদ্ধ। ক্রোধীশ ক, রক্ত র, ভীমাক্ষী ওটি.নাদবিন্দুদ্বারা যুক্ত হইলে অঙ্কুশবীজ ক্রোং হয় ॥ ৭

দ্বিঠ, শিব, বহ্নিজায়া, স্বাহা, জ্বলনবল্লভা এই গুলির স্বাহা মন্ত্রের বাচক।

ক্রোধীশ ক, বলভিদ্ ল এবং ধূম্রভৈরবী ঈ নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই শ্রেষ্ঠ কামরাজ্যকর কামবীজ ক্লীং হইয়া থাকে। এই কামবীজের বাচক শব্দ হইতেছে—ত্রিমূর্ত্তি, মন্মথ, কামবীজ ও ত্রৈলোক্য-মোহন ॥ ৮

হে অমলে ! হে কুলাচার-প্রিয়ে। ব্যোমাখ্য হ কালরাত্রি উ নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই উহা কবচবীজ হুং বলিয়া কথিত হইয়া থাকে ॥ ৯

ব্যোমাখ্য হ ক্ষতজ রকারে আরূঢ় হইয়া ডাকিনী ঔ এবং নাদবিন্দু দ্বারা ভূষিত হইলেই মহাপাপনাশক জ্যোতির্মন্ত্র হ্রৌং হইয়া থাকে ॥ ১০

১। বলভেদি চ ধূম্রভৈরব্যলঙ্কৃতম্ নাদবিন্দু-সমাযুক্তং কামরাজ্যকরং পরমিতি ক্বচিৎ পাঠঃ।

১ ॥ ভ্রূং ॥

বহুরূপিণমাদায় ক্ষতজোক্ষিত-সংস্থিতম্ ।
বিদার্য্যালিঙ্গিতং তদ্বদ্ বিশেষার্থো মহামনুঃ ॥ ১২

৪ ॥ স্ফেং ॥

ধূমধ্বজাধঃ কালাগ্নিঃ সোর্দ্ধ্বকেশীন্দুবিন্দুভিঃ ।
যুগান্তকারকং বীজং ভৈরবেণ প্রকাশিতম্ ॥ ১৩

॥ পেৃং ॥

৮ সংহারিণ্যাশ্রিতঞ্চোর্দ্ধ্বকেশিনী তু কপর্দিনম্ ॥
নাদবিন্দুসমাযুক্তং বীজং বৈতালিকং স্মৃতম্ ॥ ১৪

॥ ক্লীং ॥ ক্লীং স্বাহা ॥

সনাদবিন্দুং ক্রোধীশং গৃহ্য সংহারিণী-স্থিতম্ ।
১২ কম্পিনীবীজমিত্যুক্তং দ্বিঠেনোক্তা মনোহরী ॥ ১৫

॥ প্রীং ॥

কপর্দিনং সমাদায় ক্ষতজোক্ষিত-সংস্থিতম্ ।
১৫ সংযুক্তং ধূম্রভৈরব্যা ধ্বাঙ্‌ক্ষোঽয়ং নাদবিন্দুমান্ ॥ ১৬

বলিভোজন দকারটি রক্তস্থ (রকারস্থ) হইয়া ধূম্রভৈরবী ঈ ও নাদবিন্দুর সহিত সংযুক্ত হইলে উহা উত্তম কিঙ্কিণী বীজ দ্রীং হয় ॥ ১১

বহুরূপী ভকে লইয়া ক্ষতজোক্ষিত রকারের সহিত সংযুক্ত ও পূর্ববৎ বিদারী উ দ্বারা ভূষিত করিলেই উহা বিশেষ ফলপ্রদ কিঙ্কিণীর মহাবীজ হয় ॥ ১২

ধূমধ্বজ সকারের অধোভাগে কালাগ্নি ফকারটি যুক্ত হইয়া উর্দ্ধ্বকেশী এ এবং নাদবিন্দু দ্বারা যুক্ত হইলেই উহা যুগান্তকারক বীজ স্ফেং হয়। উহা ভৈরবের দ্বারা প্রকাশিত হইয়াছে ॥ ১৩

কপর্দী. পকারটি সংহারিণী ৯র সহিত সংযুক্ত, উর্দ্ধ্বকেশী একারের দ্বারা ভূষিত ও নাদবিন্দু দ্বারা সংযুক্ত হইলেই উহা বেতালবীজ পেৃং বলিয়া কথিত হয় ॥ ১৪

নাদবিন্দু যুক্ত ক্রোধীশ ককারকে লইয়া সংহারিণী ৯র সহিত সংযুক্ত করিলেই উহা কম্পিনীবীজ ক্লীং বলিয়া কথিত হইয়া থাকে। উহা দ্বিঠ স্বাহার সহিত যুক্ত হইলে মনোহরী বীজ বলিয়া কথিত হয় ॥ ১৫

কপর্দী পকে লইয়া ক্ষতজোক্ষিত রকারের সহিত মিলিত ও ধূম্রভৈরবী ঈ

১ ॥ ঠং ঠং ॥ ঠঃ ঠঃ ॥

কপালী-দ্বয়মাদায় মহাকালেন মণ্ডিতম্ ।
সমাসনমিতি প্রোক্তং চণ্ডিকাঢ্যং মনোহরম্ ॥ ১৭

৪ ॥ স্ফীং ॥

প্রলয়াগ্নি-স্থিতো ধূম-ধ্বজো গুহ্যে সবিন্দুমান্ ।
সংযুক্তো ধূম্রভৈরব্যা স্মৃতা ফেৎকারিণী প্রিয়ে ! ॥ ১৮

হ্রুং ॥ হ্রূং ॥

৮ ক্ষতজস্থো ব্যোমবক্ত্রো বিন্দুখণ্ডেন্দ্বলংকৃতঃ ।
খদ্যোতমিতি বিখ্যাতং গ্রাসিনী কালরাত্রিযুক্ ॥ ১৯

॥ হ্রূং ॥

ক্ষতজস্থং ব্যোমবক্ত্রং নাদবিন্দু-সমন্বিতম্ ।
১২ বিদারীভূষণং কৃত্বা বীজং বৈবস্বতাত্মকম্[১] ॥ ২০

এবং নাদবিন্দুর সহিত সংযুক্ত হইলেই উহা কাকবীজ প্রীং হইয়া থাকে ॥ ১৬

দুইটি কপালী ঠকে লইয়া মহাকাল ম্‌কারের দ্বারা ভূষিত করিলেই উহা সমাসন বীজ বলিয়া কথিত হয়। ঐ কপালী ঠদ্বয় চণ্ডিকা (ঃ) বিসর্গযুক্ত হইলে উহা মনোহর বীজ হইয়া থাকে ॥ ১৭

হে প্রিয়ে! ধূমধ্বজ স নিম্নভাগে প্রলয়াগ্নি ফকারের দ্বারা সংযুক্ত হইয়া ধূম্রভৈরবী ঈ ও বিন্দুদ্বারা ভূষিত হইলে উহা ফেৎকারিণী বীজ স্ফীং বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১৮

ব্যোমবক্ত্র হটি ক্ষতজ (রকারস্থ) হইয়া নাদবিন্দু যুক্ত হইলেই উহা খদ্যোত বীজ হ্রুং বলিয়া কথিত হয়। ব্যোমবক্ত্র হটি ক্ষতজ র ও কালরাত্রি ঊ দ্বারা যুক্ত হইয়া নাদবিন্দু দ্বারা অলঙ্কৃত হইলেই উহা গ্রাসিনী বীজ হ্রূং বলিয়া বিখ্যাত হইয়াছে ॥ ১৯

ব্যোমবক্ত্র হকার কে ক্ষতজ র দ্বারা যুক্ত করিয়া বিদারী ঊ ও নাদবিন্দুযুক্ত করিলেই উহা বৈবস্বত বীজ হ্রূং হইয়া থাকে ॥ ২০

১। বৈবস্বতাত্মকমিতি পাঠভেদঃ।

১ ॥ হস্খ্ফ্রেং ॥

ব্যোমবক্ত্রো ধূমধ্বজো বামনঃ প্রলয়াগ্নিকঃ।
উর্ধ্বকেশী ক্ষতারূঢ়া বিন্দুচন্দ্রার্দ্ধ-সংগতা।
৪ বীজমানন্দভৈরব্যা মূকানন্দকরং পরম্ ॥ ২১
অকারে ভীষণা কীর্ত্তির্বিদ্যুজ্জিহ্বেতি কীর্ত্তিতা।
আকারে তামসী কালবজ্রী[১] চ কালভৈরবী ॥ ২২
ইকারে গর্জ্জিনী চণ্ডা বিজ্ঞেয়া রুদ্রভৈরবী।
৮ ঈকারে শূলিনী খ্যাতা চণ্ডোগ্রা ধূম্রভৈরবী ॥ ২৩
উকারে কালকূটাখ্যা[২] প্রচণ্ডা চণ্ড-বল্লভা।
বিদার্য্যুকারকে প্রোক্তা তালজঙ্ঘা[৩] কপালিনী ॥ ২৪
ঋকারে স্যান্ মহারৌদ্রী জ্বালিনী যোগিনীত্যপি।
১২ ৠকারে কালিকা প্রোক্তা পিতৃকালী ভয়ঙ্করী ॥ ২৫

ব্যোমবক্ত্র হ, পরে ধূমধ্বজ স্, পরে বামন খ্ পরে প্রলয়াগ্নি ফ টি ক্ষত রূঃ দ্বারা যুক্ত হইয়া উর্ধ্বকেশী এ এবং নাদবিন্দু দ্বারা অলঙ্কৃত হইলেই মূকগণের আনন্দ-কর আনন্দভৈরবীর শ্রেষ্ঠবীজ হ্স্খ্ফ্রেং হইয়া থাকে ॥ ২১

ভীষণা, কীর্ত্তি, বিদ্যুজ্জিহ্বা—ইহারা অকারের কলা ও বাচক বলিয়া কীর্ত্তিত। তামসী, কালবজ্রী (কালজিহ্বা), কালভৈরবী—এই শব্দগুলি আকারের কলা ও বাচক ॥ ২২

গর্জ্জিনী, চণ্ডা, রুদ্রভৈরবী—এইগুলিকে ইকারের কলা ও বাচক বলিয়া জানিবে। শূলিনী, চণ্ডোগ্রা, ধূম্রভৈরবী—এই শব্দগুলি ঈকারের কলা ও সংজ্ঞা বলিয়া প্রসিদ্ধ ॥ ২৩

কালকূটা (কালবক্ত্রা), প্রচণ্ডা, চণ্ডবল্লভা—এই শব্দগুলি উকারের কলা ও বাচক। বিদারী, তালজঙ্ঘা (নালজঙ্ঘা), কপালিনী—এই শব্দগুলি ঊকারের কলা ও বাচক শব্দ ॥ ২৪

মহারৌদ্রী, জ্বালিনী, যোগিনী—এই শব্দগুলি ঋকারের কলা ও বাচক। কালিকা পিতৃকালী, ভয়ঙ্করী—এই শব্দগুলি ৠকারের বাচক ॥ ২৫

১। কালজিহ্বেতি চ পাঠান্তরম্। ২। কালবক্ত্রাখ্যেতি চ পাঠভেদঃ। ৩। নালজঙ্ঘেতি চ পাঠান্তরম্।

১ সংহারিণী ঌকারে স্যান্ মেঘনাদোগ্রভাষিণী।
রুদ্রচণ্ডা কালরাত্রিঃ ৠকারে চ করালিনী ॥ ২৬
ঊর্ধ্বকেশী চ চামুণ্ডা নাদিন্যেকারকে স্মৃতা।
৪ ঐকারে কোটরাক্ষী চ মালিন্যুন্মত্তভৈরবী ।। ২৭
জ্বালিন্যোকারগা জ্ঞেয়া ভীমাক্ষী চণ্ডমালিনী।
ঔকারে ডাকিনী সিংহ-নাদিনী চণ্ডভৈরবী ॥ ২৮
অক্রূরাখ্যা বিদারী চ অংকারে রুদ্ররাকিণী[১]।
৮ শেষে কপালিনী যাম্যা চণ্ডিকা কুণ্ডলদ্বয়ম্ ॥ ২৯
বিসর্গো নাদঃ সকলাঃ ষড়্দশোক্তাঃ স্বরা মতাঃ ।। ২৯
ক্রোধীশো বামন[২]শ্চণ্ডো বিকার্য্যুন্মত্তভৈরবঃ।
১১ জ্বালামুখো রক্তদংষ্ট্রোঽসিতাঙ্গো বড়বামুখঃ[৩] ।। ৩০

সংহারিণী, মেঘনাদা, উগ্রভাষিণী—এই শব্দগুলি ঌকারের কলা ও বাচক। রুদ্রচণ্ডা, কালরাত্রি, করালিনী—এই শব্দগুলি ৠকারের কলা ও বাচক ॥ ২৬

ঊর্ধ্বকেশী, চামুণ্ডা, নাদিনী—এই শব্দগুলি একারের কলা ও বাচক। কোটরাক্ষী, মালিনী, উন্মত্তভৈরবী—এই শব্দগুলি ঐকারের কলা ও বাচক॥২৭

জ্বালিনী, ভীমাক্ষী, চণ্ডমালিনী—এই শব্দগুলি ওকারের কলা ও বাচক। ডাকিনী, সিংহনাদিনী, চণ্ডভৈরবী—এই শব্দগুলি ঔকারের কলা ও বাচক ॥ ২৮

অক্রূরা, বিদারী, রুদ্ররাকিণী (রুদ্রডাকিনী)—এই শব্দগুলি অংকারের (অনুস্বারের) কলা ও বাচক শব্দ। কপালিনী, যাম্যা, চণ্ডিকা, কুণ্ডলদ্বয়, বিসর্গ, নাদ—এই শব্দগুলি বিসর্গের কলা ও বাচক বলিয়া স্বীকৃত। তন্ত্রে কলার সহিত ষোলটি স্বর কথিত হইয়াছে ॥ ২৯

ককারের বাচক—ক্রোধীশ ; খকারের বাচক—বামন ; গকারের বাচক—চণ্ড ; ঘকারের বাচক—বিকারী ; ঙকারের বাচক—উন্মত্তভৈরব , চকারের বাচক—জ্বালামুখ , ছকারের বাচক—রক্তদংষ্ট্র ; জকারের বাচক—অসিতাঙ্গ, ঝকারের বাচক—বড়বামুখ ॥ ৩০

১। রুদ্রডাকিনীতি চ ক্বচিৎ। ২। বারণ ইতি ক্বচিৎ পাঠঃ। ৩। বলয়ামুখ ইতি ক্বচিৎ।

১ বিদ্যুন্মুখো মহাজ্বালো কপালী ভীষণো রুরুঃ।
প্রহারী রৌরবো দণ্ডী বলিভুগুগ্রশূলধৃক্[1] ॥ ৩১
সিংহনাদী কপর্দী চ করালাগ্নির্ভয়ঙ্করঃ[2]।
৪ বহুরূপী মহাকালো জীবাত্মা[3] ক্ষতজোক্ষিতঃ ॥ ৩২
বলভেদী রক্তপটশ্চণ্ডীশো জ্বলনধ্বজঃ।
ধূমধ্বজো ব্যোমবক্ত্রস্ত্রৈলোক্য-গ্রসনাত্মকঃ* ॥ ৩৩

॥ ওঁ ॥

৮ কণ্ঠাস্যঃ কালবজ্রেণ মহাকালেন ভূষিতঃ।
তদাদিঃ পঞ্চরশ্মিশ্চ সৃষ্টিস্থিতিলয়ং বিষম্ ॥ ৩৪

॥ শ্রীং ॥

শূলিন্যা সহিতোঽগ্নিস্থশ্চণ্ডীশ ইন্দুবিন্দুমান্।
১২ এতদ্ বিষ্ণুপ্রিয়াবীজং যস্মাত্যং জগতঃ প্রিয়ম্ ॥ ৩৫

ঞকারের বাচক—বিদ্যুন্মুখ; টকারের বাচক—মহাজ্বাল, ঠকারের বাচক—কপালী; ডকারের বাচক—ভীষণ; ঢকারের বাচক—রুরু; ণকারের বাচক—প্রহারী, তকারের বাচক—রৌরব; থকারের বাচক—দণ্ডী; দকারের বাচক—বলিভুক্; ধকারের বাচক—উগ্রশূলধৃক্ ॥ ৩১

নকারের বাচক—সিংহনাদী; পকারের বাচক—কপর্দী, ফকারের বাচক—করালাগ্নি; বকারের বাচক—ভয়ঙ্কর; ভকারের বাচক—বহুরূপী; মকারের বাচক—মহাকাল; যকারের বাচক—জীবাত্মা; রকারের বাচক—ক্ষতজ ॥ ৩২

লকারের বাচক—বলভেদী; বকারের বাচক—রক্তপট; শকারের বাচক—চণ্ডীশ; ষকারের বাচক—জ্বলনধ্বজ; সকারের বাচক—ধূমধ্বজ, হকারের বাচক—ব্যোমবক্ত্র, ক্ষকারের বাচক—ত্রৈলোক্যগ্রসন ॥ ৩৩

কণ্ঠাস্য অকার কালবক্ত্র উ ও মহাকাল মকারের সহিত ভূষিত হইলেই প্রণব হয়। তদাদি, পঞ্চরশ্মি, সৃষ্টি-স্থিতিলয়, বিষ—এই শব্দগুলি প্রণবের বাচক ॥ ৩৪

১। বলিতোঽপ্যুগ্রেতি। ২। প্রলয়াগ্নিরিতি। ৩। হিরণ্যেতি চ পাঠভেদঃ।

* ত্রৈলোক্য-গ্রসনাত্মক ইত্যনন্তরমধিকমেতৎ শ্লোকদ্বয়ং ক্বচিদ্ দৃশ্যতে—

নয়ন-শ্রোত্রাস্য-নাসা-হৃৎসু ন্যাসে দশ স্বরাঃ।
গজিনী-ধূম্রভৈরব্যাবভাবে চ দৃশোঃ স্মৃতে ॥
মূলার্ণমুখমাদিষ্টং হৃদয়ং স্বরশক্তয়ঃ।
আদিমধ্যাবসানেষু পূর্বাভাবে যথোত্তরম্ ॥

১ ॥ হ্রীং ॥

ক্ষতজস্থো ব্যোমবক্ত্রশ্চণ্ডোগ্রাবিন্দুভূষিতঃ।
অদ্রিজা রৌদ্রী ভূতেশী বীজং প্রাথমিকং প্রিয়ম্ ॥ ৩৬

৪ ॥ ক্রীং ॥

ক্রোধীশো রক্তসংস্থশ্চ ধূম্রভৈরব্যলঙ্কৃতঃ।
বিন্দ্বিন্দু-সংযুতো বীজং দ্রাবণং ক্লেদনং স্মৃতম্ ॥ ৩৭

॥ হূঁ ॥

৮ ব্যোমাস্যো বিন্দুসংযুক্তস্তালজঙ্ঘা-বিভূষিতঃ।
কূর্চং কালো মহাকালঃ ক্রোধবীজং নিরঞ্জনম্ ॥ ৩৮

॥ ঐং ॥

উন্মত্তভৈরবী রুদ্রডাকিন্যা চ বিভূষিতা।
১২ নাদেনালংকৃতা বীজং বাগ্‌ভবং বুদ্ধিবর্দ্ধনম্ ॥ ৩৯

॥ ফট্ ॥ ক্রোং ॥

ফড়িত্যস্ত্রং প্রসিদ্ধং স্যাদ্ জ্বালাগ্নির্ব্যাপকাঙ্কুশঃ।

চণ্ডীশ শ অগ্নিস্থ (রকারস্থ) হইয়া শূলিনী ঈর সহিত নাদবিন্দুমান্ হইলেই উহা বিষ্ণুপ্রিয়া লক্ষ্মীর বীজ শ্রীং হয়। যাহা জগতের মান্য ও প্রিয় ॥ ৩৫

ব্যোমবক্ত্র হকার ক্ষতজস্থ (র যুক্ত) হইয়া চণ্ডোগ্রা ঈ ও বিন্দু ভূষিত হইলে প্রিয় প্রাথমিক মায়াবীজ হ্রীং হয়। অদ্রিজা, রৌদ্রী, ভূতেশী—এই শব্দগুলি ইহার বাচক ॥ ৩৬

ক্রোধীশ ককার রক্তস্থ (রবর্ণের সহিত যুক্ত) হইয়া ধূম্রভৈরবী ঈকারের দ্বারা ভূষিত ও নাদ-বিন্দু দ্বারা যুক্ত হইলে দ্রাবণ বীজ বা ক্লেদনবীজ ক্রীং হয় ॥ ৩৭

ব্যোমাস্য হকার তালজঙ্ঘা উকারের দ্বারা ভূষিত ও বিন্দুযুক্ত হইলে ক্রোধবীজ হূঁ হয়। কূর্চ, কাল, মহাকাল, নিরঞ্জন—এই শব্দগুলি ক্রোধবীজের বাচক ॥ ৩৮

উন্মত্তভৈরবী ঐ রুদ্রডাকিনী অনুস্বার দ্বারা দ্বারা ভূষিতা ও নাদের দ্বারা অলঙ্কৃতা হইলেই বুদ্ধিবর্দ্ধক বাগ্‌ভব বীজ ঐং হয় ॥ ৩৯

ফট্ এইটি অস্ত্রবীজ বলিয়া প্রসিদ্ধ। জ্বালাগ্নি, ব্যাপক ও অঙ্কুশ—এই

১ ॥ স্বাহা ॥

শিরঃ স্বাহা দ্বিঠো বহ্নি-জায়া জ্বলন-বল্লভা ৪০

দক্ষজানুদ্বয়ং সেন্দুঃ দেবাস্যং বহ্নিসুন্দরী।

৪ ॥ ক্লীং ॥

ইন্দ্রাসন-গতো ব্রহ্মা ত্রিমূর্ত্তীন্দুশ্চ মন্মথঃ ॥ ৪১

॥ হুং ॥

গর্জ্জিনী-ধূম্রভৈরব্যৌ দক্ষ-বাম-পয়োধরৌ।

৮ ব্যোমাস্যঃ কালবক্ত্রাঢ্যো বর্ম বিন্দ্বীন্দু-সংযুতঃ ॥ ৪২

॥ হ্রৌং ॥

শূন্যং ক্ষতজমারূঢ়ং চণ্ডভৈরব্যলঙ্কৃতম্।

নাদ-বিন্দুযুতং মূর্দ্ধ্নি জ্যেতির্মন্ত্র উদাহৃতঃ ॥ ৪৩

১২ আদিদেবেন নির্দ্দিষ্টং মন্ত্রকোষমনুত্তমম্।

যদর্থিভ্যঃ পুরা গুপ্তং তন্ময়াদ্য প্রকাশিতম্ ॥ ৪৪

যক্ষডামরতন্ত্রস্য মন্ত্রকোষবিবেচনম্।

১৫ ক্রোধীশেন তু যৎ প্রোক্তং ভৈরবায় মহাত্মনে ॥ ৪৫

শব্দগুলি ক্রোং বীজের বাচক। শিরঃ, স্বাহা, দ্বিঠ, বহ্নিজায়া, জ্বলন-বল্লভা, দক্ষজানুদ্বয় (ঠঠ), ইন্দু, দেবাস্য, বহ্নি-সুন্দরী—এই শব্দগুলি স্বাহার বাচক। ব্রহ্মা ক ইন্দ্রাসনগত (লর সহিত মিলিত হইয়া) ত্রিমূর্ত্তি ঈ ও ইন্দুর (ং) সহিত যুক্ত হইলেই মন্মথবীজ ক্লীং হয় ॥ ৪০+৪১

দক্ষপয়োধর ও বামপয়োধর, গর্জ্জিনী ও ধূম্রভৈরবী ইহারা যথাক্রমে ই ও ঈ স্বরের বাচক। ব্যোমাস্য হ কালবক্ত উকারের সহিত যুক্ত হইয়া নাদবিন্দু দ্বারা ভূষিত হইলেই বর্মবীজ হুং হয় ॥ ৪২

শূন্য হ ক্ষতজ রকারে আরূঢ় হইয়া চণ্ডভৈরবী ঔ দ্বারা যুক্ত ও মস্তকে নাদবিন্দু দ্বারা ভূষিত হইলে জ্যোতির্মন্ত্র হ্রৌং হয় ॥ ৪৩

যাহা প্রার্থিগণের নিকট পূর্বে গুপ্ত ছিল, সেই অত্যুত্তম মন্ত্রকোষ আদিদেব মহাদেব কর্ত্তৃক উপদিষ্ট হইয়াছে। মহাত্মা ভৈরবের নিকট ক্রোধীশ মহাদেব যক্ষ ডামরতন্ত্রের যে মন্ত্রকোষ বিবেচনা করিয়া বলিয়াছিলেন, তাহা আজ আমি প্রকাশ করিলাম ॥ ৪৪-৪৫

১ বিদ্যুচ্চণ্ডাশিনী গৌরী ক্রোশিনী নাগিনী জয়া।
কিন্নরী যোগিনী যক্ষী ভূতিনী প্রেতিনী নরী[১]।
যামিনী[২] ত্রাসিনী চণ্ডী কলেত্যেবং প্রকীর্ত্তিতা ॥ ৪৬
৪ ভৈরবেমরসর্বাসু ভূতলাঙ্গল-বরাসু চ ॥ (?)*
সুভগা সুমুখী চণ্ডী পার্বতী সুরতপ্রিয়া।
উর্বশী চৈন্দ্রিণী[৩] লীলা কঙ্কালী মেখলা শচী ॥ ৪৭
মালিনী হংসিনী চৌলা কলনা ভূমিনীতি[৪] চ।
৮ আদিদেবেন নির্দিষ্টা প্রথমাধিপ-শক্তয়ঃ ॥ ৪৮
বিভ্রমো বাহুলো দণ্ডী ভৈরবো নটকঃ শুকঃ।
বৃকোদরো জটো ভীষ্মঃ ক্ষোভকো খেচরো[৫] নটঃ ॥ ৪৯
নিশাচরো ধ্বজী ভীমো বিচিত্রঃ কৌষিকো যমঃ।
১২ লিঙ্গী বৎসাধিকো ভৃঙ্গী মণিভদ্রো ঘটোৎকচঃ ॥ ৫০
মহানন্দী শুকো দণ্ডী সুগ্রীবঃ কলহো ভবঃ।
দণ্ডী ভাষান্তকোঽজেশো হংসঃ[৬] পক্ষেশ্চরো হলী ॥ ৫১

বিদ্যুৎ, চণ্ডাশিনী, গৌরী, ক্রোশিনী, নাগিনী, জয়া, কিন্নরী, যোগিনী, যক্ষী, ভূতিনী, প্রেতিনী, নরী (নটী), যামিনী (গ্রাসিনী), ত্রাসিনী, চণ্ডী—এই প্রকার কলা কীর্ত্তিত হইয়াছে ॥ ৪৬

সুভগা, সুমুখী, চণ্ডী, পার্বতী, সুরতপ্রিয়া, উর্বশী, ঐন্দ্রিণী (চিত্রিণী), লীলা, কঙ্কালী, মেখলা, শচী, মালিনী, হংসিনী, চৌলা, কলনা, ভূমিনী (ধূমিনী),—এই প্রকার প্রথমাধিপ (স্বরাধিপ) গণের শক্তি আদিদেব মহাদেব কর্ত্তৃক নির্দিষ্ট হইয়াছে ॥ ৪৭-৪৮

বিভ্রম, বাহুল, দণ্ডী, ভৈরব, নটক, শুক, বৃকোদর, জট, ভীষ্ম, ক্ষোভক, খেচর, নট, নিশাচর, ধ্বজী, ভীম, বিচিত্র, কৌষিক, যম, লিঙ্গী, বৎসাধিক, ভৃঙ্গী, মণিভদ্র, ঘটোৎকচ, মহানন্দী, শুক, দণ্ডী, সুগ্রীব, কলহ, ভব, দণ্ডী, ভাষান্তক, অজেশ (গর্গ), হংস, পক্ষেশ্চর, হলী—এই গুলি ব্যঞ্জনের অধিপতি ॥ ৪৯-৫১

১। নটীতি পাঠান্তরম্। ২। গ্রাসিনীতি পাঠান্তরম্। ৩। চিত্রিণীতি পাঠান্তরম্। ৪। ধূমিনীতি পাঠান্তরম্। ৫। খচর ইতি পাঠভেদঃ ৬। গর্গ ইতি পাঠান্তরম্।

* এই শ্লোকাংশটী অশুদ্ধ ও পূর্বাপর সঙ্গতিহীন মনে হইতেছে, এজন্য উহার অনুবাদ দেওয়া হইল না।

॥ ওঁ ॥

১ চণ্ডীবীজমিতি খ্যাতং বিদ্যুন্নাগাঙ্গনাংশুকৈঃ।
রসাধিকেঽংশুকান্ত্যা চ ধূমিন্যা কিঙ্করঃ[১] স্মৃতঃ ॥ ৫২

॥ হূং ॥

৪ উর্বশ্যালঙ্কৃতো হংসো হংসেন্দু-মস্তকোদ্ধৃতঃ।

॥ হুঁ ॥

বিদ্যুচ্চণ্ডা চ হংসী চ কেতুর্নগিন্যলঙ্কৃতা ॥ ৫৩*

॥ শ্রীং ॥

৮ ডিণ্ডিভেন সরক্তেন কামিনী বিন্দুভিঃ শশী।

॥ হ্রীং ॥

হংস-সুগ্রীব পার্বত্যা কপর্দীন্দ্বাদ্যলঙ্কৃতা ॥ ৫৪

॥ ক্রীং ॥

১২ বিগ্রহ-কলহ-কামিনীন্দ্বাদি-প্রাণহারিণী।
বিভ্রমো রক্তপার্বত্যৈ স্বাহা উল্কামুখী স্মৃতা ॥ ৫৫

॥ ঠং ॥

জালন্ধরীতি বিখ্যাতা সবিন্দ্বিন্দু-কলা নটী।

১৬ ॥ হ্রাং ॥

হংস-সুগ্রীব-চণ্ডাদ্যৈঃ খদ্যোতঃ পরিকীর্ত্তিতঃ ॥ ৫৬

বিদ্যুৎ অ, নাগ উ, অঙ্গনা ম ও অংশু অর্থাৎ নাদবিন্দুর যোগে চণ্ডীবীজ ওঁ হয় ॥ ৫২

হংস হ উর্বশী ঊ দ্বারা অলঙ্কৃত হইয়া মস্তকে নাদবিন্দু ধারণ করিলে উহা হূং বীজ হয়। ৫৩

নটী ঠ বিন্দু ও ইন্দুকলার অর্থাৎ নাদবিন্দুর সহিত মিলিত হইলে উহা জালন্ধরী বীজ বলিয়া কথিত হয়। হংস হ, সুগ্রীব র, চণ্ডাদি (চণ্ডাশিনী) আ ও নাদবিন্দু দ্বারা ভূষিত হইলেই খদ্যোত বীজ বলিয়া কথিত হয় ॥ ৫৬

১। কিন্নর ইতি পাঠান্তরম্।

*৫২ শ্লোকের শেষাংশ অশুদ্ধ মনে হইতেছে। এজন্য উহার অনুবাদ দেওয়া হইল না।

২। ৫৩ শ্লোকের শেষাংশ ও ৫৪, ৫৫ শ্লোক অশুদ্ধ মনে হইতেছে, এজন্য সেগুলির অনুবাদ দেওয়া হইল না।

॥ হৌং ॥

১ শ্যামালিঙ্গিত-দেহোঽসৌ খদ্যোতো জ্যোতিরীরিতঃ।

॥ দ্রুং ॥

যমঃ সুগ্রীবঃ কামিনীন্দ্রেন্দ্বাঢ্যৈঃ কিন্নরীতি চ ॥ ৫৭

॥ দ্রাং ॥

৪ সুগ্রীবোঽপি যমশ্চণ্ডো নীলাদ্যৈর্বাণ ঈরিতঃ।

॥ দ্রুং ॥

যমঃ সুগ্রীব-বিন্দ্বীন্দু-জয়াদ্যঃ পিশিতাশনঃ ॥ ৫৮

॥ স্ফেং ॥

৮ ত্যাগিনং মণিভদ্রস্থং প্রেতিনীন্দ্বাদ্যলঙ্কৃতম্।

যুগান্তকারকং বীজং ভৈরবেণ প্রকাশিতম্ ॥ ৫৯

প্লেং ॥ প্লেং স্বাহা ॥

ভৃঙ্গিনং মেখলাযুক্তং প্রেতিনীন্দ্বাদ্যলঙ্কৃতম্।

১২ বীজং বৈতালিকং প্রোক্তং দ্বিঠেনোক্তা মনোহরী ॥ ৬০

॥ প্রীং ॥

বিভ্রমো ধূমিনী বিন্দুচ্চণ্ডিকাদ্যস্তু কাকিনী।

ধ্বাঙ্‌ক্ষবীজমিতি খ্যাতং সর্বতন্ত্রেষু গোপিতম্ ॥ ৬১

এই খদ্যোত বীজের শরীরটি অর্থাৎ হ্রাং টী শ্যামা ঔকারের দ্বারা আলিঙ্গিত (যুক্ত) হইলেই উহা জ্যোতির্মন্ত্র বলিয়া কথিত হয়। যম দ, সুগ্রীব র, কামিনী উ ও নাদবিন্দু মিলিত হইলেই কিন্নরী বীজ দ্রুং হয় ॥ ৫৭

যম, দ, সুগ্রীব র, চণ্ডা আ নীলাদি অর্থাৎ নাদবিন্দু উহারা মিলিত হইলেই বাণ বীজ দ্রাং হয়। যম দ, সুগ্রীব র, জয়াদ্য উ এবং নাদবিন্দু মিলিত হইলেই উহা পিশিতাশনবীজ দ্রুং হয় ॥ ৫৮

ত্যাগী স মণিভদ্রস্থ অর্থাৎ ফকারের সহিত যুক্ত হইয়া প্রেতিনী এ ও নাদ-বিন্দু দ্বারা সংযুক্ত হইলেই উহা যুগান্তরকারক বীজ বলিয়া কথিত হয়। উহা ভৈরব কর্তৃক প্রকাশিত হইয়াছে ॥ ৫৯

ভৃঙ্গী প, মেখলা ল, পরস্পর সংযুক্ত হইয়া প্রেতিনী এ ও নাদবিন্দু দ্বারা অলঙ্কৃত হইলেই উহা বৈতালিক বীজ বলিয়া কথিত হয়। ঐ বৈতালিক বীজ দ্বিঠ স্বাহার সহিত মিলিত হইলে মনোহরী বীজ হয় ॥ ৬০

॥ ফ্রেং ॥

১৬ নটদ্বয়েন ধুমিন্যা উর্দ্ধকেশ্যা হ্যলঙ্কতম্ ।

॥ টং ঠং ॥

নটো ধবান সংযুক্তো নটী-তীক্ষ্ণ পয়োধরৈঃ ॥ ৬২

॥ স্ফীং ॥

১ পার্বত্যালিঙ্গিতং মণিভদ্রস্থং যোগিনী প্রিয়ে !

ফেৎকারিণীতি বিখ্যাতা বিছ্যুচ্চণ্ড-বিভূষিতা ॥ ৬৩*

সুগ্রীবাস্থিলয়ঃ শ্রোত্রে হৃষ্টত্বাবিকলাদৃশঃ । (?)

৪ বিকলায়াঃ স্বভাবে চ স্যাদ্ গৌরীতি চ পার্বতী ॥ ৬৪

মূলার্ণমাসমাখ্যাতং হৃদয়ং স্বরশক্তয়ঃ ।

ভবস্থিত্যবসানেষু বিজ্ঞাতব্যং যথোত্তরম্ ॥ ৬৫

আদিদেবেন নির্দিষ্টং জম্বুদ্বীপে কলৌ যুগে ।

৮ মন্ত্রকোষমিদং ভূত-যক্ষডামরতন্ত্রয়োঃ ।[১]

মর্ত্ত্যানামুপকারায় ত্রিষু লোকেষু ত্বর্লভম্ ॥ ৬৬

ইতি শ্রীভৈরববিরচিতো বীজনিঘণ্টু-মন্ত্রকোষঃ সমাপ্তঃ ।

হে যোগিনী-প্রিয়ে। মণিভদ্র ফ পার্বতী সকারের সহিত ও বিদ্যুচ্চণ্ড ঈ-কারের সহিত মিলিত হইয়া নাদবিন্দু মান্ হইলে উহা ফেৎকারিণী বীজ বলিয়া কথিত হন ॥ ৬৩

মূলবর্ণ সম্যক্‌রূপে উপদিষ্ট হইয়াছে। হৃদয় ও স্বরের শক্তিসমূহও কথিত হইয়াছে। সৃষ্টি, স্থিতি ও প্রলয়ে উত্তর উত্তর ক্রমে উহা জানিতে হইবে ॥ ৬৪

কলিযুগে জম্বুদ্বীপে মর্ত্ত্যলোকের উপকারের জন্য ত্রিলোকের দুর্লভ যক্ষ-ডামর ও ভূতডামর তন্ত্রে এই মন্ত্রকোষ আদিদেব মহাদেব কর্ত্তৃক উপদিষ্ট হইয়াছে ॥ ৬৫

শ্রীভৈরব বিরচিত বীজ নিঘণ্টু মন্ত্রকোষ সমাপ্ত হইল।

---

* ৬১, ৬২ ও ৬৪ শ্লোক অশুদ্ধ বলিয়া উহাদের অনুবাদ দেওয়া হইল না। এশিয়াটিক সোসাইটির একখানি মাত্র পুথি দেখিয়া কিছু ভুল সংশোধন করিলেও সমস্ত সংশোধন করিতে পারি নাই। অন্য পুথিও পাই নাই।

১। বর্ত্তমান মুদ্রিত যক্ষডামর বা ভূতডামরে এই মন্ত্র কোষটি দেখিতে পাওয়া যায় না।

অথ বরদা-তন্ত্রোক্ত-

মন্ত্রার্থাভিধানম্

১ শিব উবাচ—

মন্ত্রার্থং কথয়াম্যত্ব শৃণুষ্ব পরমেশ্বরি ! ।
বিনা যেন ন সিধ্যেৎ তু সাধনৈঃ কোটিশঃ শিবে ! ॥ ১

৪ আদৌ প্রাসাদবীজস্য মন্ত্রার্থং শৃণু পার্বতি ! ।

॥ হ্ + ঔ + ং = হৌং ॥

শিববাচী হকারস্তু ঔকারঃ স্যাৎ সদাশিবঃ ॥
শূন্যং দুঃখহরার্থস্তু তস্মাৎ তেন শিবং যজেৎ ॥ ২

৮ ॥ দ্ + উ + ং = দুং ॥

দো দুর্গাবাচকো দেবি ! উকারশ্চাপি রক্ষণে ।
বিশ্বমাতা নাদরূপঃ কুর্বর্থো বিন্দুরূপকঃ ।

১১ তস্মাৎ তেনৈব বীজেন দুর্গামারাধয়েচ্ছিবে ! ॥ ৩

শ্রীশিব বলিলেন—হে শিবে ! যে মন্ত্রার্থের জ্ঞান ব্যতীত কোটি কোটি সাধনের দ্বারা সিদ্ধিলাভ হয় না, হে পরমেশ্বরি ! আজ সেই মন্ত্রার্থ বলিতেছি, শ্রবণ কর ॥ ১

হে পার্বতি ! প্রথমে প্রাসাদ বীজের মন্ত্রার্থ শ্রবণ কর । হকার, ঔকার ও নাদবিন্দুর যোগে প্রাসাদ বীজ হয় । তন্মধ্যে হকারের অর্থ—শিব, ঔকার হইতেছেন সদাশিব, নাদবিন্দুর অর্থ হইতেছে দুঃখহর । মন্ত্রার্থ হইল—সদাশিবাভিন্ন শিব দুঃখহর । অতএব দুঃখ নিবৃত্তির জন্য সেই প্রাসাদবীজের দ্বারা শিবের আরাধনা করিবে ॥ ২

দকার, উকার ও নাদবিন্দুর যোগে দুর্গার বীজ দুং হয় । তন্মধ্যে দকারের অর্থ হইতেছে দুর্গা ; উকারের অর্থ—রক্ষণ । নাদ হইতেছেন বিশ্বমাতা ; বিন্দুর অর্থ— কৃতিবিষয়ক ইচ্ছা । অতএব হে শিবে ! মন্ত্রার্থ হইল — বিশ্বমাতা দুর্গা দুর্গতি হইতে রক্ষা করিতে অভিলাষিণী । অতএব দুর্গতি হইতে রক্ষার জন্য সেই দুর্গাবীজের দ্বারা দুর্গার আরাধনা করিবে ॥ ৩

১ ॥ ক্‌+র্‌+ঈ+ং=ক্রীং ॥

কঃ কালী ব্রহ্ম রঃ প্রোক্তং মহামায়ার্থকশ্চ ঈঃ।

বিশ্বমাত্রর্থকো নাদো বিন্দুর্দুঃখহরার্থকঃ ॥

৪ তেনৈব কালিকাদেবীং পূজয়েদ্‌ দুঃখ-শান্তয়ে ॥ ৪

॥ হ্‌+র্‌+ঈ+ং=হ্রীং ॥

হকারঃ শিববাচী স্যাদ্‌ রেফঃ প্রকৃতিরুচ্যতে।

মহামায়ার্থ ঈশব্দো নাদো বিশ্বপ্রসূঃ স্মৃতঃ

৮ দুঃখহরার্থকো বিন্দুর্ভুবনাং তেন পূজয়েৎ ॥ ৫

॥ শ্‌+র্‌+ঈ+ং=শ্রীং ॥

মহালক্ষ্ম্যর্থকঃ শঃ স্যাদ্‌ ধনার্থো রেফ উচ্যতে।

ঈস্তুষ্ট্যর্থঃ পরো নাদো বিন্দুর্দুঃখহরার্থকঃ ॥

১২ লক্ষ্মীদেব্যা বীজমেতৎ তেন দেবীং প্রপূজয়েৎ ॥ ৬

ককার, রকার, ঈকার ও নাদবিন্দুর যোগে কালীবীজ ক্রীং হয়। তন্মধ্যে ককার হইতেছেন কালী; রকার হইতেছেন ব্রহ্ম, ঈকার হইতেছেন মহামায়া, নাদের অর্থ—বিশ্বমাতা, বিন্দুর অর্থ—দুঃখহর। মন্ত্রার্থ হইল—বিশ্বমাতা ব্রহ্ম-শক্তি মহামায়ারূপ কালী দুঃখহারিণী। অতএব বিশ্বের রক্ষা ও দুঃখের শান্তির জন্য সেই কালিকাবীজের দ্বারা কালিকার আরাধনা করিবে ॥ ৪

হকার, রকার, ঈকার ও নাদবিন্দুর যোগে ভুবনেশ্বরীবীজ হ্রীং হয়। তন্মধ্যে হকারের অর্থ—শিব। রকার হইতেছেন প্রকৃতি। ঈকারের অর্থ—মহামায়া। নাদ হইতেছেন বিশ্বজননী। বিন্দু হইতেছেন দুঃখ-হর। মন্ত্রার্থ হইল—বিশ্ব-জননী প্রকৃতিরূপিণী শিবশক্তি মহামায়া দুঃখহারিণী। অতএব বিশ্বের রক্ষা ও দুঃখ নিবৃত্তির জন্য সেই ভুবনেশী বীজের দ্বারা ভুবনেশ্বরীর পূজা করিবে ॥ ৫

শকার, রকার, ঈকার ও নাদবিন্দুর যোগে লক্ষ্মীর বীজ শ্রীং হয়। তন্মধ্যে শকারের অর্থ—মহালক্ষ্মী। রকারের অর্থ—ধন, ঈকারের অর্থ—তুষ্টি। নাদের অর্থ—শ্রেষ্ঠ। বিন্দুর অর্থ—দুঃখহর। মন্ত্রার্থ হইল—মহালক্ষ্মী পরম ধনসন্তোষ-দায়িনী ও দুঃখহারিণী। অতএব ধনলাভে পরম সন্তোষ ও দুঃখ নিবৃত্তির জন্য সেই লক্ষ্মীবীজের দ্বারা লক্ষ্মীর পূজা করিবে ॥ ৬

১ ॥ ঐ+ং=ঐং ॥

সরস্বত্যর্থ ঐঃ শব্দো বিন্দুর্দুঃখহরার্থকঃ।
সরস্বত্যা বীজমেতৎ তেন বাণীং প্রপূজয়েৎ ॥ ৭

৪ ॥ ক্+ল্+ঈ+ং=ক্লীং ॥

কঃ কামদেব উদ্দিষ্টোঽপ্যথবা কৃষ্ণ উচ্যতে।
ল ইন্দ্র ঈস্তুষ্টিবাচী সুখদুঃখপ্রদশ্চ অং ॥
কামবীজার্থ উক্তস্তে তব স্নেহান্মহেশ্বরি ! ॥ ৮

৮ ॥ হ+উ+ং=হুং ॥

হঃ শিবঃ কথিতো দেবি ! উ ভৈরব ইহোচ্যতে।
পরার্থো নাদশব্দস্তু বিন্দুর্দুঃখহরার্থকঃ।
বর্মবীজং ত্রিভির্হ্যত্র কথিতস্তব যত্নতঃ ॥ ৯

১২ ॥ গ+ং=গং ॥

গণেশার্থো গ উক্তস্তে বিন্দুর্দুঃখহরার্থকঃ।
গং-বীজার্থস্তু কথিতস্তব স্নেহান্মহেশ্বরি ! ॥ ১০

ঐকার ও নাদবিন্দুর যোগে সরস্বতীর বীজ ঐং হয়। তন্মধ্যে ঐকারের অর্থ—সরস্বতী। নাদবিন্দুর অর্থ—দুঃখহর। মন্ত্রার্থ হইল—সরস্বতী দুঃখ-হারিণী। অতএব দুঃখ নিবৃত্তির জন্য সেই সরস্বতী বীজের দ্বারা বাণীর অর্চনা করিবে ॥ ৭

ককার, লকার, ঈকার ও নাদবিন্দুর যোগে কামবীজ বা কৃষ্ণবীজ ক্লীং হয়। তন্মধ্যে ককার কামদেব বলিয়া উপদিষ্ট হইয়াছেন অথবা ককার কৃষ্ণ বলিয়াও কথিত হন। লকার হইতেছেন ইন্দ্র। ঈকারের অর্থ তুষ্টি। নাদবিন্দুর অর্থ—সুখদুঃখপ্রদ। মন্ত্রার্থ হইল—ইন্দ্রাভিন্ন কামদেব বা কৃষ্ণ শ্রেষ্ঠ সুখদুঃখপ্রদ। হে মহেশ্বরি! তোমার প্রতি স্নেহবশতঃ কামবীজের অর্থ তোমার নিকট বলিলাম ॥ ৮

হকার, উকার ও নাদবিন্দুর যোগে বর্মবীজ হুং হয়। হে দেবি! ইহলোকে হকার শিব ও উকার ভৈরব বলিয়া কথিত হইয়াছেন। নাদশব্দের অর্থ—শ্রেষ্ঠ। বিন্দু শব্দের অর্থ—দুঃখহর। এই তিনটির দ্বারা বর্মবীজ হয়। মন্ত্রার্থ হইল—ভৈরব শিব শ্রেষ্ঠ দুঃখহর। তোমার যত্নে ইহা কথিত হইল ॥ ৯

গকার ও নাদবিন্দুর যোগে গণেশবীজ গং হয়। তন্মধ্যে গকারের অর্থ—

১ ॥ গ্+ল্+ঔ+ং=গ্লৌং ॥

গো গণেশো ব্যাপকার্থো লকারস্তেজ ঔর্মতঃ।
দুঃখহরার্থকো বিন্দুর্গণেশং তেন পূজয়েৎ ॥ ১১

৪ ॥ ক্ষ্+র্+ঔ+ং=ক্ষ্রৌং ॥

ক্ষো নৃসিংহো ব্রহ্ম রশ্চ ঊর্ধ্বদন্তার্থকশ্চ ঔঃ।
দুঃখহরার্থকো বিন্দুর্নৃসিংহং তেন পূজয়েৎ ॥ ১২

নামাদিবর্ণঃ সর্বেষাং নাম উক্তং স্বয়ম্ভুবা।
৮ তেনৈবার্থন্তু জানীয়াদর্থলভ্যন্তু চিন্তয়েৎ ॥ ১৩

যথাযথং বিভক্ত্যর্থং মন্ত্রার্থে চিন্তয়েচ্ছিবে!।
তত্তদ্‌বর্ণাদি-যোগেন সংক্ষেপাৎ কথিতং ত্বয়ি ॥ ১৪

গণেশ, বিন্দুর অর্থ—দুঃখহর। ইহা তোমার নিকট কথিত হইল। মন্ত্রার্থ হইল—গণেশ দুঃখহর। হে মহেশ্বরি! তোমার স্নেহে গংবীজের অর্থ বলিলাম ॥ ১০

গকার, লকার, ঔকার ও নাদবিন্দুর যোগে অন্য একটি গণেশবীজ হয়। উহা গ্লৌম্। তন্মধ্যে গ হইতেছে গণেশ। লকারের অর্থ—ব্যাপক। ঔকার হইতেছে তেজঃ। নাদবিন্দুর অর্থ—দুখহর। মন্ত্রার্থ হইল—সর্বব্যাপক তেজোময় গণেশ দুঃখহর। অতএব দুঃখনিবৃত্তির জন্য সেই গ্লৌং বীজের দ্বারা গণেশের পূজা করিবে ॥ ১১

ক্ষকার, রকার, ঔকার ও নাদবিন্দুর যোগে নৃসিংহবীজ ক্ষ্রৌং হয়। তন্মধ্যে ক্ষ হইতেছে নৃসিংহ। র হইতেছে ব্রহ্ম, ঔ হইতেছে ঊর্ধ্বদন্ত। নাদবিন্দুর অর্থ হইতেছে দুঃখহর। মন্ত্রার্থ হইল—ব্রহ্মরূপ নৃসিংহের ঊর্ধ্বদন্ত দুঃখহর। অতএব দুঃখনিবৃত্তির জন্য সেই নৃসিংহবীজের দ্বারা নৃসিংহের পূজা করিবে ॥ ১২

স্বয়ম্ভু শিব সমস্ত দেবতার নামের আদিবর্ণ ও নাম বলিয়াছেন। তাহা দ্বারাই অর্থকে জানিবে এবং অর্থলভ্য দেবতাকে ধ্যান করিবে ॥ ১৩

হে শিবে! মন্ত্রের অর্থে সেই সেই বর্ণ প্রভৃতির সম্বন্ধ করিয়া বিভক্তির অর্থ যথাযথ চিন্তা করিবে। ইহা তোমার জন্য সংক্ষেপে বলিলাম ॥ ১৪

১ ॥ স্‌+ত্‌+র্‌+ঈ+ং=স্ত্রীং ॥

দুর্গোত্তারণবাচ্যঃ সস্তারকার্থস্তকারকঃ।

ভুক্ত্যর্থো রেফ উক্তোঽত্র মহামায়ার্থকশ্চ ঈঃ ॥ ১৫

৪ বিশ্বমাত্রর্থকো নাদো বিন্দুর্দুঃখহরার্থকঃ।

বধূবীজার্থ উক্তোঽত্র তব স্নেহান্মহেশ্বরি ! ॥ ১৬

যত্র বিন্দুদ্বয়ং মন্ত্রে একং দুঃখহরার্থকম্।

অন্যৎ সুখপ্রদং দেবি ! জ্ঞাত্বা চার্থং বিচিন্তয়েৎ ॥ ১৭

৮ যত্র বিন্দুদ্বয়ং মন্ত্রে অন্যৎ পূর্ণার্থকং মতম্।

স্বাহা মাত্রার্থকা দেবি ! পরার্থা বা প্রকীর্ত্তিতা ॥ ১৮

শক্রমাতা বষট্‌ প্রোক্তা হরিপ্রিয়ার্থকা গিরা।

সুরার্থা ফট্‌ হয়গ্রীবে বিব্রিং বীজং বিনির্দ্দিশেৎ ॥ ১৯

১২ যং বীজং বায়ুবাচী স্যাদ্‌ লমৈন্দ্রং পরিকীর্ত্তিতম্।

অনেকাক্ষর-বীজে চ স্বস্ববীজং স্বনামকম্ ॥ ২০

সকার, তকার, রকার, ঈকার ও নাদবিন্দুর যোগে বধূবীজ স্ত্রীং হয়। তন্মধ্যে সকারের অর্থ—দুর্গোত্তারণ। তকারের অর্থ—তারক। রকারের অর্থ—ভোগ। ঈকারের অর্থ—মহামায়া। নাদের—অর্থ বিশ্বমাতা। বিন্দুর অর্থ—দুঃখহর। মন্ত্রার্থ হইল—বিশ্বমাতা মহামায়া দুর্গোত্তারিণী সংসারতারিণী দুঃখহারিণী। হে মহেশ্বরি। তোমার স্নেহে এইখানে বধূবীজের অর্থ বলিলাম ॥ ১৫-১৬

হে দেবি ! যে মন্ত্রে দুইটি বিন্দু (ঃ) আছে। তাহার মধ্যে একটি বিন্দুর অর্থ—দুঃখহর। অন্য বিন্দুর অর্থ—সুখপ্রদ। ইহা জানিয়া অর্থের চিন্তা করিবে ॥ ১৭

যে মন্ত্রে দুইটি বিন্দু আছে, তন্মধ্যে অন্য বিন্দুর অর্থ পূর্ণ, ইহাও জানিবে। হে দেবি ! স্বাহা দেবতার জন্য বা পরার্থের জন্য কীর্ত্তিত হইয়াছে ॥ ১৮

বষট্‌ হইতেছে শক্রমাতা অর্থাৎ শক্রমাতা শব্দের অর্থ বষট্‌। হরিপ্রিয়ার্থক হইতেছে শ্রী অর্থাৎ শ্রীশব্দের অর্থ হরিপ্রিয়া। সুরার্থক হইতেছে ফট্‌ অর্থাৎ ফট্‌ শব্দের সুর। হয়গ্রীব দেবতার বিব্রিং বীজ চিন্তা করিবে ॥ ১৯

যং বীজটি বায়ুর বাচক। লং বীজটি ইন্দ্রের বাচক বলিয়া কীর্ত্তিত হইয়াছে। অনেক অক্ষর যুক্ত বীজমন্ত্রে নিজ নিজ নামক নিজ নিজ বীজ হইয়া থাকে ॥ ২০

১ এবং জ্ঞাত্বা মহেশানি ! মন্ত্রার্থং পরিচিন্তয়েৎ ।
একবীজদ্বয়ং যত্র পৃথগর্থং প্রকল্পয়েৎ ॥ ২১
বীপ্সার্থং বা মহেশানি ! জ্ঞাত্বা মন্ত্রং জপেদ্ ধিয়া ।
৪ ইতি তে কথিতো দেবি ! মন্ত্রার্থঃ পরমেশ্বরি ! ॥ ২২

ইতি বরদাতন্ত্রোক্ত-মন্ত্রার্থাভিধানং সমাপ্তম্

হে মহেশানি ! এইরূপ জানিয়া মন্ত্রার্থের চিন্তা করিবে। যেখানে একই বীজ দুইটি আছে, সেখানে একটির অন্য অর্থ কল্পনা করিবে ॥ ২১

হে মহেশানি ! অথবা একটির অর্থ—ব্যাপ্তি। মন্ত্রার্থ জানিয়া মনে মনে জপ করিবে। হে দেবি ! হে পরমেশ্বরি ! এই প্রকার মন্ত্রার্থ কথিত হইল ॥ ২২

বরদাতন্ত্রোক্ত মন্ত্রার্থাভিধানের অনুবাদ সমাপ্ত।

অথ মুদ্রা-নিঘণ্টুঃ

—ঃ*ঃ—

১ অথ মুদ্রাঃ[১] প্রবক্ষ্যামি সর্বতন্ত্রেষু গোপিতাঃ।
যাভির্বিরচিতাভিশ্চ মোদন্তে মন্ত্রদেবতাঃ ॥ ১
অর্চনে জপকালে চ ধ্যানে কাম্যে চ কর্মণি।
৪ স্নানে চাবাহনে শঙ্খে প্রতিষ্ঠায়াঞ্চ রক্ষণে ॥ ২
নৈবেদ্যে চ তথান্যত্র[২] তত্তৎকল্প-প্রকাশিতে।
স্থানে মুদ্রাঃ প্রকর্ত্তব্যাঃ স্বস্বলক্ষণ-সংযুতাঃ ॥ ৩
আবাহনাদিকা মুদ্রা নব সাধারণা মতাঃ।
৮ তথা ষড়ঙ্গমুদ্রাশ্চ সর্বমন্ত্রেষু যোজয়েৎ ॥ ৪
একোন-বিংশতির্মুদ্রা বিষ্ণোরুক্তা মনীষিভিঃ।
শঙ্খ-চক্র-গদা-পদ্ম-বেণু-শ্রীবৎস-কৌস্তুভাঃ ॥ ৫
বনমালা তথা জ্ঞান-মুদ্রা বিল্বাহ্বয়া তথা।
১২ গরুড়াখ্যা পরা মুদ্রা বিষ্ণোঃ সন্তোষদায়িকাঃ ॥ ৬

যে সকল মুদ্রা রচনা করিয়া প্রদর্শন করিলে দেবতাগণ আনন্দিত হন, অনন্তর সমস্ত তন্ত্রে সংরক্ষিত সেই মুদ্রা সমূহ বলিতেছি ॥ ১

দেবতার অর্চনায়, মন্ত্রের জপকালে, দেবতার ধ্যানে, কাম্য কর্মে, স্নানে, দেবতার আবাহনে, শঙ্খ স্থাপনে (বিশেষার্ঘ্য স্থাপনে), প্রাণ প্রতিষ্ঠায়, রক্ষাকার্য্যে, নৈবেদ্য দানে ও তত্তৎকল্প বিহিত অন্যান্য কার্য্যে তত্তৎ মুদ্রার লক্ষণযুক্ত মুদ্রাসমূহ দেখাইবে ॥ ২-৩

আবাহনী প্রভৃতি নয় প্রকার মুদ্রা সর্বসাধারণ অর্থাৎ সকল মন্ত্রে সকল দেবতার পূজায় একরূপ বলিয়া কথিত হইয়াছে। সকল মন্ত্রে এই ছয় প্রকার অঙ্গ-ন্যাসের মুদ্রা একরূপ দেখাইবে ॥ ৪

সাধক মনীষিগণ বিষ্ণুর পূজায় ঊনিশ প্রকার মুদ্রা প্রদর্শনের বিধান করিয়াছেন। শঙ্খ, চক্র, গদা, পদ্ম, বেণু, শ্রীবৎস, কৌস্তুভ, বনমালা, জ্ঞান,

---

১। যেহেতু উহা সমস্ত দেবতার মুদ্ (আনন্দ) বর্দ্ধন করে এবং সমস্ত পাপ দ্রাবণ (দ্রবীভূত) করে, এই হেতু তন্ত্রবিৎ মুনিগণ উহাকে মুদ্দ্রা (মুদ্রা) বলিয়াছেন। জ্ঞানার্ণবে উক্ত হইয়াছে—মোদনাৎ সর্বদেবানাং দ্রাবণাৎ পাপ-সন্ততেঃ। তস্মান্মুদ্রেতি সা খ্যাতা মুনিভিস্তন্ত্র-বেদিভিঃ ॥ ২। মন্ত্রে ইতি ক্বচিৎ পাঠঃ।

১ নারসিংহী চ বারাহী হায়গ্রৈবী ধনুস্তথা ।
বাণমুদ্রা ততঃ পর্শুর্জগন্মোহনিকা পরা ॥ ৭
কামমুদ্রা পরা খ্যাতা শিবস্য দশ মুদ্রিকাঃ ।
৪ লিঙ্গ-যোনি-ত্রিশূলাক্ষ-মালেষ্টাভী-মৃগাহ্বয়াঃ ॥ ৮
খট্বাঙ্গা চ কপালাখ্যা ডমরুঃ শিবতোষদাঃ ।
সূর্য্যস্যৈকৈব পদ্মাখ্যা সপ্ত মুদ্রা গণেশিতুঃ ॥ ৯
দন্ত-পাশাঙ্কুশাবিঘ্ন-পর্শু-লড্ডুক-সংজ্ঞিতাঃ ।
৮ বীজপূরাহ্বয়া মুদ্রা বিজ্ঞেয়া বিঘ্নপূজনে ॥ ১০
পাশাঙ্কুশ-বরাভীতি-খড়্গ-চর্ম-ধনুঃ-শরাঃ ।
মৌষলী মুদ্রিকা দৌর্গী মুদ্রাঃ শক্তেঃ প্রিয়ঙ্করাঃ ॥ ১১
মুদ্গরঃ পাশ-বজ্রাখ্যা জিহ্বা ব্রাহ্মী তথৈব চ ।
১২ পঞ্চ মুদ্রাঃ সমাখ্যাতা ব্রহ্মাস্ত্রজপ-পূজনে ॥ ১২
লক্ষ্মীমুদ্রার্চনে লক্ষ্ম্যা বাগ্‌বাদিন্যাস্তু পূজনে ।
অক্ষমালা তথা বীণা ব্যাখ্যা-পুস্তক-মুদ্রিকা ॥ ১৩

বিল্ব, গরুড়, নারসিংহী, বারাহী, হয়গ্রৈবী, ধনুঃ, বাণ, পরশু, জগন্মোহনিকা ও কামমুদ্রা বিষ্ণুর সন্তোষ-প্রদ বলিয়া কথিত হইয়াছে ॥ ৫-৮

শিবের সন্তোষ-প্রদ মুদ্রা দশ প্রকার। লিঙ্গ, যোনি, ত্রিশূল, অক্ষমালা, বর, অভয়, মৃগ, খট্বাঙ্গ, কপাল, ডমরু—এই দশ প্রকার মুদ্রা শিবের সন্তোষ দান করেন ॥ ৮-৯

সূর্য্যের পূজায় পদ্ম নামক একটিই মুদ্রা দেখাইবে। গণেশের পূজায় সাতটি মুদ্রা। দন্ত, পাশ, অঙ্কুশ, বিঘ্ন, পরশু, লড্ডুক ও বীজপূর নামক মুদ্রাগুলি গণেশের পূজায় দেখাইতে হয় জানিবে ॥ ৯-১০

পাশ, অঙ্কুশ, বর, অভয়, খড়্গ, চর্ম, ধনুঃ, বাণ, মুষল ও দৌর্গী মুদ্রা শক্তির সন্তোষ প্রদান করে ॥ ১১

মুদ্গর, পাশ, বজ্র, জিহ্বা ও ব্রাহ্মী—এই পাঁচটি মুদ্রা ব্রহ্মাস্ত্র মন্ত্রের জপ ও পূজায় দেখাইতে হয় বলিয়া কথিত হইয়াছে ॥ ১২

লক্ষ্মীর পূজায় লক্ষ্মীমুদ্রা এবং সরস্বতীর পূজায় অক্ষমালা, বীণা, ব্যাখ্যা ও পুস্তক মুদ্রা দেখাইবে ॥ ১৩

১ সপ্তজিহ্বাহ্বয়া মুদ্রা বিজ্ঞেয়া বহ্নিপূজনে।
মৎস্যমুদ্রা চ কূর্মাখ্যা লেলিহা মুণ্ডসংজ্ঞিকা ॥ ১৪
মহাযোনিরিতি খ্যাতা সর্বসিদ্ধি-সমৃদ্ধিদা।
৪ শক্ত্যর্চনে মহাযোনিঃ শ্যামাদৌ মুণ্ডমুদ্রিকা ॥ ১৫
মৎস্য কূর্ম-লেলিহাখ্যা মুদ্রাঃ সাধারণা মতাঃ।
তারার্চনে বিশেষাস্তু কথ্যন্তে পঞ্চ মুদ্রিকাঃ ॥ ১৬
যোনিশ্চ ভূতিনী চৈব বীজাখ্যা দৈত্যধূমিনী।
৮ লেলিহানেতি সংপ্রোক্তাঃ পঞ্চমুদ্রা বিলোকিতাঃ ॥ ১৭
দশ মুদ্রাঃ[১] সমাখ্যাতাস্ত্রিপুরায়াঃ প্রপূজনে।
সংক্ষোভ-দ্রাবণাকর্ষ-বশ্যোন্মাদ-মহাঙ্কুশাঃ ॥ ১৮
খেচরী বীজযোন্যাখ্যা ত্রিখণ্ডা দশ কীর্ত্তিতাঃ।
১২ কুম্ভমুদ্রাঽভিষেকে স্যাৎ পদ্মমুদ্রা তথাসনে ॥ ১৯
কালকর্ণী প্রয়োক্তব্যা বিঘ্নপ্রশমকর্মণি।
গালিনী চ প্রয়োক্তব্যা জলশোধন-কর্মণি ॥ ২০

অগ্নির পূজায় সপ্তজিহ্বা নামক মুদ্রা দেখাইবে। মৎস্যমুদ্রা, কূর্মমুদ্রা, লেলিহামুদ্রা, মুণ্ডমুদ্রা ও মহাযোনি মুদ্রা সকল সিদ্ধি ও সমৃদ্ধি দান করে বলিয়া কথিত হইয়াছে। তন্মধ্যে শক্তির পূজায় মহাযোনি, শ্যামাদি শক্তির পূজায় মুণ্ডমুদ্রা দেখাইবে ॥ ১৪-১৫

মৎস্যমুদ্রা, কূর্মমুদ্রা ও লেলিহা মুদ্রা সমস্ত কর্মে সাধারণ অর্থাৎ একরূপ জানিবে। তারার পূজায় বিশেষ পাঁচটি মুদ্রা বলিতেছি ॥ ১৬

যোনিমুদ্রা, ভূতিনীমুদ্রা, দৈত্যধূমিনী মুদ্রা ও লেলিহান মুদ্রা—এই পাঁচটি মুদ্রা তারা পূজায় প্রশস্ত বলিয়া কথিত হইয়াছে ॥ ১৭

ত্রিপুরার অর্চনায় দশটি মুদ্রা কথিত হইয়াছে। সংক্ষোভ মুদ্রা, দ্রাবিণী-মুদ্রা, আকর্ষণীমুদ্রা, বশ্যামুদ্রা, উন্মাদিনীমুদ্রা, মহাঙ্কুশমুদ্রা, খেচরীমুদ্রা, বীজ-মুদ্রা, যোনিমুদ্রা ও ত্রিখণ্ডমুদ্রা—এই রূপ দশটিমুদ্রা কথিত হইয়াছে। অভিষেক কার্য্যে কুম্ভমুদ্রা, উপবেশনে পদ্মমুদ্রা, বিঘ্নশান্তি কার্য্যে কালকর্ণী মুদ্রা, জলশুদ্ধি কার্য্যে গালিনীমুদ্রা দেখাইবে ॥ ১৮-২০

১। দশ মা মুদ্রিকেতি ক্বচিৎ। তদর্থস্তু দশ মা পরিমাণং যাসাং, তা দশমা দশপ্রকারা ইতি।

১ শ্রীগোপালার্চনে বেণুর্নৃহরের্নারসিংহিকা।
বরাহস্য চ পূজায়াং বারাহ্যাখ্যাং প্রদর্শয়েৎ ॥ ২১
হয়গ্রীবার্চনে চৈব হয়গ্রৈবীং প্রদর্শয়েৎ।
৪ রামার্চনে ধনুর্বাণমুদ্রে পর্শুস্তথার্চনে ॥ ২২
পর্শুরামস্য বিজ্ঞেয়া জগন্মোহন-সংজ্ঞিকা।
জগন্মোহন-পূজায়াং কামমুদ্রা তদর্চনে ॥ ২৩
বাসুদেবাহ্বয়া ধ্যানে[১] কুম্ভমুদ্রা তু রক্ষণে।
৮ সর্বত্র প্রার্থনে চৈব প্রার্থনাখ্যাং প্রদর্শয়েৎ ॥ ২৪
উদ্দেশানুক্রমাদাসামুচ্যন্তে লক্ষণানি চ।
হস্তাভ্যামঞ্জলিং বদ্ধাঽনামিকা-মূলপর্বণোঃ ॥ ২৫
অঙ্গুষ্ঠৌ নিক্ষিপেৎ সেয়ং মুদ্রা ত্বাবাহনী স্মৃতা।
১২ অধোমুখী ত্বিয়ং চেৎ স্যাৎ স্থাপনী মুদ্রিকা স্মৃতা ॥ ২৬
উচ্ছ্রিতাঙ্গুষ্ঠ-মুষ্ট্যোশ্চ সংযোগাৎ সন্নিধাপনী।
অন্তঃপ্রবেশিতাঙ্গুষ্ঠা সৈব সংরোধনী মতা ॥ ২৭

শ্রীগোপালের পূজায় বেণু-মুদ্রা, নৃসিংহদেবের পূজায় নৃসিংহমুদ্রা এবং বরাহদেবের পূজায় বারাহী মুদ্রা দেখাইবে ॥ ২১

হয়গ্রীবদেবের অর্চনায় হয়গ্রৈবী মুদ্রা দেখাইবে। শ্রীরামের অর্চনায় ধনুঃ ও বাণমুদ্রা, পরশুরামের পূজায় পরশুমুদ্রা, জগন্মোহনের পূজায় জগন্মোহন মুদ্রা, কামদেবের পূজায় কামমুদ্রা দেখাইবে ॥ ২২-২৩

বাসুদেবের পূজায় ধ্যানে (বা আবাহনে) বাসুদেব নামক মুদ্রা, সমস্ত রক্ষা কার্য্যে কুম্ভমুদ্রা এবং প্রার্থনায় প্রাথনামুদ্রা দেখাইবে ॥ ২৪

উদ্দেশ (নাম নির্দেশ) অনুসারে যথাক্রমে এই মুদ্রাসমূহের লক্ষণ বলা হইতেছে। দুই হাতের দ্বারা অঞ্জলি বন্ধন করিয়া দুই অনামিকার দুই মূল-পর্বে দুই অঙ্গুষ্ঠ সংযুক্ত করিলে ইহাতে যে মুদ্রা হয়; তাহাই এই আবাহনী মুদ্রা বলিয়া কথিত হইয়াছে। এই আবাহনী মুদ্রা যদি অধোমুখী হয়, তাহা হইলে তাহা স্থাপনী মুদ্রা বলিয়া কথিত হয় ॥ ২৫-২৬

দুই মুষ্টির অঙ্গুষ্ঠ দুইটি উর্ধ্ব দিকে সোজা করিয়া রাখিয়া দুই মুষ্টিকে পরস্পর সংযুক্ত করিলে সন্নিধাপনী মুদ্রা হয়। দুই অঙ্গুষ্ঠকে মুষ্টির ভিতরে প্রবেশ

১। বাসুদেবাহ্বয়াহ্বানে ইতি কচিৎ পাঠঃ।

১ উত্তান-মুষ্টি-যুগলা সম্মুখীকরণী মতা।
দেবতাঙ্গে ষড়ঙ্গানাং ন্যাসঃ স্যাৎ সকলীকৃতিঃ ॥ ২৮
সব্যহস্তকৃতা মুষ্টির্দীর্ঘাধোমুখ-তর্জনী।
৪ অবগুণ্ঠন-মুদ্রেয়মভিতো ভ্রামিতো যদি ॥ ২৯
অন্যোন্যাভিমুখাশ্লিষ্টা কনিষ্ঠানামিকা পুনঃ[১]।
তথৈব তর্জনী মধ্যা ধেনুমুদ্রেয়মীরিতা।
অমৃতীকরণং কুর্য্যাৎ তয়া সাধক-সত্তমঃ ॥ ৩০
৮ অন্যোন্যগ্রথিতাঙ্গুষ্ঠা প্রসারিতকরাঙ্গুলী[২]।
মহামুদ্রেয়মুদিতা পরমীকরণে বুধৈঃ ॥ ৩১
প্রযোজয়েদিমা মুদ্রা দেবতাহ্বান-কর্মণি ॥
১২ অঙ্গন্যাস-ক্ষমা মুদ্রাস্তাসাং লক্ষণমুচ্যতে ॥ ৩২

করাইয়া দিলে সেই সন্নিধাপনী মুদ্রাই সন্নিরোধিনী মুদ্রা হয় ॥ ২৭

পরস্পর সংযুক্ত দুই মুষ্টি উত্তান (চিৎ) হইলেই সম্মুখীকরণী মুদ্রা হয়। দেবতার অঙ্গে ষড়ঙ্গের ন্যাসই সকলীকরণ নামে অভিহিত হয় ॥ ২৮

বামমুষ্টি বন্ধন করিয়া সরলাকার অধোমুখ তর্জনীকে উভয় দিক (ডাইনে ও বাঁয়ে) ঘুরাইলে অবগুণ্ঠন মুদ্রা হয় ॥ ২৯

বামহাতের কনিষ্ঠা ও অনামিকার ফাঁকে, অনামা ও মধ্যমার ফাঁকে ও মধ্যমা ও তর্জনীর ফাঁকে ডান হাতের কনিষ্ঠা, অনামা, মধ্যমাকে প্রবেশ করাইয়া, দক্ষিণ অনামার অগ্রে বাম কনিষ্ঠার অগ্র, বাম অনামার অগ্রে দক্ষিণ কনিষ্ঠার অগ্র, বাম মধ্যমার অগ্রে দক্ষিণ তর্জনীর অগ্র, দক্ষিণ মধ্যমার অগ্রে বাম তর্জনীর অগ্র দৃঢ়ভাবে যুক্ত করিলে উহা ধেনুমুদ্রা নামে অভিহিত হয়। সাধক-প্রবর সেই ধেনুমুদ্রা দ্বারা অমৃতীকরণ করিবেন ॥ ৩০

দুই হাতের অঙ্গুষ্ঠকে পরস্পর গ্রথিত করিয়া (আঁকড়াইয়া ধরিয়া) অন্যান্য আটটি অঙ্গুলিকে প্রসারিত করিলে উহা মহামুদ্রা নামে কথিত হয়। পণ্ডিতগণ পরমীকরণে ইহার প্রয়োগ করেন। এই জন্য ইহার অপর নাম পরমীকরণ মুদ্রা। দেবতার আবাহন-কার্য্যে এই সকল মুদ্রা দেখাইবে।

অঙ্গন্যাসের উপযোগী মুদ্রাই অঙ্গন্যাস মুদ্রা। তাহার লক্ষণ কথিত হইতেছে। ৩১-৩২

১। কনিষ্ঠানামিকাঃ পুনরিতি ক্বচিৎ। ২। প্রসারিত-পরাঙ্গুলীতি ক্বচিৎ পাঠঃ।

১ অনঙ্গুষ্ঠা ঋজবো হস্তশাখা ভবেন্মুদ্রা হৃদয়ে শীর্ষকে চ,
অধোহঙ্গুষ্ঠা খলু মুষ্টিঃ শিখায়াং করদ্বন্দ্বাঙ্গুলয়ো বর্মণি স্যুঃ।
নারাচ-মুষ্ট্যুদ্ধৃত-বাহুযুগ্ম-কাঙ্গুষ্ঠ-তর্জন্যুদিতো ধ্বনিস্তু
৪ বিষ্বক্ বিষক্তঃ কথিতাস্ত্র-মুদ্রা যত্রাক্ষিণী তর্জনী-মধ্যমে স্তঃ॥ ৩৩
নেত্রত্রয়ং যত্র ভবেদনামা ষড়ঙ্গমুদ্রা কথিতা বিধিজ্ঞৈঃ॥ ৩৪*
অঙ্গহীনস্য মন্ত্রস্য স্বেনৈবাঙ্গানি কল্পয়েৎ।
বৈষ্ণবীনাস্তু মুদ্রাণাং কথ্যন্তে লক্ষণান্যথ॥ ৩৫
৮ বামাঙ্গুষ্ঠন্তু সংগৃহ্য দক্ষিনেন তু মুষ্টিনা।
কৃত্বোত্তানাং ততো মুষ্টিমঙ্গুষ্ঠং তু প্রসারয়েৎ॥ ৩৬
বামাঙ্গুল্যস্তথাশ্লিষ্টাঃ সংযুক্তাঃ স্যুঃ প্রসারিতাঃ।
১২ দক্ষিণাঙ্গুষ্ঠ-সংস্পৃষ্টাঃ শঙ্খমুদ্রেয়মীরিতা॥ ৩৭

অঙ্গুষ্ঠরহিত সরল দক্ষিণ করাঙ্গুলি সমূহই হৃদয় মুদ্রা ও শিরোমুদ্রা, অধোহঙ্গুষ্ঠ মুষ্টিই শিখামুদ্রা, কবচ সংলগ্ন দুই হাতের অঙ্গুলি সমূহই বর্মমুদ্রা বা কবচ মুদ্রা, নারাচ মুষ্টি যুক্ত বাহুদ্বয়কে ঊর্ধ্ব তুলিয়া অঙ্গুষ্ঠ ও তর্জনী সম্ভূত চতুর্দিক্ প্রসারিত ধ্বনি অস্ত্রমুদ্রা নামে অভিহিত হয়। যে দেবতার দুইটী চক্ষুঃ, সেই দেবতার অর্চনায় চক্ষুঃ দুইটিতে সংযুক্ত তর্জনী-মধ্যমাই নেত্রমুদ্রা নামে কথিত হয়। যে দেবতার তিনটি চক্ষুঃ, সে দেবতার অর্চনায় বামচক্ষুঃ সংযুক্ত অনামা, দক্ষিণচক্ষুঃ সংযুক্ত তর্জনী ও ভ্রূমধ্য-সংযুক্ত মধ্যমা নেত্রমুদ্রা নামে কথিত হইয়াছে। বিধিজ্ঞগণ কর্তৃক এই প্রকার ষড়ঙ্গমুদ্রা* কথিত হইয়াছে॥ ৩৩-৩৪

যে দেবতার অঙ্গ-মন্ত্র পৃথক্ পৃথক্ নাই, সেখানে সেই দেবতার নিজ নামের আদ্য অক্ষর দ্বারা অঙ্গ-মন্ত্রের কল্পনা করিবে। অনন্তর বৈষ্ণবী মুদ্রার লক্ষণসমূহ কথিত হইতেছে॥ ৩৫

বামহস্তের অঙ্গুষ্ঠকে দক্ষিণ মুষ্টি দ্বারা ধরিয়া, তাহার পর ঐ দক্ষিণ মুষ্টিকে উত্তান (চিৎ) করিয়া দক্ষিণ অঙ্গুষ্ঠকে প্রসারিত করিবে। তাহার পর

---

* বঙ্গদেশের তান্ত্রিক সমাজে এই ষড়ঙ্গ মুদ্রা দ্বারাই ষড়ঙ্গন্যাসের ব্যবহার দেখা যায়। "তন্ত্রসারে" পূজ্যপাদ কৃষ্ণানন্দ আগমবাগীশ যামলোক্ত ষড়ঙ্গ মুদ্রাই গ্রহণ করিয়াছেন (তন্ত্রসার সামান্য পূজা প্রকরণ দ্রষ্টব্য)। শারদাতিলকের তৃতীয় পটলের টীকায় মহামনীষী মাধবভট্ট সামান্য ষড়ঙ্গ মুদ্রা, শক্তি ষড়ঙ্গমুদ্রা ও শৈব ষড়ঙ্গমুদ্রার পৃথক্ লক্ষণ বলিয়াছেন।

১ হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সন্নত-প্রোথিতাঙ্গুলী[১] ।
তলান্তর্মিলিতাঙ্গুষ্ঠৌ সুভুগ্নৌ সুপ্রসারিতৌ ॥ ৩৮
কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ লগ্নৌ মুদ্রৈষা চক্রসংজ্ঞিকা ।
৪ অন্যোন্যাভিমুখৌ হস্তৌ কৃত্বা তু গ্রথিতাঙ্গুলী ॥ ৩৯
অঙ্গুল্যৌ[২] মধ্যমে ভূয়ঃ সুলগ্নে সুপ্রসারিতে ।
গদা মুদ্রেয়মাখ্যাতা বিষ্ণোঃ সন্তোষবর্দ্ধিনী ॥ ৪০
হস্তৌ তু সম্মুখৌ কৃত্বা সন্নতাবুন্নতাঙ্গুলী[৩] ।
৮ তলান্তর্মিলিতাঙ্গুষ্ঠৌ মুদ্রৈষা পদ্মসংজ্ঞিকা ॥ ৪১
ওষ্ঠে বামকরাঙ্গুষ্ঠো লগ্নস্তস্য কনিষ্ঠিকা ।
দক্ষিণাঙ্গুষ্ঠ-সংলগ্না তৎকনিষ্ঠা প্রসারিতা ॥ ৪২
তর্জনী-মধ্যমানামাঃ কিঞ্চিৎ সঙ্কোচ্য চালিতাঃ ।
১২ বেণুমুদ্রা ভবেদেষা সুগুপ্তা প্রেয়সী হরেঃ ॥ ৪৩

পরস্পর সংসক্ত (সংযুক্ত) বামাঙ্গুলিসমূহকে প্রসারিত করিয়া দক্ষিণ অঙ্গুষ্ঠের সহিত সংযুক্ত করিলে উহা শঙ্খমুদ্রা নামে অভিহিত হইয়া থাকে ॥ ৩৬-৩৭

সঙ্কুচিত উন্নতাঙ্গুলি যুক্ত দুই হস্তকে পরস্পর সম্মুখীন করিয়া করতলের অন্তর্ভাগে (মধ্যে) সঙ্কুচিত ও প্রসারিত দুই অঙ্গুষ্ঠকে সংযুক্ত করিয়া কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠকে সংযুক্ত করিলে উহা চক্রমুদ্রা নামে অভিহিত হয় ॥

দুই হস্তকে পরস্পর সম্মুখীন করিয়া অঙ্গুলিগুলিকে গ্রথিত করিয়া পুনরায় সুপ্রসারিত দুইটি মধ্যমাঙ্গুলিকে পরস্পর সংলগ্ন করিলে উহা বিষ্ণুর সন্তোষ-বর্দ্ধক গদামুদ্রা নামে কথিত হয় ॥ ৩৮-৪০

দুই হস্তকে পরস্পর সম্মুখীন করিয়া সুসঙ্কুচিত (ঈষৎ বক্র) অঙ্গুলিগুলিকে উন্নত করিয়া দুই অঙ্গুষ্ঠকে হস্ততলের মধ্যে পরস্পর মিলিত করিলে উহা পদ্ম-মুদ্রা হইয়া থাকে ॥ ৪১

বামাঙ্গুষ্ঠ ওষ্ঠে সংলগ্ন করিয়া বাম কনিষ্ঠাকে দক্ষিণাঙ্গুষ্ঠের সহিত সংযুক্ত করিয়া, দক্ষিণ কনিষ্ঠাকে প্রসারিত করিয়া তর্জনী, মধ্যমা ও অনামাকে কিছু সঙ্কুচিত করিয়া চালিত করিলে উহা বেণুমুদ্রা হয়। শ্রীহরির অতিপ্রিয় ইহা অতি গুপ্ত ছিল ॥ ৪২-৪৩

১। সুভুগ্নৌ সুপ্রসারিতৌ। কনিষ্ঠাঙ্গুষ্ঠকাবিতি ক্বচিৎ পাঠঃ। ক্বচিৎ সন্নতাবুন্নতাঙ্গুলিরিতি। ২। অঙ্গুষ্ঠাবিতি ক্বচিৎ। ৩। সন্নত-প্রোথিতাঙ্গুলীতি ক্বচিৎ পাঠঃ।

১ অন্যোন্য-স্পৃষ্ট-করয়োর্মধ্যমানামিকাঙ্গুলী[১]।
অঙ্গুষ্ঠেন তু বধ্নীয়াৎ কনিষ্ঠামূল-সংশ্রিতে ॥ ৪৪
তর্জ্জন্যৌ কারয়েদেষা মুদ্রা শ্রীবৎস-সংজ্ঞিকা।
৪ অনামিকা-পৃষ্ঠ-লগ্নাং দক্ষিণস্য কনিষ্ঠিকাম্ ॥ ৪৫
কনিষ্ঠয়াঽন্যয়া বদ্ধা তর্জ্জন্যা দক্ষয়া তথা।
বামামনামাং বধ্নীয়াদ্ দক্ষিণাঙ্গুষ্ঠ-মূলকে ॥ ৪৬
অঙ্গুষ্ঠ-মধ্যমে বামে সংযোজ্য সরলাঃ পরাঃ।
৮ চতস্রোঽপ্যগ্র-সংলগ্নাঃ মুদ্রা কৌস্তুভ-সংজ্ঞিকা ॥ ৪৭
স্পৃশেৎ কণ্ঠাদি-পাদান্তং তর্জ্জন্যাঙ্গুষ্ঠনিষ্ঠয়া[২]।
করদ্বয়েন মালাবন্ মুদ্রেয়ং বনমালিকা ॥৪৮
তর্জন্যঙ্গুষ্ঠকৌ সক্তৌ বক্রতো হৃদি বিন্যসেৎ[৩]।
১২ বামহস্তাম্বুজং বাম-জানু মূর্দ্ধনি বিন্যসেৎ।
জ্ঞানমুদ্রা ভবেদেষা রামচন্দ্রস্য প্রেয়সী ॥ ৪৯

দুই হাতের পৃষ্ঠদেশ পরস্পর সংযুক্ত করিয়া মধ্যমা ও অনামাকে অঙ্গুষ্ঠের দ্বারা আঁকড়াইয়া ধরিয়া কনিষ্ঠার মূলদেশে দুই তর্জনীকে সংলগ্ন করিলে উহা শ্রীবৎসনামক মুদ্রা হয় ॥

দক্ষিণ কনিষ্ঠাকে অনামার পৃষ্ঠলগ্ন করিয়া বাম কনিষ্ঠা দ্বারা উহাকে আঁকড়াইয়া ধরিবে। সেইরূপ দক্ষিণ তর্জনীর দ্বারা বাম অনামাকে আঁকড়াইয়া ধরিবে। পরে দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠমূলে বাম অঙ্গুষ্ঠ ও মধ্যমাকে সংযুক্ত করিয়া অপর চারিটি অঙ্গুলিকে সরল করিয়া সকল অঙ্গুলির অগ্রভাগ পরস্পর সংযুক্ত হইলেই উহা কৌস্তুভনামক মুদ্রা হয় ॥ ৪৪-৪৭

দুই হাতের অঙ্গুষ্ঠসংযুক্ত তর্জনী দ্বারা কণ্ঠ হইতে পাদপর্য্যন্ত স্পর্শ করিবে। পরে ঐ দুই হাতকে মালার ন্যায় করিলে উহা বনমালা মুদ্রা হয় ॥ ৪৮

দক্ষিণ হস্তের তর্জনী ও অঙ্গুষ্ঠকে বক্রভাবে সংযুক্ত করিয়া হৃদয়ে স্থাপন করিবে। বাম হাতকে পদ্মবৎ বামজানুর উপরে রাখিলে উহা জ্ঞান মুদ্রা হয়। উহা রামচন্দ্রের অতিপ্রিয় ॥ ৪৯

১। অন্যোন্য-পৃষ্ঠকরয়োরিতি কচিৎ। ২। তর্জন্যঙ্গুষ্ঠয়া তথেতি কচিৎ পাঠঃ।
৩। সক্তাবগ্রতো বিন্যসেদ্ হৃদীতি কচিৎ পাঠঃ।

১ অঙ্গুষ্ঠং বামমুদ্দণ্ডিতমিতরকরাঙ্গুষ্ঠকেনাপি বদ্ধা
তস্যাগ্রং পীড়য়িত্বাঙ্গুলিভিরপি চ তা বামহস্তাঙ্গুলীভিঃ।
বদ্ধা গাঢং হৃদি স্থাপয়তু বিমলধীর্ব্যাহরন্ মারবীজং
৪ বিল্বাখ্যা মুদ্রিকৈষা স্ফুটমিহ কথিতা গোপনীয়া বিধিজ্ঞৈঃ ॥ ৫০
হস্তৌ তু বিমুখৌ কৃত্বা গ্রথয়িত্বা কনিষ্ঠিকে।
মিথস্তর্জনীকে শ্লিষ্টে শ্লিষ্টাবঙ্গুষ্ঠকৌ তথা ॥ ৫১
মধ্যমানামিকে দ্বে তু দ্বৌ পক্ষাবিব চালয়েৎ।
৮ এষা গরুড়-মুদ্রা স্যাদ্ বিষ্ণোঃ সন্তোষ-বর্দ্ধিনী ॥ ৫২
জানুমধ্যগতৌ কৃত্বা[১] চিবুকোষ্ঠৌ সমাবুভৌ[২]।
হস্তৌ তু ভূমিসংলগ্নৌ কম্পমানঃ[৩] পুনঃ পুনঃ ॥ ৫৩
মুখং বিবৃতকং কৃত্বা লেলিহানাঞ্চ জিহ্বিকাম্।
১২ নারসিংহী ভবেদেষা মুদ্রা তৎপ্রীতিবর্দ্ধিনী ॥ ৫৪

ঊর্ধ্বীকৃত বাম অঙ্গুষ্ঠকে দক্ষিণ করের অঙ্গুষ্ঠ দ্বারা আঁকড়াইয়া ধরিয়া দক্ষিণ করের সকল অঙ্গুলি দ্বারা চাপিয়া ধরিয়া ঐ সকল অঙ্গুলিকে বামহস্তের অন্য সকল অঙ্গুলি দ্বারা দৃঢ়ভাবে ধরিয়া সাধক কামবীজ ক্লীং উচ্চারণ করিতে করিতে হৃদয়ে স্থাপন করিলে উহা বিল্বনামক মুদ্রা হয়। বিধিজ্ঞ সাধকগণ উহাকে স্পষ্টভাবে গোপনীয় বলিয়াছেন ॥ ৫০

দুই হস্তকে পরস্পর বিপরীত মুখ করিয়া অর্থাৎ এক হস্তের পৃষ্ঠদেশে অন্য হস্তের পৃষ্ঠদেশ সংযুক্ত করিয়া দুই কনিষ্ঠাকে পরস্পর আঁকড়াইয়া ধরিয়া, দুই তর্জনী ও দুই অঙ্গুষ্ঠকে পরস্পর সংশ্লিষ্ট করিয়া, দুই মধ্যমা ও অনামিকাকে পক্ষের ন্যায় নাড়িবে। উহার নাম গরুড়মুদ্রা। উহা বিষ্ণুর সন্তোষ বর্দ্ধন করে ॥ ৫১-৫২

দুই জানুর মধ্যগত চিবুক ও ওষ্ঠকে সমান করিয়া, হাত দুইটিকে ভূমি সংলগ্ন করিয়া, পুনঃ পুনঃ কাঁপিতে কাঁপিতে মুখ ব্যাদান করিয়া জিহ্বা লেলিহান (লকলক্) করিলে উহা নৃসিংহদেবের প্রীতিবর্দ্ধিনী নারসিংহী মুদ্রা হয় ॥ ৫৩-৫৪

১। জানুমধ্যে করৌ কৃত্বেতি ক্বচিৎ। ২। সমাকৃতাবিতি সমাবৃতৌ ইতি চ ক্বচিৎ।
৩। কম্পমানাবিতি ক্বচিৎ পাঠঃ।

১ অঙ্গুষ্ঠাভ্যাঞ্চ করয়োরথাক্রম্য কনিষ্ঠিকে।
অধোমুখীভিঃ সর্বাভির্মুদ্রেয়ং নৃহরেঃ স্মৃতা ॥ ৫৫
দক্ষোপরি[1] করং বামং কৃত্বোত্তানমধঃ সুধীঃ।
৪ ভ্রাময়েদিতি[2] সংপ্রোক্তা মুদ্রা বারাহ-সংজ্ঞিকা ॥ ৫৬
দক্ষহস্তঞ্চোর্ধ্বমুখং বামহস্তমধোমুখম্।
অঙ্গুল্যগ্রন্তু সংযুক্তং মুদ্রা বারাহ-সংজ্ঞিকা ॥ ৫৭
বামহস্ততলে দক্ষা অঙ্গুলীস্তাস্ত্বধোমুখীঃ।
৮ সংরোপ্য মধ্যমাং[3] তাসামুন্নম্যাধো বিকুঞ্চয়েৎ ॥ ৫৮
হয়গ্রীব-প্রিয়া মুদ্রা তন্মুর্ত্তেরনুকারিণী।
বামস্য মধ্যমাগ্রন্তু তর্জন্যগ্রে তু যোজয়েৎ ॥ ৫৯
অনামিকাং কনিষ্ঠাঞ্চ তস্যাঙ্গুষ্ঠেন পীড়য়েৎ।
১২ স্পর্শয়েদ্ বামকে স্কন্ধে ধনুর্মুদ্রেয়মীরিতা ॥ ৬০

দুই হাতের দুই অঙ্গুষ্ঠ দ্বারা দুই কনিষ্ঠাকে আক্রমণ অর্থাৎ আঁকড়াইয়া ধরিয়া পরস্পর সংযুক্ত অন্যান্য অঙ্গুলিগুলিকে অধোমুখ করিলে উহাও আর এক প্রকার নৃসিংহমুদ্রা হইয়া থাকে ॥ ৫৫

সাধক দক্ষিণ হস্তের উপরি ভাগে বাম হস্তকে উত্তানভাবে রাখিয়া অধোদেশে ভ্রামিত (চালনা) করিলে উহা বারাহী নামক মুদ্রা হয় ॥ ৫৬

দক্ষিণ হস্তকে উর্ধ্বমুখ এবং বামহস্তকে অধোমুখ করিয়া অঙ্গুলি সমূহের অগ্রগুলিকে পরস্পর সংযুক্ত করিলে উহাও বারাহী মুদ্রা হয় ॥ ৫৭

বামহস্ততলে দক্ষিণ হস্তের অধোমুখী অঙ্গুলিগুলিকে সংযুক্ত করিয়া তাহার মধ্য হইতে মধ্যমাঙ্গুলিকে উন্নত করিয়া অধোদিকে সঙ্কুচিত করিলে উহা হয়গ্রীব মূর্ত্তির অনুকারিণী হইয়া হয়গ্রীব মুদ্রা হয়। উহা হয়গ্রীব দেবের প্রিয় ॥

বাম হাতের মধ্যমাঙ্গুলির অগ্রভাগকে তর্জনীর অগ্রভাগে সংযুক্ত করিবে। বাম হস্তের অঙ্গুষ্ঠ দ্বারা বাম অনামা ও কনিষ্ঠাকে চাপিয়া ধরিবে এবং উহা দ্বারা বামস্কন্ধকে স্পর্শ করিলে উহা ধনুর্মুদ্রা নামে কথিত হইয়া থাকে ॥ ৫৮-৬০

১। দেবোপরিতি ক্বচিৎ। ২। নময়েদিতি ক্বচিৎ পাঠঃ। ৩। মধ্যমানামে মুখস্থাধো ইতি ক্বচিৎ পাঠঃ। ৪। মুখস্থাধ ইতি ক্বচিৎ।

১ দক্ষমুষ্টেস্তু তর্জনা দীর্ঘয়া বাণমুদ্রিকা[১] ।
তলে তলন্তু করয়োস্তির্য্যক্ সংযোজ্য চাঙ্গুলীঃ ॥ ৬১
সংহতাঃ প্রসৃতাঃ কুর্য্যান্মুদ্রেয়ং পর্শু সংজ্ঞিকা ।
৪ উর্ধ্বস্থাঙ্গুষ্ঠমুষ্টী[২] দ্বে মুদ্রা ত্রৈলোক্য-মোহিনী ॥ ৬২
হস্তৌ তু সম্পুটৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ তথা ।
তর্জন্যৌ মধ্যমাপৃষ্ঠে অঙ্গুষ্ঠৌ মধ্যমাশ্রিতৌ ॥ ৬৩
কামমুদ্রেয়মুদিতা সর্বদেব-প্রিয়ঙ্করী ।
৮ সদাশিব-প্রিয়াণাঞ্চ কথ্যন্তে লক্ষণান্যথ ॥ ৬৪
উচ্ছ্রিতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামাঙ্গুষ্ঠেন বন্ধয়েৎ ।
বামাঙ্গুলীর্দক্ষিণাভিরঙ্গুলীভিশ্চ বন্ধয়েৎ ॥ ৬৫
লিঙ্গমুদ্রেয়মাখ্যাতা শিবসান্নিধ্যকারিণী ।
১২ মিথঃ কনিষ্ঠিকে বদ্ধা তর্জনীভ্যামনামিকে ॥ ৬৬
অনামিকোর্দ্ধ-সংশ্লিষ্ট-দীর্ঘমধ্যময়োরধঃ ।
অঙ্গুষ্ঠাগ্রদ্বয়ং ন্যস্যেদ্ যোনিমুদ্রেয়মীরিতা ॥ ৬৭

দক্ষিণ হস্ত মুষ্টি করিয়া উহার তর্জনীকে দীর্ঘ করিলে উহা বাণমুদ্রা হয়। দুই হস্তের করতলদ্বয় তির্য্যগ্‌ভাবে সংযুক্ত করিয়া অঙ্গুলিগুলিকে সংহত ও প্রসারিত করিলেই উহা পর্শু বা পরশু নামক মুদ্রা হয়। মুষ্টিবদ্ধ দুই হস্তের অঙ্গুষ্ঠকে উর্ধ্বমুখ করিলে ত্রৈলোক্য-মোহিনী মুদ্রা হয় ॥ ৬১-৬২

দুই হস্তকে পুটিত (কৌটার আকার) করিয়া এবং অঙ্গুলিগুলিকে প্রসারিত করিয়া, দুইটি তর্জনীকে দুই মধ্যমার পৃষ্ঠে, দুইটি অঙ্গুষ্ঠকে দুই মধ্যমাতে সংযুক্ত করিলে উহা সর্বদেব প্রিয়ঙ্করী কামমুদ্রা নামে কথিত হয়। অনন্তর সদাশিবের প্রিয় মুদ্রাগুলির লক্ষণ কথিত হইতেছে ॥ ৬৩-৬৪

উর্ধ্বোত্থিত দক্ষিণ অঙ্গুষ্ঠকে বাম অঙ্গুষ্ঠের দ্বারা আঁকড়াই ধরিবে। বাম অঙ্গুলিগুলিকে দক্ষিণ অঙ্গুলিগুলি দ্বারা আঁকড়াইয়া ধরিলে উহা লিঙ্গমুদ্রা বলিয়া কথিত হয়। উহা শিবের সান্নিধ্য প্রদান করে ॥ ৬৫-৬৬

দুই কনিষ্ঠা পরস্পর পরস্পরকে আঁকড়াই ধরিয়া, দুই তর্জনীর দ্বারা দুই

১। প্রকারান্তর-বাণমুদ্রা-লক্ষণং জ্ঞানার্ণবে—যথা হস্তগতং চাপং তথা হস্তং কুরু প্রিয়ে! চাপমুদ্রেয়মাখ্যাতা বামহস্তে ব্যবস্থিতা। যথা হস্তগতা বাণস্তথা হস্তং কুরু প্রিয়ে! বাণমুদ্রেয়মাখ্যাতা রিপুবর্গনিকৃন্তনী ॥ ২। উচ্ছ্রিতাঙ্গুষ্ঠমুষ্টী ইতি ক্বচিৎ পাঠঃ ।

১ অঙ্গুষ্ঠেন কনিষ্ঠান্তু বদ্ধা দক্ষাঙ্গুলীত্রয়ম্।
প্রসারয়েৎ ত্রিশূলাখ্যা মুদ্রৈষা পরিকীর্ত্তিতা ॥ ৬৮
অঙ্গুষ্ঠং তর্জন্যগ্রে তু[১] গ্রন্থয়িত্বাঽঙ্গুলিত্রয়ম্।
৪ প্রসারয়েদক্ষমালামুদ্রেয়ং পরিকীর্ত্তিতা ॥ ৬৯
অধঃকৃতো[২] দক্ষহস্তঃ প্রসৃতো বরমুদ্রিকা।
ঊর্দ্ধীকৃতো বামহস্তঃ প্রসৃতোঽভয়মুদ্রিকা ॥ ৭০
মিলিতানামিকাঙ্গুষ্ঠে মধ্যমাগ্রন্তু যোজয়েৎ।
৮ শ্লিষ্টাঙ্গুল্যুচ্ছ্রিতে কুর্য্যান্ মৃগমুদ্রেয়মীরিতা ॥ ৭১
পঞ্চাঙ্গুল্যো দক্ষিণাস্তু মিলিতা ঊর্দ্ধমুন্নতাঃ।
খট্বাঙ্গমুদ্রা বিখ্যাতা শিবস্যাতিপ্রিয়া মতা ॥ ৭২
পাত্রবদ্ বামহস্তঞ্চ কৃত্বা বামাংসকে তথা[৩]।
১২ নিধায়োচ্ছ্রিতবৎ কুর্য্যান্মুদ্রা কাপালিকী মতা ॥ ৭৩

অনামিকাকে আঁকড়াইয়া ধরিয়া, দুই. অনামার ঊর্দ্ধভাগে সংলগ্ন প্রসারিত মধ্যমাদ্বয়ের অধোভাগে (মূলদেশে) দুই অঙ্গুষ্ঠের অগ্রভাগ স্থাপন করিলে উহা যোনিমুদ্রা বলিয়া কথিত হইয়াছে ॥ ৬৭

দক্ষিণ অঙ্গুষ্ঠের দ্বারা দক্ষিণ কনিষ্ঠাকে আঁকড়াইয়া ধরিয়া অবশিষ্ট দক্ষিণ অঙ্গুলি তিনটিকে প্রসারিত করিলে উহা ত্রিশূল নামক মুদ্রা বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৬৮

তর্জনীর অগ্রে অঙ্গুষ্ঠকে সংযুক্ত করিয়া অবশিষ্ট তিনটি অঙ্গুলিকে প্রসারিত করিলে উহা অক্ষমালা মুদ্রা বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥ ৬৯

দক্ষিণ হস্ত অধোমুখ করিয়া প্রসারিত করিলেই বরমুদ্রা হয়। ঊর্দ্ধোত্থিত বামহস্তকে প্রসারিত করিলেই অভয়মুদ্রা হয় ॥ ৭০

পরস্পর সম্বদ্ধ অনামা ও অঙ্গুষ্ঠে মধ্যমার অগ্রভাগ সংযুক্ত করিয়া অবশিষ্ট দুইটি অঙ্গুলিকে উন্নত (ঊর্দ্ধদিকে সোজা) করিলে উহা মৃগমুদ্রা বলিয়া কথিত হইয়াছে ॥ ৭১

দক্ষিণ হস্তের পাঁচটি অঙ্গুলিকে মিলিত করিয়া ঊর্দ্ধদিকে উন্নত (উত্থিত) করিলে উহা খট্বাঙ্গ মুদ্রা বলিয়া খ্যাত হয়। উহা শিবের অতিপ্রিয় বলিয়া প্রসিদ্ধ ॥ ৭২

১। অঙ্গুষ্ঠতর্জ্জন্যগ্রেণেতি কচিৎ পাঠঃ। ২। অধঃস্থিত ইতি কচিৎ পাঠঃ।
৩। কৃত্বাঙ্গে বামকে তথেতি কচিৎ পাঠঃ।

১ মুষ্টিঞ্চ শিথিলাং বদ্ধা ঈষদুচ্ছ্রিত-মধ্যমাম্ ।
দক্ষিণামূর্ধ্বমুত্তোল্য কর্ণদেশে প্রচালয়েৎ ॥ ৭৪
এষা মুদ্রা ডমরুকা সর্ববিঘ্নবিনাশিনী ।
৪ ততো গণেশমুদ্রাণামুচ্যন্তে লক্ষণানি চ ॥ ৭৫
উত্তানোর্ধ্বমুখী মধ্যা সরলা বদ্ধমুষ্টিকা ।
দন্তমুদ্রা সমাখ্যাতা সর্বাগম-বিশারদৈঃ ॥ ৭৬
বামমুষ্টেস্তু তর্জন্যা দক্ষমুষ্টিস্থ-তর্জনীম্ ।
৮ সংযোজ্যাঙ্গুষ্ঠকাগ্রাভ্যাং তর্জন্যগ্রে স্বকে ক্ষিপেৎ ॥ ৭৭
এষা পাশাহ্বয়া মুদ্রা বিদ্বদ্ভিঃ পরিকীর্ত্তিতা ।
ঋজ্বীঞ্চ মধ্যমাং কৃত্বা তর্জনীং মধ্যপর্বণি ॥ ৭৮
সংযোজ্যাকুঞ্চয়েৎ কিঞ্চিন্মুদ্রৈষাঽঙ্কুশ-সংজ্ঞিকা ।
১২ তর্জনী-মধ্যমা-সন্ধি-নিঃসৃতাঙ্গুষ্ঠ-মুষ্টিকা[১] ॥ ৭৯
অধোমুখী দীর্ঘরূপা মধ্যমা বিঘ্নমুদ্রিকা ।
১৪ পর্শুমুদ্রা নিগদিতা প্রসিদ্ধা লড্ডুমুদ্রিকা ॥ ৮০

বামহস্তকে পাত্রের ন্যায় করিয়া সেইরূপে তাহাকে বামস্কন্ধে রাখিয়া উন্নতের ন্যায় করিলে উহা কাপালিকী মুদ্রা হয় ॥ ৭৩

দক্ষিণ মুষ্টি শিথিলভাবে বাঁধিয়া ঈষৎ উন্নত মধ্যমাকে উর্ধ্বে উত্তোলন করিয়া কর্ণের নিকট চালনা করিলে উহা ডমরু মুদ্রা হয়। উহা সমস্ত বিঘ্ন বিনাশ করে। তাহার পর গণেশের মুদ্রার লক্ষণ বলিতেছি ॥ ৭৪-৭৫

দক্ষিণ হস্তকে মুষ্টিবদ্ধ করিয়া মধ্যমা অঙ্গুলিকে উত্তানভাবে ঊর্ধ্বমুখ করিয়া সরল করিলে আগম বিশারদ পণ্ডিতগণ উহাকে দন্তমুদ্রা বলিয়াছেন ॥ ৭৬

বামমুষ্টির তর্জনীর সহিত দক্ষিণ মুষ্টির তর্জনীকে সংযুক্ত করিয়া দুই অঙ্গুষ্ঠের অগ্রভাগ নিজ নিজ তর্জনীর অগ্রে স্থাপন করিলে ইহাকে পণ্ডিতগণ পাশমুদ্রা বলেন ॥ ৭৭-৭৮

দক্ষিণ মধ্যমা অঙ্গুলিকে সরল করিয়া উহার মধ্যপর্বে তর্জনীকে সংযুক্ত করিয়া ঐ তর্জনীকে কিছুটা কুঞ্চিত করিলে উহা অঙ্কুশ মুদ্রা হয় ॥ ৭৮-৭৯

তর্জনী ও মধ্যমার সন্ধিস্থান দিয়া অঙ্গুষ্ঠকে বাহির করিয়া দক্ষিণ হস্তকে

১। তর্জনী-মধ্যমানামা-কনিষ্ঠাঙ্গুষ্ঠ-মুষ্টিকেতি ক্বচিৎ পাঠঃ।

১ বীজপূরাহ্বয়া মুদ্রাঽপ্রসিদ্ধত্বাদুপেক্ষিতা।
শাক্তেয়ানাঞ্চ মুদ্রাণাং কথ্যন্তে লক্ষণান্যথ ॥ ৮১
পাশাঙ্কুশ-বরাভীতিধনুর্বাণাঃ সমীরিতাঃ।
৪ কনিষ্ঠানামিকে বদ্ধ্বা স্বাঙ্গুষ্ঠেনৈব দক্ষতঃ ॥ ৮২
শ্লিষ্টাঙ্গুলী চ প্রসৃতে সংসৃষ্টে খড়্গমুদ্রিকা।
বামহস্তং তথা তির্য্যক্ কৃত্বা চৈব প্রসারয়েৎ ॥ ৮৩
আকুঞ্চিতাঙ্গুলীঃ কুর্য্যাচ্চর্ম্মমুদ্রেয়মীরিতা।
৮ মুষ্টিং কৃত্বা তু হস্তাভ্যাং বামস্যোপরি দক্ষিণাম্ ॥ ৮৪
কুর্য্যান্মুষলমুদ্রেয়ং সর্ববিঘ্ন-বিনাশিনী।
মুষ্টিং কৃত্বা করাভ্যাঞ্চ বামস্যোপরি দক্ষিণাম্ ॥ ৮৫
কৃত্বা শিরসি সংযোজ্যা দুর্গামুদ্রেয়মীরিতা।
১২ চক্রমুদ্রাং তথা বদ্ধ্বা মধ্যমে দ্বে প্রসার্য্য চ ॥ ৮৬
কনিষ্ঠিকে তথানীয় তদগ্রেঽঙ্গুষ্ঠকৌ ক্ষিপেৎ।

মুষ্টিবদ্ধ করিয়া মধ্যম অঙ্গুলিকে দীর্ঘাকার অধোমুখ করিলে বিঘ্নমুদ্রা হয়। পরশুমুদ্রা কথিত হইয়াছে। লড্ডু মুদ্রা প্রসিদ্ধ ॥ ৮০

বীজপূর নামক মুদ্রা অপ্রসিদ্ধ (অপ্রচলিত) বলিয়া উপেক্ষা করা হইল। অনন্তর শক্তিমুদ্রার লক্ষণ সমূহ বলিতেছি ॥ ৮১

শক্তিমুদ্রার মধ্যে পাশ, অঙ্কুশ, বর, অভয়, ধনুঃ ও বাণমুদ্রা উক্ত হইয়াছে। দক্ষিণ কনিষ্ঠা ও অনামিকাকে দক্ষিণ অঙ্গুষ্ঠের দ্বারা আঁকড়াইয়া ধরিয়া অবশিষ্ট তর্জনী ও মধ্যমা অঙ্গুলিকে পরস্পর সংলগ্ন করিয়া প্রসারিত করিলে খড়্গমুদ্রা হয় ॥ ৮২-৮৩

বাম হস্তকে তির্য্যক্ করিয়া প্রসারিত করিবে এবং অঙ্গুলিগুলিকে কিছু কুঞ্চিত করিলে উহা চর্ম্মমুদ্রা নামে কথিত হয় ॥ ৮৩-৮৪

দুই হস্তের দ্বারা মুষ্টি বন্ধন করিয়া বাম মুষ্টির উপরে দক্ষিণ মুষ্টি স্থাপন করিলে উহা মুষল মুদ্রা হয়। উহা সমস্ত বিঘ্নের নাশ করে ॥ ৮৪-৮৫

দুই হস্তের দ্বারা মুষ্টিবন্ধন করিয়া বাম মুষ্টির উপরে দক্ষিণ মুষ্টি রাখিয়া মস্তকে সংযুক্ত করিলে উহা দুর্গামুদ্রা নামে কথিত হইয়া থাকে ॥ ৮৫-৮৬

পূর্বোক্তরূপ চক্রমুদ্রা রচনা করিয়া, দুইটি মধ্যমাকে প্রসারিত করিয়া, দুইটি

১ লক্ষ্মীমুদ্রা পরা হ্যেষা সর্বসম্পৎ-প্রদায়িনী ॥ ৮৭
মুদ্‌গরং পাশ-জিহ্বে চাপ্রসিদ্ধত্বাদুপেক্ষিতে ॥
বামাঙ্গুষ্ঠমধঃ কৃত্বা অঙ্গুলীভির্নিরুধ্য চ ॥ ৮৮
৪ ব্রাহ্মী মুদ্রেতি বিখ্যাতা ব্রহ্মাস্ত্রজপকর্মণি।
বীণাবাদনবদ্ ধস্তৌ কৃত্বা সঞ্চালয়েচ্ছিরঃ ॥ ৮৯
বীণামুদ্রা সমাখ্যাতা সরস্বত্যাঃ প্রিয়ঙ্করী।
বামমুষ্টিঃ স্বাভিমুখী বদ্ধা পুস্তকমুদ্রিকা ॥ ৯০
৮ দক্ষিণাঙ্গুষ্ঠ-তর্জন্যাবগ্র-লগ্নে পরাঙ্গুলীঃ।
প্রসার্য্য সংহতোত্তানা এষা ব্যাখানমুদ্রিকা ॥ ৯১
রামস্য চ সরস্বত্যা অত্যন্তপ্রেয়সী মতা।
মণিবন্ধস্থিতৌ কৃত্বা প্রসৃতাঙ্গুলিকৌ করৌ ॥ ৯২
১২ কনিষ্ঠাঙ্গুষ্ঠ-যুগলে মিলিত্বান্তঃ প্রসারয়েৎ।
সপ্তজিহ্বাখ্যমুদ্রেয়ং বৈশ্বানর-প্রিয়ঙ্করী ॥ ৯৩

কনিষ্ঠাকে সেইরূপ আনিয়া তাহাদের অগ্রভাগে অঙ্গুষ্ঠকে স্থাপন করিলে উহা লক্ষ্মীমুদ্রা হয়। ইহা শ্রেষ্ঠ ও সমস্ত সম্পৎপ্রদায়িনী ॥ ৮৭

মুদ্‌গর, পাশ ও জিহ্বামুদ্রা পূজায় অপ্রচলিত বলিয়া তাহা উপেক্ষিত হইল। বাম অঙ্গুষ্ঠকে অধোমুখ করিয়া অবশিষ্ট অঙ্গুলি সমূহের দ্বারা আঁকড়াইয়া ধরিলে ব্রাহ্মীমুদ্রা হয়। উহা ব্রহ্মাস্ত্র মন্ত্রের জপকার্য্যে দেখাইতে হয়। ॥ ৮৮-৮৯

বীণাবাদন কালে হস্তের যেরূপ আকার হয়, সেই রূপ হস্ত করিয়া মস্তক সঞ্চালন করিলে উহা বীণামুদ্রা বলিয়া কথিত হয়। উহা সরস্বতীর প্রিয়করী। বামমুষ্টিকে নিজের অভিমুখ করিলে পুস্তকমুদ্রা হয় ॥ ৮৯-৯০

দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জনীর অগ্রভাগ পরস্পর সংযুক্ত করিয়া অবশিষ্ট অঙ্গুলিগুলিকে সংহত করিয়া উত্তানভাবে চিৎ করিলে উহা ব্যাখ্যান মুদ্রা হয়। এই মুদ্রা শ্রীরাম ও সরস্বতীর অত্যন্ত প্রিয় বলিয়া প্রসিদ্ধ ॥ ৯১-৯২

দুই হস্ত মণিবন্ধে সংযুক্ত করিয়া অঙ্গুলিগুলিকে প্রসারিত করিয়া কনিষ্ঠা অঙ্গুষ্ঠ দুইটিকে পরস্পর সংযুক্ত করিয়া মধ্যে প্রসারিত করিলে উহা সপ্তজিহ্বা-নামক মুদ্রা হয়। উহা অগ্নিদেবের প্রিয়করী ॥ ৯২-৯৩

১ কনিষ্ঠাঙ্গুষ্ঠকৌ সক্তৌ করয়োরিতরেতরম্।
তর্জনী-মধ্যমানামাঃ সংহতা ভুগ্নবর্জিতাঃ ॥ ৯৪
মুদ্রৈষা গালিনী প্রোক্তা শঙ্খস্যোপরি চালিতা।
৪ দক্ষাঙ্গুষ্ঠং পরাঙ্গুষ্ঠে ক্ষিপ্ত্বা হস্তদ্বয়েন তু ॥ ৯৫
সাবকাশামেকমুষ্টিং কুর্য্যাৎ সা কুম্ভমুদ্রিকা।
মুষ্ট্যোরূর্দ্ধীকৃতাঙ্গুষ্ঠৌ তর্জন্যগ্রে তু বিন্যসেৎ ॥ ৯৬
সর্বরক্ষাকরী হ্যেষা কুম্ভমুদ্রা সমীরিতা।
৮ প্রসৃতাঙ্গুলিকৌ হস্তৌ মিথঃ শ্লিষ্টৌ চ সম্মুখৌ ॥ ৯৭
কুর্য্যাৎ স্বহৃদয়ে চেয়ং মুদ্রা প্রার্থনসংজ্ঞিকা।
অঞ্জল্যাঽঞ্জলিমুদ্রা স্যাদ্ বাসুদেব-প্রিয়ৈব সা[১] ॥ ৯৮
অঙ্গুষ্ঠাবুন্নতৌ কৃত্বা মুষ্ট্যোঃ সংলগ্নয়োর্দ্বয়োঃ।
১২ তাবেবাভিমুখৌ কুর্য্যান্ মুদ্রৈষা কালকর্ণিকা ॥ ৯৯
দক্ষিণা-মুষ্টি-নিবিড়া নাসিকার্পিত-তর্জনী।
মুদ্রা বিস্ময়-সংজ্ঞা স্যাদ্ বিস্ময়াবেশ-কারিণী ॥ ১০০

দুই হস্তের কনিষ্ঠা ও অঙ্গুষ্ঠকে অন্যোন্যভাবে অর্থাৎ দক্ষিণ কনিষ্ঠাতে বাম অঙ্গুষ্ঠ ও বাম কনিষ্ঠাতে দক্ষিণ অঙ্গুষ্ঠ সংলগ্ন করিয়া তর্জনী, মধ্যমা ও অনামা সকলকে সংহত করিয়া বক্রিমরহিত (সরল) করিলে উহা গালিনী মুদ্রা বলিয়া কথিত হয়। উহা শঙ্খের উপর চালনা করিতে হয় ॥ ৯৪-৯৫

দক্ষিণ অঙ্গুষ্ঠকে অন্য অঙ্গুষ্ঠের উপর রাখিয়া দুই হস্তের দ্বারা এমনভাবে একটি মুষ্টি করিবে, যাহাতে ঐ মুষ্টিতে ফাঁক থাকে। এইরূপ মুষ্টিকে কুম্ভ মুদ্রা বলে ॥ ৯৫-৯৬

দুই মুষ্টির ঊর্ধ্বীকৃত অঙ্গুষ্ঠদ্বয়কে তর্জনীর অগ্রভাগে স্থাপন করিলে উহাও কুম্ভমুদ্রা নামে কথিত হয়। উহা সর্বরক্ষাকরী ॥ ৯৬-৯৭

প্রসারিত অঙ্গলিযুক্ত দুই হস্তকে নিজ হৃদয়ে পরস্পর সংযুক্ত করিয়া সম্মুখীন করিলে উহা প্রার্থনা নামক মুদ্রা হয়। অঞ্জলি দ্বারা অঞ্জলিমুদ্রা হয়। উহা বাসুদেবের প্রিয় ॥ ৯৭-৯৮

পরস্পর সংলগ্ন দুই মুষ্টির দুইটি অঙ্গুষ্ঠকে উন্নত করিয়া সেই দুই অঙ্গুষ্ঠকে অভিমুখ করিলে উহা কালকর্ণিকা নামক মুদ্রা হয় ॥ ৯৯

১। বাসুদেবাহ্বয়া চ সেতি তন্ত্রসার-ধৃত-পাঠঃ।

১ মুষ্টিরূর্ধ্বীকৃতাঽঙ্গুষ্ঠা দক্ষিণা নাদমুদ্রিকা।
তর্জন্যঙ্গুষ্ঠ-সংযোগাদগ্রতো বিন্দুমুদ্রিকা ॥ ১০১
অধোমুখে বামহস্তে ঊর্ধ্বাস্যং দক্ষহস্তকম্।
৪ ক্ষিপ্ত্বাঽঙ্গুলীভিঃ সংযোজ্য হস্তৌ তু পরিবর্ত্তয়েৎ ॥ ১০২
এষা সংহার-মুদ্রা স্যাদ্ বিসর্জন-বিধৌ মতা।
দক্ষপাণি-পৃষ্ঠদেশে বামপাণি-তলং ন্যসেৎ ॥ ১০৩
অঙ্গুষ্ঠৌ চালয়েৎ সম্যঙ্ মুদ্রেয়ং মৎস্যরূপিণী।
৮ বামহস্তস্য তর্জন্যাং দক্ষিণস্য কনিষ্ঠিকাম্ ॥ ১০৪
তথা দক্ষিণ-তর্জন্যাং বামাঙ্গুষ্ঠং নিযোজয়েৎ।
উন্নতং দক্ষিণাঙ্গুষ্ঠং বামস্য মধ্যমাদিকাঃ ॥ ১০৫
অঙ্গুলীর্যোজয়েৎ পৃষ্ঠে দক্ষিণস্য করস্য চ।
১২ কূর্মপৃষ্ঠ-সমং কুর্য্যাদ্ দক্ষপাণিঞ্চ সর্বতঃ ॥ ১০৬
কূর্মমুদ্রেয়মাখ্যাতা দেবতা-ধ্যানকর্মণি।
অন্তরাঙ্গুষ্ঠ-মুষ্টিং তু কৃত্বা বামকরস্য চ ॥ ১০৭

দক্ষিণ মুষ্টি দৃঢ় করিয়া উহার তর্জনীকে নাসিকার উপর স্থাপন করিলে উহা বিস্ময় নামক মুদ্রা হয়। উহা লোককে বিস্ময়াবিষ্ট করে ॥ ১০০

দক্ষিণ মুষ্টি হইতে অঙ্গুষ্ঠকে ঊর্ধ্বগত করিলে নাদমুদ্রা হয়। তর্জনী ও অঙ্গুষ্ঠের অগ্রভাগ সংযুক্ত হইলে বিন্দুমুদ্রা হয় ॥ ১০১

অধোমুখ বাম হস্তের উপর দক্ষিণ হস্তকে ঊর্ধ্বমুখে রাখিয়া বাম হস্তের অঙ্গুলির ফাঁকে দক্ষিণ হস্তের অঙ্গুলিগুলিকে ঢুকাইয়া দিয়া, হাত দুইটিকে মোচড় দিয়া ঘুরাইয়া দিলে উহা সংহার মুদ্রা হয়। উহা দেবতার বিসর্জন ক্রিয়াতে প্রযুক্ত হয় ॥ ১০৪-১০৬

দক্ষিণ হস্তের পৃষ্ঠদেশে বাম হস্ততল স্থাপন করিয়া মৎস্যের ন্যায় দুই অঙ্গুষ্ঠকে নাড়িতে থাকিলে উহা মৎস্যমুদ্রা হয় ॥ ১০১-১০৩

বাম হস্তের তর্জনীতে দক্ষিণ কনিষ্ঠা, এরূপ দক্ষিণ তর্জনীতে বাম অঙ্গুষ্ঠ সংযুক্ত করিয়া দক্ষিণ অঙ্গুষ্ঠকে উন্নত করিবে। দক্ষিণ হস্তের পৃষ্ঠদেশে বাম-হস্তের অঙ্গুলিগুলি সংযুক্ত করিয়া, বাম হস্তের পিতৃতীর্থে দক্ষিণ হস্তের মধ্যমা ও অনামিকাকে অধোমুখে স্থাপন করিয়া, দক্ষিণ হস্তকে সর্বতোভাবে কূর্মপৃষ্ঠের

১ মধ্যমাদ্যা দক্ষিণস্য তথানম্য প্রযত্নতঃ।
মধ্যাঙ্কেনাথ তর্জন্যা অঙ্গুষ্ঠাগ্রং তু যোজয়েৎ॥ ১০৮
দক্ষিণং যোজয়েৎ পাণিং বামমুষ্টৌ তু সাধকঃ।
৪ দর্শয়েদ্ দক্ষিণে ভাগে মুণ্ডমুদ্রেয়মুচ্যতে॥ ১০৯
যোনিমুদ্রা চ বক্তব্যা বীজাখ্যাপি চ ভূতিনী।
পরিবর্ত্ত্য করৌ স্পৃষ্টৌ কনিষ্ঠাকৃষ্ট-মধ্যমে॥ ১১০
অনামাযুগলং চাধস্তর্জনীযুগলং পৃথক্।
৮ অন্যোন্য-নিবিড়ং বদ্ধ্বাঽঙ্গুষ্ঠাগ্রেঽনামিকে ততঃ॥
দানব-ধূমকেত্বাখ্যা মুদ্রৈষা কথিতা প্রিয়ে॥ ১১১
বক্ত্রং বিস্তারিতং কৃত্বাঽপ্যধো জিহ্বাঞ্চ চালয়েৎ।
পার্শ্বস্থং মুষ্টিযুগলং লেলিহানেতি কীর্ত্তিতা॥ ১১২
১২ যোনির্মায়াঽধরঃ সেন্দু-বধূঃ কূর্চং ক্রমাদ্ বিদুঃ।
বীজানি চোচ্চরন্ মন্ত্রী মুদ্রাবন্ধনমাচরেৎ॥ ১১৩

ন্যায় করিলে উহা কূর্মমুদ্রা নামে কথিত হয়। উহা দেবতার ধ্যান কার্য্যে প্রযুক্ত হয়॥ ১০৩-১০৭

মুষ্টিবদ্ধ বাম হস্তের অঙ্গুলিগুলির ভিতরে অঙ্গুষ্ঠকে প্রবেশ করাইয়া দক্ষিণ হস্তের মধ্যমা প্রভৃতি অঙ্গুলিগুলিকে যত্ন সহকারে আনত করিয়া দক্ষিণ হস্তের তর্জনীর মধ্যপর্বে অঙ্গুষ্ঠের অগ্রভাগ সংযুক্ত করিয়া এইরূপ দক্ষিণ হস্তকে বামমুষ্টির উপরে স্থাপন করিয়া সাধক দেবতার দক্ষিণদিকে দেখাইলে উহা মুণ্ডমুদ্রা নামে কথিত হয়॥ ১০৭-১০৯

(তারার) যোনিমুদ্রা এবং বীজমুদ্রা ও ভূতিনী মুদ্রা পরে বলা হইবে। দুই কনিষ্ঠা দ্বারা দুই মধ্যমাকে আঁকড়াইয়া ধরিয়া, দুই হাতকে পরিবর্ত্তিত করিয়া অর্থাৎ মোচড় দিয়া ঘুরাইয়া, দুই অনামাকে অধোদিক্ করিয়া, দুই তর্জনীকে পৃথক্ করিয়া পরস্পর দৃঢ়ভাবে আঁকড়াইয়া, দুই অঙ্গুষ্ঠের অগ্রে দুই অনামিকাকে সংযুক্ত করিলে হে প্রিয়ে! উহা দানব ধূমকেতু নামক মুদ্রা বলিয়া কথিত হয়॥ ১১০-১১১

মুখ ব্যাদান করিয়া জিহ্বা বাহির করিয়া অধোদিকে নাড়িতে থাকিবে এবং দুই হস্ত-মুষ্টিকে দুই পাশে রাখিলে উহা লেলিহানা মুদ্রা বলিয়া কথিত হয়॥ ১১২

১ তর্জনী-মধ্যমানামাঃ সমং কুর্য্যাদধোমুখীঃ।
অনামায়াং ক্ষিপেদ্ বৃদ্ধামৃজ্বীং কৃত্বা কনিষ্ঠিকাম্॥ ১১৪
লেলিহা নাম মুদ্রেয়ং জীবন্যাসে প্রকীর্ত্তিতা।
৪ তর্জন্যনামিকা-মধ্যা কনিষ্ঠাক্রমযোগতঃ॥ ১১৫
করয়োর্যোজয়েত্যেব কনিষ্ঠা-মূলযোগতঃ।
অঙ্গুষ্ঠাগ্রে তু নিঃক্ষিপ্য মহাযোনিঃ প্রকীর্ত্তিতা।
বামকেশ্বরতন্ত্রোক্তাঃ প্রকাশ্যন্তেঽত্র মুদ্রিকাঃ॥ ১১৬
৮ শ্রীশিব উবাচ—
শৃণু দেবি! প্রবক্ষ্যামি মুদ্রাঃ সর্বার্থসিদ্ধিদাঃ।
যাভির্বিরচিতাভিস্তু সান্নিধ্যা ত্রিপুরা ভবেৎ॥ ১১৭
পরিবর্ত্ত্য করৌ স্পৃষ্টাবঙ্গুষ্ঠৌ কারয়েৎ সমৌ।
১২ অনামান্তর্গতে কৃত্বা তর্জন্যৌ কুটিলাকৃতী॥ ১১৮
কনিষ্ঠিকে নিযুঞ্জীত নিজস্থানে মহেশ্বরি!।
ত্রিখণ্ডেয়ং সমাখ্যাতা ত্রিপুরাহ্বান-কর্মণি[১]॥ ১১৯

সাধক যোনি বীজ ঐং. মায়া বীজং হ্রীং, অধরবীজ ঐং, বধূবীজ স্ত্রীং ও কূর্চবীজ হূং—এই পাঁচটী বীজ যথাক্রমে উচ্চারণ করিতে করিতে মুদ্রাবন্ধন করিবে॥ ১১৩

দক্ষিণ হস্তের তর্জনী, মধ্যমা ও অনামাকে সমানভাবে অধোমুখী করিবে। অনামাতে বৃদ্ধাঙ্গুষ্ঠ যুক্ত করিয়া কনিষ্ঠাকে সরল করিলে উহা লেলিহা নামক মুদ্রা বলিয়া কথিত হয়। প্রাণপ্রতিষ্ঠায় এই মুদ্রার প্রয়োগ হয়॥ ১১৪-১১৫

দুই হস্তের তর্জনী, অনামা, মধ্যমা ও কনিষ্ঠাকে যথাক্রমে পরস্পর যুক্ত করিয়া, দুই কনিষ্ঠার মূলদেশে দুই অঙ্গুষ্ঠের অগ্রভাগ যোগ করিলে মহাযোনি মুদ্রা হয়। বামকেশ্বর তন্ত্রোক্ত মুদ্রা সমূহ এখন প্রকাশ করিতেছি॥ ১১৫-১১৬

শ্রী শিব বলিলেন—হে দেবি! যে মুদ্রাসমূহ রচনা করিলে ত্রিপুরা দেবী সন্নিহিতা হন, সর্বার্থসিদ্ধি প্রদ সেই মুদ্রা সমূহ বলিব—শ্রবণ কর॥ ১১৭

পরস্পর সংযুক্ত দুই হস্তকে পরিবর্ত্তিত করিয়া অর্থাৎ ঘুরাইয়া দুই অঙ্গুষ্ঠকে সমান করিবে। দুই তর্জনীকে অনামার অন্তর্গত করিয়া বাঁকাইয়া কনিষ্ঠা

১। ত্রিপুরাধ্যানকর্মণীতি ক্বচিৎ পাঠঃ।

১ মধ্যমা-মধ্যগে কৃত্বা কনিষ্ঠেঽঙ্গুষ্ঠরোধিতে।
তর্জন্যৌ দণ্ডবৎ কৃত্বা মধ্যমোপর্য্যনামিকে।
এষা তু প্রথমা মুদ্রা সর্বসংক্ষোভকারিণী ॥ ১২০
৪ এতস্যা এব মুদ্রায়া মধ্যমে সরলে যদা।
ক্রিয়েতে পরমেশানি সর্ব-বিদ্রাবিণী[১] ভবেৎ ॥ ১২১
মধ্যমা-তর্জনীভ্যাস্তু কনিষ্ঠানামিকে সমে।
অঙ্কুশাকাররূপাভ্যাং মধ্যমে পরমেশ্বরি ! ॥ ১২২
৮ অঙ্গুষ্ঠং তু নিযুঞ্জীত কনিষ্ঠানামিকোপরি।
ইয়মাকর্ষণী মুদ্রা ত্রৈলোক্যাকর্ষিণী মতা ॥ ১২৩
পুটাকারৌ করৌ কৃত্বা তর্জন্যাবঙ্কুশাকৃতী।
পরিবর্ত্ত-[২]ক্রমেণৈব মধ্যমে তদধোগতে ॥ ১২৪
১২ ক্রমেণ দেবি ! তৈনেব কনিষ্ঠানামিকে তথা।
সংযোজ্য নিবিড়াঃ সর্বা অঙ্গুষ্ঠস্যাগ্রদেশতঃ।
মুদ্রেয়ং পরমেশানি ! সর্ববশ্যকরী মতা ॥ ১২৫

দুইটিকে নিজস্থানে রাখিবে। হে মহেশ্বরি ! ইহাই ত্রিখণ্ডা মুদ্রা বলিয়া কথিত হইয়াছে। ত্রিপুরার আবাহন (বা ধ্যান) কার্য্যে ইহার প্রয়োগ হয় ॥ ১১৮-১১৯

দুই হস্তের দুই কনিষ্ঠাকে অঙ্গুষ্ঠ দ্বারা আঁকড়াইয়া ধরিয়া, দুই মধ্যমার মধ্যস্থানে সংযুক্ত করিয়া, দুইটি তর্জনীকে দণ্ডবৎ সরল করিয়া দুই মধ্যমার পৃষ্ঠে দুই অনামিকাকে রাখিলে উহা সংক্ষোভকারিণী নামক প্রথমা (শ্রেষ্ঠ) মুদ্রা হইয়া থাকে ॥ ১২০

হে পরমেশানি ! এই মুদ্রা করিয়া যখন মধ্যমা দুইটিকে সরল করিবে, তখন উহা সর্ব-বিদ্রাবিণী মুদ্রা হইয়া থাকে ॥ ১২১

হে পরমেশ্বরি। অঙ্কুশাকার মধ্যমা ও তর্জনীর সহিত কনিষ্ঠা ও অনামাকে সরল করিয়া কনিষ্ঠা ও অনামার উপরে অঙ্গুষ্ঠ স্থাপন করিলে উহা আকর্ষিণী মুদ্রা বলিয়া কথিত হইয়া থাকে। উহা ত্রৈলোক্যকে আকর্ষণ করিতে পারে ॥ ১২২-১২৩

হে দেবি ! দুই হস্ত পুটাকার করিয়া দুইটি তর্জনীকে অঙ্কুশাকার করিয়া, পরিবর্ত্তনক্রমে দুই মধ্যমাকে দুই তর্জনীর পৃষ্ঠে রাখিয়া, এই ক্রমে কনিষ্ঠা ও

১। তদ্: বিদ্রাবিণীতি ক্বচিৎ পাঠঃ। ২। পরিবর্ত্ত্য ক্রমেণেতি ক্বচিৎ পাঠঃ।

১ সম্মুখৌ তু করৌ কৃত্বা মধ্যমা-মধ্যগেঽন্ত্যজে।
অনামিকে তু সরলে তদ্বহিস্তর্জনী-দ্বয়ম্ ॥ ১২৬
দণ্ডাকারৌ ততোঽঙ্গুষ্ঠৌ মধ্যমানখ-দেশগৌ।
৪ মুদ্রৈষোন্মাদিনী নাম ক্লেদিনী[1] সর্বযোষিতাম্ ॥ ১২৭
অস্যাং ত্বনামিকাযুগ্মমধঃ কৃত্বাঽঙ্কুশাকৃতী।
তর্জন্যাবপি তেনৈব ক্রমেণ বিনিযোজয়েৎ।
ইয়ং মহাঙ্কুশা মুদ্রা সর্বকামার্থ-সাধিনী ॥ ১২৮
৮ সব্যং দক্ষিণদেশে তু সব্যদেশে তু দক্ষিণম্।
বাহুং কৃত্বা মহাদেবি! হস্তৌ সংপরিবর্ত্ত্য চ ॥ ১২৯
কনিষ্ঠানামিকে দেবি! যুক্তে[2]তেন ক্রমেণ চ।
তর্জনীভ্যাং সমাক্রান্তে সর্বোর্ধ্বমপি মধ্যমে ॥ ১৩০
১২ অঙ্গুষ্ঠৌ তু মহেশানি! সরলাবপি কারয়েৎ।
ইয়ং সা খেচরী নাম্না মুদ্রা সর্বোত্তমা মতা[3] ॥ ১৩১

অনামাকে সংযুক্ত করিয়া অর্থাৎ মধ্যমার পৃষ্ঠে অনামাকে, অনামার পৃষ্ঠে কনিষ্ঠাকে সংযুক্ত করিয়া সমস্ত অঙ্গুলিকে নিবিড় করিয়া অঙ্গুষ্ঠের অগ্রদেশে সংযুক্ত করিলে হে পরমেশানি! উহা সর্ববশ্যকরী মুদ্রা বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১২৪-১২৫

দুই হস্ত সম্মুখে করিয়া, মধ্যমার মধ্যস্থলে দুই কনিষ্ঠাকে রাখিয়া, দুইটি অনামাকে সরল করিয়া, দুই তর্জনীকে তাহার বাহিরে রাখিবে। তাহার পর দুই অঙ্গুষ্ঠকে দণ্ডাকার করিয়া মধ্যমার নখদেশে (অগ্রে) সংযুক্ত করিলে উহা উন্মাদিনী নামক মুদ্রা হইয়া থাকে। উহা সমস্ত স্ত্রীলোককে আকর্ষণ করিয়া থাকে ॥ ১২৬-১২৭

এই আকর্ষিণী মুদ্রার দুই অনামিকাকে অধোদিক্ করিয়া পূর্ব্বোক্ত ক্রমে দুইটি তর্জনীকে অঙ্কুশাকার করিলে উহা মহাঙ্কুশা নামক মুদ্রা হয়। উহা সমস্ত কাম ও অর্থ দান করিয়া থাকেন ॥ ১২৮

হে মহাদেবি! দক্ষিণ দিকে বাম বাহুকে এবং বাম দিকে দক্ষিণ বাহুকে রাখিয়া, দুই হস্তকে পরিবর্ত্তিত করিয়া অর্থাৎ ঘুরাইয়া কনিষ্ঠা ও অনামাকে

১। নাম্নাকর্ষিণীতি ক্বচিৎ পাঠঃ। ২। যুক্তেতি ক্বচিৎ। ৩। পার্থিবস্থানযোজিতেতি ক্বচিৎ।

১ পরিবর্ত্ত্য করৌ স্পৃষ্টাবর্দ্ধচন্দ্রাকৃতী প্রিয়ে ! ।
তর্জ্জন্যাঙ্গুষ্ঠযুগলং যুগপৎ কারয়েৎ ততঃ ॥ ১৩২
অধঃ কনিষ্ঠাবষ্টব্ধে মধ্যমে বিনিযোজয়েৎ ।
৪ তথৈব কুটিলে যোজ্যে সর্বাধস্তাদনামিকে ।
বীজমুদ্রেয়মচিরাৎ সর্বসম্পদ্-বিবর্দ্ধিনী ॥ ১৩৩
মধ্যমে কুটিলে কৃত্বা তর্জন্যুপরি সংস্থিতে ।
অনামিকে মধ্যগতে তথৈব হি কনিষ্ঠিকে ॥ ১৩৪
৮ সর্বা একত্র সংযোজ্যা অঙ্গুষ্ঠ-পরিপীড়িতাঃ ।
এষা তু পরমা[1]মুদ্রা যোনিমুদ্রেয়মীরিতা ॥ ১৩৫
অন্যোন্যাভিমুখৌ হস্তৌ কৃত্বা তু গ্রথিতাঙ্গুলী ।
অঙ্গুষ্ঠ-মধ্যমে ভূয়ঃ সংলগ্নে সুপ্রসারিতে ।
১২ মহামুদ্রেতি বিখ্যাতা পরা মুক্তিকরী তথা ॥ ১৩৬

যুক্ত করিয়া, সেই ক্রমে দুই তর্জনীর দ্বারা সকলের উর্দ্ধে দুই মধ্যমাকে আঁকড়াইয়া ধরিয়া দুই অঙ্গুষ্ঠকে সরল করিলে হে দেবি। ইহা সেই খেচরী নামক সর্ব্বোত্তম মুদ্রা বলিয়া কথিত হয় ॥ ১২৯-১৩১

হে প্রিয়ে। হস্ত দুইটিকে ঘুরাইয়া, পরস্পর সংযুক্ত করিয়া অর্দ্ধচন্দ্রাকার করিবে। পরে দুই তর্জনী ও দুই অঙ্গুষ্ঠকে যুগপৎ সংযুক্ত করিবে। দুই মধ্যমার নিম্নভাগ দুই কনিষ্ঠা দ্বারা চাপিবে। সমস্ত অঙ্গুলির নিম্নদিকে দুই অনামাকে সেইরূপ বক্র করিয়া যুক্ত করিলে উহা বীজমুদ্রা হইয়া থাকে। উহা অচিরে সমস্ত সম্পৎ বৃদ্ধি করে ॥ ১৩২-১৩৩

তর্জনীর উপরিভাগে (পৃষ্ঠে) সংস্থিত দুই মধ্যমাকে বক্র করিয়া, দুই অনামিকাকে দুই মধ্যমার মধ্যস্থানে রাখিয়া, সেইরূপ দুই কনিষ্ঠাকে দুই অনামার মধ্যস্থানে রাখিয়া, সমস্ত অঙ্গুলিকে একত্র সংযুক্ত করিয়া, অঙ্গুষ্ঠের দ্বারা চাপিয়া ধরিলে উহা পরমা মুদ্রা হয়। উহা যোনিমুদ্রা বলিয়া কথিত হইয়া থাকে ॥ ১৩৪-১৩৫

দুই হস্তকে পরস্পরাভিমুখী করিয়া সমস্ত অঙ্গুলিকে গ্রথিত করিবে। অঙ্গুষ্ঠ ও মধ্যমাকে পুনরায় সংযুক্ত করিয়া সুপ্রসারিত করিলে উহা মহামুদ্রা বলিয়া খ্যাত হইয়াছে। উহা পরা মুক্তিকরী ॥ ১৩৬

১। প্রথমা মুদ্রেতি কচিৎ পাঠঃ।

১ এতা মুদ্রা মহেশানি ! ত্রিপুরায়া ময়োদিতাঃ।
পূজাকালে প্রয়োক্তব্যা যথানুক্রম-যোগতঃ ॥ ১৩৭
বামহস্তেন মুষ্টিং তু বদ্ধ্বা কর্ণ-প্রদেশকে।
৪ তর্জনীং সরলাং কৃত্বা ভ্রাময়েন্মন্ত্রবিত্তমঃ।
সৌভাগ্যদায়িনী মুদ্রা ন্যাসকালেঽপি সূচিতা ॥ ১৩৮
অন্তরঙ্গুষ্ঠমুষ্ট্যা তু নিরুধ্য তর্জনীমিমাম্।
রিপুজিহ্বাগ্রহা মুদ্রা ন্যাসকালে তু সূচিতা ॥ ১৩৯
৮ বদ্ধা তু যোনিমুদ্রাং বৈ মধ্যমে কুটিলে কুরু।
অঙ্গুষ্ঠৌ চ তদগ্রে তু মুদ্রেয়ং ভূতিনী মতা ॥ ১৪০
বামমুষ্টিং বিধায়াথ তর্জনী-মধ্যমে ততঃ।
প্রসার্য্য তর্জনীমুদ্রা নির্দ্দিষ্টা বজ্রপাণিনা ॥ ১৪১
১২ ইতীদং কথিতং ভদ্রে ! মুদ্রাণাং লক্ষণং স্ফুটম্।
পূজাকালে জপে স্নানে দেবতা-সন্নিধায়কম্।
গোপ্যং কুরু মহাদেবি ! ন দেয়ং কিতবে শঠে ॥ ১৪২

হে মহেশানি ! ত্রিপুরার এই সকল মুদ্রা আমার কর্ত্তৃক কথিত হইল। পূজাকালে এই সকল মুদ্রা যথানুক্রমে প্রয়োগ করিবে ॥ ১৩৭

বাম হস্তের দ্বারা মুষ্টি করিয়া, তর্জনীকে সরল করিয়া, মন্ত্রবিৎ সাধক কর্ণ প্রদেশে ঘুরাইবে। ইহা সৌভাগ্য-দায়িনী মুদ্রা। ইহা ন্যাসকালেও প্রযুক্ত হয় ॥ ১৩৮

ভিতরে অঙ্গুষ্ঠ রাখিয়া মুষ্টি করিয়া সেই মুষ্টি দ্বারা এই তর্জনীকে চাপিয়া ধরিলে উহা রিপুজিহ্বাগ্রহা নামে মুদ্রা হয়। ন্যাসকালে এই মুদ্রার প্রয়োগ কর্ত্তব্য ॥ ১৩৯

যোনিমুদ্রা করিয়া দুইটি মধ্যমাকে কুটিল (বাঁকা) কর। তাহার অগ্রে দুই অঙ্গুষ্ঠ স্থাপন কর। উহা ভূতিনী মুদ্রা বলিয়া কথিত হইয়াছে ॥ ১৪০

বামমুষ্টি করিয়া অনন্তর উহার তর্জনী ও মধ্যমাকে প্রসারিত করিলে উহা তর্জনীমুদ্রা বলিয়া বজ্রপাণি ইন্দ্র কর্ত্তৃক কথিত হইয়াছে ॥ ১৪১

হে ভদ্রে ! মুদ্রার এই লক্ষণ সকল স্পষ্টভাবে এই প্রকারে তোমাকে বলিলাম। পূজাকালে, জপে ও স্নানে ইহা দেবতার সান্নিধ্য প্রদান করে। হে

ইতি শ্রীবামকেশ্বরতন্ত্রে উমামহেশ্বর-সংবাদে
মুদ্রানিঘণ্টুঃ সমাপ্তঃ

মহাদেবি! ইহাকে গোপন কর। ধূর্ত্ত ও প্রতারককে ইহা কখনও প্রদান করিবে না। ॥ ১৪২

বামকেশ্বরতন্ত্রে উমামহেশ্বর সংবাদে প্রকাশিত
মুদ্রানিঘণ্টুর অনুবাদ সমাপ্ত।

শুদ্ধিপত্রম্

পৃষ্ঠে	পঙ্‌ক্তৌ	অশুদ্ধম্	শুদ্ধম্
১০	৯	মানদা কাশী	মানদাকান্তো
১০	২২	মানদা,	মানদা-
১০	২৩	কাশী	কান্ত,
১০	৯	কূর্চদ্বন্দ্বং	কূচদ্বন্দ্বং
১১	২১	কূর্চদ্বন্দ্ব	কূচদ্বন্দ্ব,
১৫	২৬	শঙ্কুর্চর্ন	শঙ্কুর্বর্ন
১৮	১৬	বিষয়ঃ স্পৃহা	বিষয়-স্পৃহা
১৮	২৭	বিষয়, স্পৃহা	বিষয়-স্পৃহা
১৯	১৫	পতির্মতিঃ	পতির্ম্ৃতিঃ
১৯	২৬	মতি,	ম্বতি
২১	১৪	রাজগিরি[৭]	রাজা গিরি[৮]
২১	২৪	রাজগিরি	রাজা, গিরি (রাজগিরি)
২১	২৮	পাঠান্তরম্ পরে	৮। রাজগিরিরিতি
২৩	১৩	বামকোট্যৌ	বামকট্যৌ
২৩	২৪	বামকোটি	বামকটি
৩২	৮	জগৎ প্রাণঃ	জগৎপ্রাণঃ
৪৪	১২	থাবিপঃ	থাভিধঃ।
৪৪	২২	থাধিপ	থাভিধঃ।
৪৫	২৬	শ্চ পরেতি	শ্চাপরেতি।
৫৭	২	ধ্রূব	ধ্রুব
৬৪	১৩	মতঃ॥ ইহার পরে	॥ ল ॥ (শ্লোক অপ্রাপ্ত)
৯১	৯	গৌবিন্দো	গোবিন্দো
৯২	৯	যৃত্রো (?)	সূত্রো (?)
১১২	৩	হুবীজে	হুঁবীজে
১১৩	২১	হ্রীংবীজে	দ্রঁবীজে
১১৩	২১	হ্রোংবীজে	দ্রোংবীজে
১১৩	২৩	কম্পিনী শব্দ,	কম্পিনী ও বিদ্যুৎ শব্দ,
১১৩	২৪	ঠং বীজে বিদ্যুৎও	ঠং বীজে স্তন
১১৭	৭	আ ॥	অ ॥
১২১	১৮	সকারস্তু	ঝকারস্তু
১৩৩	৩	॥ বষট্ ॥	॥ বষট্ ॥ হুঁ ॥